# ব্যাংক
# ও
# আর্থিক প্রতিষ্ঠানে
# শারী'আহ্ বোর্ড

মো: মুখলেছুর রহমান

সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ

بسم الله الرحمن الرحيم

# ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ড

الهيئة الشرعية في البنوك والمؤسسات المالية الإسلامية

**Shari'ah Board in Islamic Banks and Financial Institutions**


**মোঃ মুখলেছুর রহমান**

সদস্য সচিব, শরীয়াহ্ কাউন্সিল

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড



সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ



www.pathagar.com

# ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ড

মোঃ মুখলেছুর রহমান

**প্রকাশনায়**
সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ
স্যুট # ৮/সি, আজাদ সেন্টার (8th floor)
৫৫ পুরানা পল্টন, জিপিও বক্স ৯৪০, ঢাকা-১০০০

©
সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ

**প্রকাশকাল ঃ জুন, ২০০৪**

**প্রচ্ছদ**
মুহম্মদ মুনীরুল হক

**বর্ণবিন্যাস**
শাকের আহমদ

**মুদ্রণ ব্যবস্থাপনায়**
সুরভী কম্পিপ্রন্ট অ্যান্ড পাবলিকেশন্স
মোবাইল # ০১৮৯-৪০৯৬১২

**মুদ্রণ**
হেরা প্রিন্টার্স
৩০/২ হেমেন্দ্র দাস রোড, সূত্রাপুর, ঢাকা-১১০০

**নির্ধারিত মূল্য ঃ ৬০ টাকা**

---

**Bank O Arthik Protishthane Shari'ah Board**
(Shari'ah Board in Islamic Banks and Financial Institutions)
By Md. Mukhlesur Rahman

**Published by**
Central Shariah Board for Islamic Banks of Bangladesh
Suite # 8/C, Azad Centre (8th floor)
55 Purana Paltan, GPO Box 940, Dhaka-1000
Phone # 880-2-7161693, Fax # 880-2-7161761

e-mail : csbib@bdcom.com
website : www.centralshariahboard.org
Publishing at June 2004
**Fixed Price : Tk. 60**
**ISBN : 984-32-1549-4**

www.pathagar.com

# লেখকের কথা

১৯৮৩ সাল থেকে বাংলাদেশে ইসলামী ব্যাংকিং কার্যক্রম শুরু হয় 'ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড'-এর প্রতিষ্ঠার মধ্যদিয়ে। সাথে সাথে শুরু হয় শারী'আহ্ বোর্ডের কাজও। সেই থেকে আজ পর্যন্ত ইসলামী ব্যাংকিং-এর বিভিন্ন দিক ও বিভাগ সম্পর্কে এদেশে কমবেশি লেখালেখি হলেও 'ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ড' নিয়ে লেখালেখি হয়নি বললেই চলে।

একটি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ড কী? এ বোর্ডের কাজইবা কী? এর সদস্য কারা হবেন, কীভাবে হবেন, এদের মর্যাদা কী হবে–শারী'আহ্ বোর্ড সংশ্লিষ্ট ইত্যাদি বিষয় নিয়ে আন্তর্জাতিক অঙ্গনে লেখালেখি হলেও বাংলাদেশে এ বিষয়ে কেউ প্রামাণ্য কিছু লিখেছেন বলে আমার জানা নেই। শারী'আহ্ বোর্ড গঠনের প্রক্রিয়া, বোর্ড সদস্যগণের যোগ্যতা, শারী'আহ্ বোর্ডের অবস্থান এদেশে একেক ব্যাংকে একেক রকম। এ বিষয়ে আন্তর্জাতিকভাবে স্বীকৃত Standard থাকলেও তা না জানার কারণে এদেশের ইসলামী ব্যাংকগুলোতে সেটা অনুশীলন করা হচ্ছে না। বিষয়টির গুরুত্ব বিবেচনায় আমি এ বিষয়ে লেখার সিদ্ধান্ত গ্রহণ করি। এ বইটির মাধ্যমে বিকাশমান ইসলামী ব্যাংক ব্যবস্থায় এ পদ্ধতির প্রাণ 'শারী'আহ্ বোর্ড'-এর অবকাঠামো, মর্যাদা, কার্যাবলী ইত্যাদি বিষয়ক প্রচলিত ধ্যান-ধারণা ও বাস্তব অনুশীলনের যথেষ্ট উন্নতি ঘটবে বলে আমার বিশ্বাস।

যাঁদের উৎসাহ-উদ্দীপনা, সাহায্য-সহযোগিতা ও দিকনির্দেশনা আমাকে এ বইটি প্রণয়নে অনুপ্রাণিত করেছে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের চেয়ারম্যান জনাব শাহ্ আব্দুল হান্নান, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিলের চেয়ারম্যান জনাব মুফতী আব্দুর রহমান, এই ব্যাংকেরই প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব এ জেড এম শামসুল আলম, ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ার সাবেক ভিসি প্রফেসর ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান তাঁদের অন্যতম। আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের বর্তমান চেয়ারম্যান জনাব আলহাজ্জ্ব আব্দুল মালেক মোল্লার অবিরাম তাগিদ ও স্নেহমিশ্রিত প্রেসার বই লেখার এ কাজকে যথেষ্ট বেগবান করেছে।

বইটির কম্পোজ ও প্রুফ দেখায় সহায়তা করেছে আমার স্নেহের মুনীর, শাকের ও মিজান। বিষয়বস্তুর বিন্যাস ও আনুষঙ্গিক মানোন্নয়নে যাঁদের ভূমিকা অনস্বীকার্য তাঁরা হলেন বিশিষ্ট ঐতিহাসিক, প্রাবন্ধিক ও সাহিত্যিক জনাব আশরাফুল ইসলাম এবং ঔপন্যাসিক, গীতিকার ও নাট্যকার জনাব মোশাররফ হোসাইন সাগর। এছাড়া যাঁরা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে ভূমিকা রেখেছেন তাঁদের সকলের জন্য আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার মহান দরবারে উত্তম প্রতিদান কামনা করছি।

বইটির বিষয় বিন্যাস করা হয়েছে আমার চিন্তা-চেতনার আলোকে। এ গ্রন্থে নির্ভুল তথ্য ও সঠিক বক্তব্য উপস্থাপনের জন্য আমি আন্তরিকভাবে চেষ্টা করেছি। শত চেষ্টার পরেও কিছু ভুল থাকাটা অসম্ভব নয়। যেকোন ধরনের ভুল কেউ ধরিয়ে দিলে তা কৃতজ্ঞতার সাথে গ্রহণ করে পরবর্তী সংস্করণে শুধরানো হবে, ইনশাআল্লাহ! বইটির সার্বিক উন্নয়নে পরামর্শ প্রদানের জন্য সুধী পাঠকবৃন্দের প্রতি রইলো আমার বিনীত অনুরোধ।

*মোঃ মুখলেছুর রহমান*

www.pathagar.com

# সূচিপত্র


| | |
|---|---|
| ভূমিকা | ০৭ |
| শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের পরিচয় | ১০ |
| শারী'আহ্ বোর্ডের স্বাধীনতা | ১৩ |
| উচ্চতর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড | ১৭ |
| শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রয়োজনীয়তা | ২০ |
| শারী'আহ সুপারভাইজরী বোর্ড গঠনের অপরিহার্যতা | ২৪ |
| শারী'আহ সুপারভাইজরী বোর্ড গঠনের প্রক্রিয়া | ২৭ |
| শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যগণের যোগ্যতা | ২৯ |
| পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক সদস্য হতে পারবেন কি না | ৩০ |
| সদস্য হিসেবে আইনবিদ/অর্থনীতিবিদ/ব্যাংকার অন্তর্ভুক্তকরণ | ৩২ |
| শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড সভা | ৩৬ |
| শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যগণের সম্মানী | ৩৭ |
| শারী'আহ সুপারভাইজরী বোর্ডের সদস্যসংখ্যা | ৩৯ |
| শারী'আহ্ বোর্ড নির্বাহী কমিটি | ৪১ |
| একই ব্যক্তির একাধিক বোর্ডের সদস্য হওয়া | ৪৩ |
| শারী'আহ সুপারভাইজরী বোর্ড সচিবালয় | ৪৪ |
| শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ফত্ওয়া ও সিদ্ধান্ত | ৪৬ |
| শারী'আহ্ বোর্ডের সিদ্ধান্তাবলী বাস্তবায়নের দায়িত্ব কার | ৫১ |
| শারী'আহ্ বোর্ডের চেয়ারম্যান ও সদস্য সচিব | ৫৩ |
| মুরাক্বিব | ৫৬ |
| ১. মুরাক্বিবের প্রয়োজনীয়তা | ৫৬ |
| ২. মুরাক্বিবগণের স্বাধীনতা ও দায়বদ্ধতা | ৫৭ |
| ৩. মুরাক্বিবগণের যোগ্যতা | ৫৯ |
| ৪. মুরাক্বিবগণের নিয়োগ | ৬৩ |
| ৫. মুরাক্বিবগণের দায়িত্ব ও কর্তব্য | ৬৩ |
| শারী'আহ্ বোর্ডের প্রতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব ও কর্তব্য | ৭১ |
| ১. ব্যাংকিং লেনদেন সংক্রান্ত যাবতীয় তথ্য সরবরাহ | ৭১ |
| ২. নতুন কার্যক্রমের শুরুতে তা অবহিত করা | ৭৩ |


www.pathagar.com

| | | |
|---|---|---|
| ৩. | যে প্রকল্প বা চুক্তিতে শারী'আহ্ বোর্ডের ভেটো রয়েছে তা ব্যবহারের পূর্বে নতুন করে রায় নেয়া | ৭৫ |
| ৪. | শারী'আহ্ বোর্ডের চাহিদানুযায়ী যেকোন বিষয়ের ব্যাখ্যা পেশ করা | ৭৬ |
| ৫. | রুটিনমাফিক পর্যালোচনার পদ্ধতি প্রণয়ন করা | ৭৭ |
| ৬. | শারী'আহ্ বোর্ডের সাথে গ্রাহকের মিটিং-এর ব্যবস্থা করা | ৭৮ |
| ৭. | অন্যকোন প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হতে হলে সে প্রতিষ্ঠানের চুক্তিপত্র ও দলিলাদি শারী'আহ্ বোর্ডে উপস্থাপন | ৭৯ |
| ৮. | মুরাক্বিবগণকে প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান | ৮০ |
| শারী'আহ্ বোর্ডের সদস্যপদ থেকে অব্যাহতি প্রদান | | ৮১ |
| শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ক্ষমতা ও মর্যাদা | | ৮২ |
| শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ভূমিকা ও কার্যাবলী | | ৮৫ |
| ১. | ব্যাংকের যাবতীয় নিয়ম-কানুন স্টাডি ও পরীক্ষা করা | ৮৭ |
| ২. | শারী'আহ্ নিরীক্ষা ও পরিদর্শন | ৮৮ |
| ৩. | জনশক্তিকে প্রশিক্ষণ প্রদান | ৯২ |
| ৪. | শারী'আহ্ বিষয়ক সার্কুলার জারি | ৯৩ |
| ৫. | চুক্তিপত্র নিরীক্ষণ | ৯৩ |
| ৬. | চুক্তিপত্র, প্রজেক্ট পরিচিতি ইত্যাদি ডকুমেন্টস্ তৈরিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহযোগিতা করা | ৯৫ |
| ৭. | নতুন প্রোডাক্ট উদ্ভাবন | ৯৬ |
| ৮. | নতুন প্রোডাক্ট সম্পর্কে মতামত প্রদান | ৯৯ |
| ৯. | পরিচালনা পরিষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক উপস্থাপিত বিষয় স্টাডি করা এবং সে সম্পর্কে শার'ঈ মতামত প্রদান করা | ১০০ |
| ১০. | প্রতিষ্ঠানের স্বার্থ সংরক্ষণ/যথাযথ গ্রাহক মনোনয়নে ভূমিকা পালন | ১০১ |
| ১১. | ইসলামী ব্যাংকিং বিষয়ে গণসচেতনতা সৃষ্টি | ১০২ |
| ১২. | ফত্ওয়া/শারী'আহ্ বিষয়ক সিদ্ধান্ত প্রদান | ১০৩ |
| ১৩. | পরামর্শ/সুপারিশ প্রদান | ১০৪ |
| ১৪. | তদারকি (SUPERVISION) | ১০৪ |
| ১৫. | নীতিনির্ধারণী ফোরামে প্রতিনিধিত্ব | ১০৪ |
| ১৬. | ACR মার্ক | ১০৫ |
| ১৭. | শারী'আহ্ গবেষণা | ১০৫ |
| ১৮. | অননুমোদিত পন্থায় অর্জিত আয় জনকল্যাণে ব্যয় নিশ্চিত করা | ১০৭ |
| ১৯. | লাভ-লোকসান হিসাব অনুমোদন | ১০৭ |


www.pathagar.com

২০. সংবিধান, নীতিমালা ও সংস্থার অবকাঠামো অনুমোদন ১০৮
২১. লেনদেন ছাড়া অন্যান্য বিষয় দেখাশোনা করা ১০৮
২২. ব্যাংকের গ্রাহকদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান ১১০
২৩. ব্যাংকের জনশক্তি বা অন্যকোন প্রতিষ্ঠানের বিভিন্ন জিজ্ঞাসার জবাব প্রদান ১১১
২৪. সালিশীর দায়িত্ব পালন ১১২
২৫. বার্ষিক প্রতিবেদন প্রদান ১১৩

শারী'আহ্ বোর্ডের প্রতিবেদনের মৌলিক উপাদান ১১৫

১. শিরোনাম ১১৫
২. সম্বোধন ১১৫
৩. প্রারম্ভিক অনুচ্ছেদ ১১৫
৪. কাজের ধরন ও প্রকৃতির বর্ণনা সংক্রান্ত অনুচ্ছেদ ১১৫
৫. ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়-দায়িত্ব সংক্রান্ত বক্তব্য ১১৬
৬. কার্যক্ষেত্রের পরিধি অনুচ্ছেদ (SCOPE PARAGRAPH) ১১৭
৭. মতামত অনুচ্ছেদ ১১৮
৮. প্রতিবেদনের তারিখ ১১৯
৯. শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের স্বাক্ষর ১২০
১০. শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদন প্রকাশ ১২০

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনের কয়েকটি নমুনা

১. AAOIFI কর্তৃক প্রণীত Example Report ১২১
২. AAOIFI কর্তৃক প্রণীত নমুনা প্রতিবেদনের বাংলা অনুবাদ ১২২
৩. ফয়সাল ইসলামিক ব্যাংক, মিশর-এর প্রতিবেদনের নমুনা ১২৪
৪. বাহরাইন ইসলামিক ব্যাংক-এর প্রতিবেদনের নমুনা (ইংরেজি) ১২৬
৫. বাহরাইন ইসলামিক ব্যাংক-এর প্রতিবেদনের নমুনা ('আরাবী) ১২৮
৬. ইন্দোনেশিয়ার Bank Shari'ah Mandiri-এর প্রতিবেদনের নমুনা ১৩০

যৌথ শারী'আহ্ বোর্ড গঠন ১৩১
সেন্ট্রাল শরীয়াহ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ ১৩২
সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড-এর কার্যাবলী ১৩৪
বাংলাদেশের শারী'আহ্ কাউন্সিল/বোর্ডসমূহের অবস্থান ১৩৬
প্রস্তাবনা ১৪০
উপসংহার ১৪২
লেখক পরিচিতি ১৪৩

www.pathagar.com

# ভূমিকা

১,৪৭,৫৭৭ বর্গকিলোমিটার আয়তনবিশিষ্ট দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশ বাংলাদেশ প্রায় ১৪ কোটি মানুষের আবাস। ধর্মবিশ্বাসের দিক থেকে এদেশের মোট জনসংখ্যার শতকরা ৮৭ জন মুসলিম। এদেশটিতে বর্তমানে ব্যাংকসহ ইন্স্যুরেন্স ও আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা শতাধিক। সরকারী, বেসরকারী ও বিদেশী মিলে শুধু তফসিলভুক্ত ব্যাংকের সংখ্যা ৪৯টি।[1] এর মধ্যে শারী'আহ্‌ভিত্তিক ইসলামী ব্যাংকের সংখ্যা বর্তমানে ৬টি। এছাড়াও ৭টি প্রচলিত ব্যাংক ইসলামী শাখা খুলে শারী'আহ্‌ভিত্তিক ব্যাংকিং কার্যক্রম চালিয়ে যাচ্ছে।

বাংলাদেশে শারী'আহ্‌ভিত্তিক ব্যাংকিং কার্যক্রম শুরু হয় ১৯৮৩ সালের ৩০ মার্চ। 'ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড' নামে শুরু হওয়া শারী'আহ্‌ভিত্তিক প্রথম ব্যাংকটি বেশকিছু প্রতিকূলতা সত্ত্বেও বাংলাদেশের জনসাধারণের কাছে অতি অল্প সময়ে ব্যাপক জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতা লাভ করে। এ ব্যাংকের চাহিদা এত বৃদ্ধি পায় যে, সেবা গ্রহণে আগ্রহী বিপুল সংখ্যক গ্রাহককে সেবা দানে রীতিমতো হিমশিম খেতে হয় এ ব্যাংকটিকে।

বাংলাদেশের অধিকাংশ মানুষ ধর্মপ্রাণ হওয়ার কারণে স্বাভাবিকভাবেই তারা প্রচলিত সুদী ব্যাংকের সাথে লেনদেনে আগ্রহী নন। শারী'আহ্‌নিষিদ্ধ সুদভিত্তিক ব্যাংকের সাথে লেনদেন ও সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে তারা বরাবরই সতর্কতা অবলম্বন করেছেন। শারী'আহ্‌ভিত্তিক ব্যাংকিং কার্যক্রম চালু হওয়ার পূর্বে অনেকটা অপারগ হয়ে তারা প্রচলিত সুদভিত্তিক ব্যাংকের সাথে ব্যবসায়িক কার্যক্রম চালিয়েছেন বটে, তবে স্বস্তি বোধ করেননি। অনেকে এ ধরনের ব্যাংকে তাদের টাকা জমা রেখেছেন, তবে সুদ নেননি। অনেকে তাদের জমাকৃত অর্থের বিপরীতে অর্জিত সুদ শারী'আহ্ বিশেষজ্ঞগণের মতানুযায়ী খরচ করেছেন, নিজেরা ভোগ করেননি।

এদেশের মানুষ বরাবরই তাদের ইচ্ছার বিরুদ্ধে একান্ত নিরুপায় হয়ে সুদভিত্তিক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে লেনদেন করলেও তারা গভীরভাবে প্রতীক্ষায় ছিলেন এমন এক ব্যাংক ও আর্থিক ব্যবস্থার–যা শারী'আহ্‌সম্মত। তাদের এ প্রবল আগ্রহ-উদ্দীপনা ও চাহিদাকে সামনে রেখেই এদেশে 'ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড' তার যাত্রা শুরু করে।

---

1. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ২০০২-২০০৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

www.pathagar.com

এ ব্যাংকটির অভূতপূর্ব জনপ্রিয়তা, বিস্ময়কর সাফল্য এবং জনগণের মধ্যে এ ধরনের ব্যাংকের সীমাহীন চাহিদার ফলে ক্রমান্বয়ে আরো বেশকিছু উদ্যোক্তা এগিয়ে আসেন শারী'আহ্ভিত্তিক ব্যাংক প্রতিষ্ঠায়। বাংলাদেশ সরকারও তাদের উদ্যোগকে স্বাগত জানিয়ে সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। ফলে ১৯৮৭ সালের ২০ মে আল বারাকা ব্যাংক (বর্তমান নাম 'দি ওরিয়েন্টাল ব্যাংক লিমিটেড'), ১৯৯৫ সালের ২৭ সেপ্টেম্বর আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক ও ২২ নবেম্বর সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক, ২০০১ সালের ১০ মে শাহ্জালাল ব্যাংক (বর্তমান নাম 'শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড') প্রতিষ্ঠিত হয়ে শারী'আহ্ভিত্তিক ব্যাংকিং কার্যক্রম শুরু করে।[2]

প্রচলিত দেশীয় ব্যাংকগুলোর মধ্যে প্রাইম ব্যাংক ১৯৯৫ সালে, এক্সিম ব্যাংক ২০০২ সালে এবং ২০০৩ সালে ঢাকা ব্যাংক, সাউথইস্ট ব্যাংক, প্রিমিয়ার ব্যাংক, যমুনা ব্যাংক ও সিটি ব্যাংক ইসলামী ব্যাংকিং শাখা খোলার মাধ্যমে শারী'আহ্ভিত্তিক ব্যাংকিং কার্যক্রম শুরু করে। এদের মধ্যে এক্সপোর্ট ইমপোর্ট ব্যাংক অব বাংলাদেশ (এক্সিম ব্যাংক) জুলাই, ২০০৪ থেকে পরিপূর্ণভাবে ইসলামী ব্যাংকে রূপান্তরের ঘোষণা দিয়েছে।

বিদেশী ব্যাংকগুলোর মধ্যে বাহরাইনভিত্তিক শামিল ব্যাংক (সাবেক ফয়সাল ইসলামী ব্যাংক অব বাহ্রেইন ই.সি.) ১৯৯৭ সালে বাংলাদেশে শাখা খোলার মাধ্যমে শারী'আহ্ভিত্তিক ব্যাংকিং কার্যক্রম চালু করে। দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড (HSBC) বিশ্বব্যাপী ইসলামী ব্যাংকিং-এর অংশ হিসেবে ২০০৪ ঈসায়ী সালের ১৭ মার্চ 'আমানাহ্ ফাইন্যান্স' নামে বাংলাদেশে একটি শাখা খোলার মাধ্যমে শারী'আহ্ভিত্তিক ব্যাংকিং শুরু করেছে।

জনগণের তীব্র চাহিদা, ব্যাপক জনপ্রিয়তা, অভূতপূর্ব সাফল্য এবং প্রশ্নাতীত গ্রহণযোগ্যতার ফলেই স্বল্প সময়ে শারী'আহ্ভিত্তিক ব্যাংকিং আন্দোলন এদেশে যথেষ্ট বেগবান হয়েছে একথা সকলের কাছে স্পষ্ট।

একটি অতীব সত্য কথা হলো, জনসাধারণের চাহিদা ও জনপ্রিয়তার প্রেক্ষিতে বেশ ক'টি শারী'আহ্ভিত্তিক ব্যাংক চালু হলেও শারী'আহ্র যথাযথ মান রক্ষা করে ব্যাংক পরিচালনায় তারা অনেক ক্ষেত্রেই আশানুরূপভাবে সফল হতে পারেননি।

---

www.pathagar.com

শারী'আহ্‌ভিত্তিক ব্যাংক পরিচালনায় অভিজ্ঞ পর্যাপ্ত জনশক্তির অভাব, কর্মরত জনশক্তিকে শারী'আহ্‌ভিত্তিক ব্যাংক পরিচালনায় প্রশিক্ষণ প্রদানে ব্যর্থতা, শারী'আহ্‌ভিত্তিক ব্যাংক সম্পর্কিত প্রামাণ্য বই-পুস্তকের স্বল্পতা বা দুষ্প্রাপ্যতা, ব্যাংক পরিচালনায় আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিভিন্ন বিষয়ক স্ট্যান্ডার্ড সম্পর্কে অজ্ঞতা ও বাস্তবায়ন না করা, সর্বোপরি ব্যাংকগুলোর পরিচালনা পর্ষদ ও শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যগণের শারী'আহ্ ব্যাংকিং সম্পর্কে পর্যাপ্ত ধারণার অভাব এবং ব্যাংকগুলোর শারী'আহ্ পরিপালনে কেন্দ্রীয় ব্যাংকের নজরদারীর ক্ষেত্রে শিথিলতা ইত্যাদি এই অসফলতার জন্য দায়ী।

পুরোপুরি শারী'আহ্‌ভিত্তিক ব্যাংক পরিচালনা করতে হলে ব্যাংকের বিভিন্ন বিষয়ে শারী'আহ্ স্ট্যান্ডার্ড রক্ষা করা অপরিহার্য। ইসলামী উন্নয়ন ব্যাংক (IDB)-এর অঙ্গপ্রতিষ্ঠান Accounting and Auditing Organization for Islamic Financial Institutions (AAOIFI) শারী'আহ্‌ভিত্তিক ব্যাংক পরিচালনার জন্য বিভিন্ন বিষয়ে বেশকিছু স্ট্যান্ডার্ড প্রণয়ন করেছে যেগুলো আন্তর্জাতিকভাবে স্বীকৃত। কয়েকটি দেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের রেগুলেটরি বডি উক্ত স্ট্যান্ডার্ডসমূহ গ্রহণ করে নিয়েছে এবং তার আলোকে তাদের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ পরিচালনা করছে।

বাংলাদেশের শারী'আহ্‌ভিত্তিক ব্যাংকসমূহ AAOIFI কর্তৃক প্রণীত বিভিন্ন স্ট্যান্ডার্ডের কিছু কিছু অংশ জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে মেনে চললেও শারী'আহ্ সংক্রান্ত স্ট্যান্ডার্ড মানার ক্ষেত্রে তাদের অবস্থান সন্তোষজনক নয়। এর কারণ সম্ভবত এটাই যে, এ সম্পর্কে উক্ত ব্যাংকসমূহের কর্তৃপক্ষের জ্ঞানের অভাব রয়েছে। অথচ এ কথা তো সর্বজনস্বীকৃত যে, যেকোন ইসলামী ব্যাংকের প্রাণশক্তি হলো তার শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড। এর গঠন, ক্ষমতায়ন, তত্ত্বাবধান, নীতিমালা প্রণয়ন, যথাযোগ্য সদস্য মনোনয়ন ইত্যাদি ক্ষেত্রে মান রক্ষা করতে না পারলে যেমনি প্রশ্ন দেখা দেবে শারী'আহ্ বোর্ড সম্পর্কে তেমনি প্রশ্ন দেখা দিবে ব্যাংকের শারী'আহ্ পরিপালন নিয়ে। এমনকি এমতাবস্থায় ব্যাংকের আয়ের বৈধতা নিয়ে প্রশ্ন ওঠাও অস্বাভাবিক নয়।

ক্রমপ্রসারমান ইসলামী ব্যাংক ব্যবস্থার গতিকে শারী'আহ্‌র যথার্থ মানে পরিচালনায় সহায়ক হিসেবে এ গ্রন্থটি প্রণয়ন করা হয়েছে। এর মাধ্যমে বাংলাদেশে ইসলামী ব্যাংকিং ব্যবস্থাপনার প্রাণ শারী'আহ'র অবকাঠামো ও প্রয়োগ-কৌশলের উন্নয়ন ঘটবে বলে আমাদের বিশ্বাস। আল্লাহ্ পাক আমাদেরকে তাঁর প্রদর্শিত পথে চলার তৌফিক এনায়েত করুন।

www.pathagar.com

# শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের পরিচয়

একটি ইসলামী ব্যাংকের কার্যক্রম শারী'আহ্ অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা তত্ত্বাবধান, প্রয়োজনীয় পরামর্শ ও দিকনির্দেশনা প্রদানের জন্য ফিকহুল মু'আমালাত বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত একটি স্বাধীন সংস্থার নাম 'শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড'।

Accounting and Auditing Organization for Islamic Financial Institutions (AAOIFI) কর্তৃক প্রণীত এবং Islamic Development Bank (IDB) কর্তৃক স্বীকৃত Shari'ah supervisory board; appointment, composition and report শীর্ষক standard-এ বলা হয়েছে ঃ

*"A Shari'ah Supervisory Board is an independent body of specialized jurists in Fiqh-Al-muamalat (Islamic Commercial Jurisprudence)."*[3]

অর্থাৎ "ফিকহুল মু'আমালাত (ইসলামী বাণিজ্যিক আইন) বিষয়ে বিশেষজ্ঞ পর্যায়ের ফক্বীহগণ (ইসলামী আইনবিদ)-এর সমন্বয়ে গঠিত একটি স্বাধীন সত্তাই হলো শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড।"

ইসলামিক ব্যাংক অব বাহরাইন-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

*هيئة الرقابة الشرعية جهاز مستقل من الفقهاء المتخصصين في فقه المعاملات المالية الإسلامية.*[4]

অর্থাৎ "ইসলামী আর্থিক লেনদেন সংক্রান্ত আইনে বিশেষজ্ঞ ফক্বীহগণের সমন্বয়ে গঠিত এক স্বাধীন সংস্থার নাম শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড।"

---

3. Governance Standard for Islamic Financial Institutions. No. 1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report, Accounting and auditing Organization for Islamic Financial Institution. পৃষ্ঠা-৩৮।

4. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ধারা নং ২, উপধারা-১, পৃষ্ঠা-২।

www.pathagar.com

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের পরিচয় দিতে গিয়ে বাহরাইনের Arab Banking Corporation বা ABC Islamic Bank (E.C.) তার বাইলজে উল্লেখ করেছে ঃ

*هيئة الرقابة الشرعية جهازمستقل من الفقهاء المتخصصين في فقه المعاملات المالية الإسلامية يقوم بتوجيه نشاطات البنك و مراقبتها والإشراف عليها للتأكيد من التزام الإدارة بأحكام ومبادئ الشريعة الإسلامية في المعاملات التي يجريها البنك.*

অর্থাৎ "ইসলামী অর্থ ও বাণিজ্য আইনে পারদর্শী ফক্বীহ্ সদস্যগণের সমন্বয়ে গঠিত এমন এক স্বাধীন সত্তাকে 'শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড' বলা হয়, যে বোর্ড ব্যাংকের কার্যক্রমে দিকনির্দেশনা প্রদান, তত্ত্বাবধান ও পর্যবেক্ষণ করে থাকে একথা নিশ্চিত করার জন্য যে, ব্যাংক কর্তৃক পরিচালিত লেনদেনে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ইসলামী শারী'আহর বিধানাবলী ও মূলনীতি মেনে চলছে।"

বাহরাইনে অনুষ্ঠিত শারী'আহ্ বোর্ডসমূহের তৃতীয় আন্তর্জাতিক কনফারেন্সে উপস্থাপিত النظرية العامة للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধে ড. رياض منصور الخليفي শারী'আহ্ বোর্ডের নিম্নোক্ত সংজ্ঞা প্রদান করেন ঃ

*الجماعة من الفقهاء يعهد إليهم النظر في أعمال المؤسسة المالية بغرض حفظها عن المخالفات الشرعية.*[৫]

অর্থাৎ "আর্থিক প্রতিষ্ঠানকে শারী'আহ্পরিপন্থী কার্যক্রম থেকে হেফাজত করার জন্য উক্ত প্রতিষ্ঠানের যাবতীয় কর্মকাণ্ড দেখাশোনা করার দায়িত্ব ফক্বীহ্গণের যে জামা'আতের উপর অর্পণ করা হয় তাকে শারী'আহ্ বোর্ড বলে।"

তিনি অন্যভাবে শারী'আহ্ বোর্ডের সংজ্ঞায় বলেন ঃ

*إنها جماعة الفقهاء المناط بهم حفظ أعمال المؤسسة المالية عن المخالفات الشرعية.*[৬]

5. ড. رياض منصور الخليفي ৫ ও ৬ অক্টোবর ২০০৩ ঈসায়ী তারিখে বাহরাইনে অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত النظرية العامة للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-২১।

www.pathagar.com

অর্থাৎ "ফক্বীহগণের এমন এক জামা'আতকে শারী'আহ্ বোর্ড বলা হয়, যার উপর আর্থিক প্রতিষ্ঠানকে শারী'আহ্‌পরিপন্থী বিষয় থেকে হেফাজত করার দায়িত্ব অর্পণ করা হয়।"

বিশিষ্ট ইসলামী ব্যাংকিং গবেষক Philipe moore এ সম্পর্কে বলেন ঃ

> *"As well as the Prohibition of riba and gharar, Shari'ah Law also sets out some of the basic mechanism used in Islamic Banking today. Every bank refers to a committee of scholars who are charged with the task of interpreting the Shari'a in relation to individual financial transactions."* [7]

অর্থাৎ "শারী'আহ্ আইন 'রিবা' এবং 'ঘারার' নিষিদ্ধকরণের সাথে সাথে কিছু মৌলিক মেকানিজম (পদ্ধতি)-ও উপস্থাপন করেছে যা বর্তমানে ইসলামী ব্যাংকিং-এ ব্যবহৃত হচ্ছে। প্রত্যেক ব্যাংক বিশেষজ্ঞগণের (সমন্বয়ে গঠিত) এমন এক কমিটির শরণাপন্ন হয় যার উপর প্রত্যেকটি আর্থিক লেনদেন সম্পর্কে শারী'আহ্ বিষয়ক ব্যাখ্যা প্রদানের দায়িত্ব অর্পিত।"

ফিকহুল মু'আমালাত বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত এ স্বাধীন সত্তাকে বাংলাদেশের অধিকাংশ ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে 'শরীয়াহ্ কাউন্সিল' বলা হলেও IDB এবং AAOIFI (Accounting and Auditing Organization for Islamic Financial Institutions)-এর স্ট্যান্ডার্ড অনুসারে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, পাকিস্তান এবং মধ্যপ্রাচ্যসহ পৃথিবীর প্রায় সর্বত্র এ সংস্থাকে 'শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড', 'শারী'আহ্ সুপারভাইজরী কমিটি' বা هيئة الرقابة الشرعية বলা হয়। উল্লেখ্য যে, ইসলামী ব্যাংকিং কনসেপ্টের সাথে শেষোক্ত নামই সামঞ্জস্যপূর্ণ ও যুক্তিসঙ্গত।

---

6. প্রাগুক্ত, পৃষ্ঠা-২৬।

7. Islamic Finance, Philipe moore, Euromoney Publications, PLC Nestor House, Playhouse Yard, London EC4V 5EX, 1997, Page- 29.

www.pathagar.com

# শারী'আহ্ বোর্ডের স্বাধীনতা

শারী'আহ্ বোর্ডের স্বাধীনতা কী?

স্বাধীনতাকে 'আরাবী ভাষায় বলা হয় إستقلال । এর আভিধানিক অর্থ হলো 'কারো হস্তক্ষেপ ছাড়া এককভাবে কোন বিষয় আঞ্জাম দিতে পারা।'[8]

যেমন কেউ এককভাবে নিজ কাজ সম্পাদনের অধিকার বা শক্তি লাভ করলে তাকে 'আরাবীতে বলা হয় إستقل فلان। কোন রাষ্ট্রের নেতৃত্ব পরিপূর্ণতা লাভ করলে এবং অভ্যন্তরীণ ও বৈদেশিক বিষয়সমূহ অন্যকোন রাষ্ট্রের খবরদারী ও তত্ত্বাবধান ছাড়া এককভাবে পরিচালনায় সক্ষম হলে আধুনিক পরিভাষায় বলা হয় إستقلت الدولة । অর্থাৎ 'রাষ্ট্র বা দেশটি স্বাধীনতা লাভ করলো।'[9]

উপরিউক্ত আলোচনা থেকে বোঝা যায়, স্বাধীনতা হলো অন্যের হস্তক্ষেপ ছাড়া এককভাবে কোন কাজ করার সামর্থ্য লাভ করা।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ডের স্বাধীনতা বলতে বোঝায় ঃ

*"تمكين الهيئة الشرعية من حفظ أعمال المؤسسة المالية عن المخالفات الشرعية"*[10]

অর্থাৎ "আর্থিক প্রতিষ্ঠানের কর্মকাণ্ডকে শারী'আহ্পরিপন্থী বিষয়সমূহ থেকে রক্ষা করার ক্ষমতা শারী'আহ্ বোর্ডকে প্রদান করাই শারী'আহ্ বোর্ডের স্বাধীনতা।"

আইনের দৃষ্টিকোণ থেকে বলা যায় ঃ

*"سلطة تمكن الهيئة الشرعية من ممارسة اختصاصاتها بتجرد وحرية تامة."*[11]

---

৪. লিসানুল আরব ঃ ১১/২৮৯।

9. আল মু'জামুল ওয়াসীত ঃ ২/৭৫৬।

10. ড. رياض منصور الخليفي ৫ ও ৬ অক্টোবর ২০০৩ ঈসায়ী তারিখে বাহরাইনে অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত أعمال الهيئات الشرعية بين الإستشارة الفردية والمهنية المؤسسية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-২৬।

11. প্রাগুক্ত।

www.pathagar.com

অর্থাৎ "শারী'আহ্ বোর্ডের স্বাধীনতা হলো এমন এক ক্ষমতা যা বোর্ডকে পরিপূর্ণ স্বাধীন এবং একচ্ছত্রভাবে তার বৈশিষ্ট্যসমূহ অনুশীলন করার অধিকার প্রদান করে।"

যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রম যথার্থভাবে শারী'আহ্ অনুযায়ী পরিচালনা করতে হলে সেই প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ডের সম্পূর্ণ স্বাধীনতা থাকা অপরিহার্য। শারী'আহ্ বোর্ড স্বাধীন না হলে সে বোর্ডের পক্ষে স্বাধীনভাবে মতামত প্রকাশ করা অনেক সময় সম্ভব হয় না। এতে সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ অনুযায়ী যথাযথভাবে পরিচালিত হওয়ার বিষয়টিও অনিশ্চিত হয়ে পড়ে। অতএব যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে সঠিকভাবে শারী'আহ্ অনুযায়ী পরিচালিত হতে হলে সেই প্রতিষ্ঠানের স্বার্থেই শারী'আহ্ বোর্ডকে পূর্ণাঙ্গ স্বাধীনতা প্রদান করা উচিত।

কাতার বিশ্ববিদ্যালয়ের الفقه و الأصول বিভাগের প্রধান প্রফেসর علي محي الدين القره داغي শারী'আহ্ বোর্ডের স্বাধীনতা সম্পর্কে বলেন ঃ

*فإذا كانت انظمة البنك ولوائحه قد أعطت الإستقلالية للهيئة وكان أعضاء مجلس الإدارة ملتزمين وورعين، وأعضاء الهيئة الشرعية أيضا أقوياء علميا و شخصيا فإن التزام البنك بأحكام الشريعة الإسلامية قد يصل إلي أقضي درجة، ثم يتدرج الإلتزام نزولا حسب أي ضعف في الأمور الثلاثة."*[١٢]

অর্থাৎ "যখন ব্যাংকের সাংগঠনিক কাঠামো ও নিয়ম-কানুন শারী'আহ্ বোর্ডকে স্বাধীনতা প্রদান করবে, পরিচালনা পর্ষদের সদস্যগণও প্রতিশ্রুতিশীল (Committed) ও ধার্মিক হবেন এবং শারী'আহ্ বোর্ডের সদস্যগণও জ্ঞান এবং

---

12. ড. علي محي الدين القرة داغي প্রফেসর ও প্রধান, ফিক্বহ্ ওয়াল উসূল, কাতার বিশ্ববিদ্যালয়, বিশেষজ্ঞ ইসলামী ফিক্বহ্ একাডেমী জেদ্দা, ৫ ও ৬ অক্টোবর ২০০৩ ঈসায়ী তারিখে বাহরাইনে অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত الهيئات الشرعية بين بيان الأخطاء والمخالفات الشرعية في المصارف الإسلامية، والسرية المهنية ومدي تأثيره سلبا وإيجابا علي المصرفية الإسلامية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-১১।

www.pathagar.com

ব্যক্তিত্বের দিক থেকে হবেন শক্তিশালী তখন ব্যাংকের পক্ষ থেকে ইসলামী শারী'আহ্র বিধানাবলী পরিপালনের বিষয়টি চূড়ান্ত পর্যায়ে উপনীত হবে। অতঃপর উক্ত তিনটি বিষয়ের মধ্যে যেকোন দুর্বলতার সাথে সাথে ক্রমান্বয়ে শারী'আহ্ পরিপালনের বিষয়টি অধঃপতনের দিকে এগিয়ে যাবে।"

'শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের পরিচয়' পর্বে আমরা লক্ষ্য করেছি যে, উদ্ধৃত সকল আন্তর্জাতিক ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান এবং ইসলামী অর্থনীতি ও ব্যাংকিং বিশেষজ্ঞগণ সকলেই শারী'আহ্ বোর্ডের সংজ্ঞা দিতে গিয়ে এ সংস্থাকে 'An Independent body' বা جهاز مستقل অর্থাৎ 'স্বাধীন সংস্থা' হিসেবে আখ্যায়িত করেছেন।

বিশিষ্ট শারী'আহ্ বিশেষজ্ঞ ড. আব্দুস সাত্তার আবু গুদ্দাহ বলেন ঃ

"أن هيئة الرقابة الشرعية من أهم خصائصها الإستقلالية"[১৩]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের অন্যতম বৈশিষ্ট্য হলো স্বাধীনতা।"

এ শারী'আহ্ বোর্ডের সর্বোচ্চ পর্যায়ের স্বাধীনতা থাকা আবশ্যক। অন্যথায় একটি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান ইসলামীকরণে এ বোর্ড কখনও কাঙ্ক্ষিত ও যথাযথ ভূমিকা পালন করতে পারবে না।

'Directory of Islamic Financial Institutions'-এ John R. Presley তাঁর 'The Evolution of Islamic Banking' শীর্ষক প্রবন্ধে যে মন্তব্যটি করেন এক্ষেত্রে তা উল্লেখ করা প্রয়োজন বোধ করছি ঃ

> *"An Islamic Bank does not only have to have a Board of Directors but it also has to have a Shari'a Advisory Board. This is most important where Islamic banks operate in a society which does not fully apply Shari'a laws. The board should possess a high degree of independence both internally and externally."*[14]

---

13. ড. আব্দুস সাত্তার আবু গুদ্দাহ, ৫ ও ৬ অক্টোবর, ২০০৩ ঈসায়ী তারিখে বাহরাইনে অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত الهيئات الشرعية والأدلاء بالشهادات في الحاكم في مرافعات العملاء ضد المصارف الإسلامية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা–২।

14. The Evolution of Islamic Banking, in Directory of Islamic Financial Institutions, ed. John R. Presley Beckenham, Kent, United Kingdom : International Centre for islamic Studies (Croom Helm Ltd.), 1988, Page-64.

www.pathagar.com

অর্থাৎ "ইসলামী ব্যাংকের শুধু একটি পরিচালনা পর্ষদ থাকলেই চলবে না বরং এর থাকতে হবে একটি শারী'আহ্ উপদেষ্টা পর্ষদ। যে সমাজে শারী'আহ্ আইনের পরিপূর্ণ প্রয়োগ নেই সেই সমাজে তা (শারী'আহ্ উপদেষ্টা পর্ষদ) অত্যাবশ্যক। এ পর্ষদের অভ্যন্তরীণ ও বাহ্যিকভাবে সর্বোচ্চ পর্যায়ের স্বাধীনতা থাকতে হবে।"

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ফিকহুল মু'আমালাত বিশেষজ্ঞ শেখ নিজাম ইয়াকুবী এ বিষয়ে বলেন ঃ

> *"It should be independent and free to give opinions on proposed contracts and transactions."*

অর্থাৎ "প্রস্তাবিত চুক্তি ও লেনদেন সম্পর্কে মতামত প্রদানের জন্য এ সংস্থাকে অবশ্যই স্বাধীন ও মুক্ত হতে হবে।"[15]

বাংলাদেশের কোন কোন ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ডকে সেই ব্যাংকের অঙ্গপ্রতিষ্ঠান বা ডিপার্টমেন্ট হিসেবে দেখানো হয়। শারী'আহ্ বোর্ডে কর্মরত কর্মকর্তা-কর্মচারী এমনকি খোদ শারী'আহ্ বোর্ডসভার সদস্যগণকেও উক্ত প্রতিষ্ঠানের অধীন মনে করা হয়। একথা মনে করা হয় যে, ম্যানেজমেন্ট বা পরিচালক পর্ষদ যেসব বিষয়ে শারী'আহ্ বোর্ডের রায় বা সিদ্ধান্ত চাইবেন শুধু সেসব বিষয়ে শারী'আহ্ বোর্ড সিদ্ধান্ত প্রদান করবে। যেসব বিষয়ে শারী'আহ্ বোর্ডকে কাজ করার ফরমান দিবেন সেসব বিষয়েই শারী'আহ্ বোর্ডের কাজের পরিধি সীমাবদ্ধ থাকবে, এর বাইরে নয়।

এই ধারণা মোটেই যুক্তিযুক্ত নয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ড সংক্রান্ত আন্তর্জাতিক স্ট্যান্ডার্ডের পরিপন্থী এই ধারণা যারা লালন করেন, আমার মতে, শারী'আহ্র অবস্থান, পরিচিতি, ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে এর ভূমিকা–এসব বিষয়ে তাদের সুস্পষ্ট ধারণার দারুণ অভাব রয়েছে।

---

15 . Nizam Yaquby, Requirement to Be fulfilled when conventional Banks Set Up Islamic Banks, Windows, or Funds, in Proceedings of the Third Harvard University Forum on Islamic Finance. Cambridge : Center for Middle eastern Studies, Harvard University, 2000. Page-134-135.

www.pathagar.com

# উচ্চতর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড

বিংশ শতাব্দীতে আধুনিক ইসলামী অর্থব্যবস্থা সম্পর্কে নতুনভাবে গণসচেতনতা সৃষ্টির পেছনে যাঁদের কৃতিত্ব উল্লেখযোগ্য, সউদী আরবের বাদশাহ্ মরহুম ফয়সাল বিন আব্দুল আজীজ তাঁদের অন্যতম। Organization of Islamic Conference (OIC)-ও মূলতঃ তাঁর উদ্যোগ ও আন্তরিক প্রচেষ্টায় গড়ে ওঠে।

OIC প্রতিষ্ঠার পর তাঁর সুযোগ্য সন্তান মরহুম প্রিন্স মুহাম্মদ আল ফায়সাল আল সউদ তাঁর পিতার পরিকল্পনা, চিন্তা-চেতনা ও লালিত স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে International Association of Islamic Banks (IAIB) প্রতিষ্ঠায় নেতৃত্ব দেন। এ সংস্থাটি প্রিন্স মুহাম্মদ আল ফয়সালের সভাপতিত্বে ১৯৭৭ সালে প্রতিষ্ঠা লাভ করে। IAIB-এর প্রতিষ্ঠার সাথে সাথেই গণ্যমান্য আলিম, ধর্মীয় স্কলার এবং ইসলামী আইনে বিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে গঠিত হয় Higher Religious supervisory Board.[16]

ইসলামী ব্যাংকসমূহের কার্যক্রম শারী'আহ্র নীতিমালা অনুযায়ী পরিচালিত হওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যাংকগুলোর কার্যাবলী তত্ত্বাবধান এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান, ফত্ওয়া জারি করা, ইসলামী আইন, ইসলামী অর্থনীতি ও ইসলামী ব্যাংকিং বিষয়ক সেমিনার আয়োজন ইত্যাদি এ শারী'আহ্ বোর্ডের দায়িত্ব ও কর্তব্যের অন্তর্ভুক্ত।

এ বোর্ডের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং গবেষক Dr. Moustafa Mohamed Hosny তাঁর 'The Role of the Religious Board' শীর্ষক প্রবন্ধে লিখেছেন ঃ

> *"The Board's responsibility was clearly set forth as both supervisory and consultative in ensuring that islamic Banks adhered strictly to the Islamic Shari'ah. Aside from rendering decisions and issuing decrees (fatwas) which are deemed binding on banks which are the members of the IAIB, the Board has the responsibility and authority to hold seminars and conferences concerning Islamic Jurisprudence and economics, the goal being to set forth a*

---

16. The Role of the Religious Board, Dr. Moustafa Mohamed Hosny, Encyclopedia of Islamic Banking & Insurance, Institute of Islamic Banking and Insurance. পৃষ্ঠা-৯৫।

www.pathagar.com

*structural framework to address the new and evolving financial and economic issues faced by islamic banks on a day to day basis."*

অর্থাৎ "ইসলামী ব্যাংকগুলো পুঙ্খানুপুঙ্খভাবে শারী'আহ্ পরিপালন করছে–এই বিষয়টি নিশ্চিত করার জন্য (শারী'আহ্ সুপারভাইজরী) বোর্ডকে যুগপৎভাবে তত্ত্বাবধান ও পরামর্শ প্রদানের দায়িত্ব দেয়ার বিষয়টি অত্যন্ত পরিষ্কারভাবে উল্লেখ করা হয়েছে। ফত্ওয়া ও সিদ্ধান্ত প্রদান (হায়ার রিলিজিয়াস সুপারভাইজরী) বোর্ডের এক অত্যাবশ্যকীয় কাজ যার পরিপালন করা IAIB-এর সদস্য ব্যাংকগুলোর জন্য বাধ্যতামূলক। অধিকন্তু ইসলামী আইন ও অর্থনীতি বিষয়ক সেমিনার ও সম্মেলন আয়োজন করাও বোর্ডের দায়িত্ব ও কর্তব্যের আওতাভুক্ত। এসব আয়োজন এজন্য করা হয় যেন ইসলামী ব্যাংকগুলো তাদের দৈনন্দিন কার্যক্রম চালাতে গিয়ে যে নতুন নতুন আর্থিক ও অর্থনৈতিক বিষয়সমূহের সমস্যার সম্মুখীন হয় তারা যেন সেগুলোর সমাধান খুঁজে পায়।"

এ বোর্ডের কার্যাবলী সম্পর্কে আরো স্পষ্টভাবে ধারণা লাভ করা যায় বোর্ডের সংবিধানের ২ নং ধারা হতে। সম্মানিত পাঠকবৃন্দের জ্ঞাতার্থে তা হুবহু উদ্ধৃত করা হলো ঃ

*Article 2 of the statutes of the Higher Religious Supervisory Board of the IAIB states as follows,*

*a. To study the 'Fatwas' previously issued by the Religious Supervisory Boards of member banks in an attempt to make decisions identical.*

*b. To study the previously issued 'Fatwas' to see how far they conform with the rulings of Islamic Shari'a.*

*c. To supervise the activities of the Islamic banks and financial institutions and members of the Association to ensure their conformity with the rulings of the Islamic Shari'a. In addition, it has to draw the attention of the concerned parties to any potential violation of these activities. In discharging its duties, the Board has the right to go through the laws and by-laws of member banks and financial institutions and to draw their attention to whatever violation might have been made in this respect. In so doing, utmost confidentiality must be observed.*

www.pathagar.com

d. *To issue legal religious opinions on banking and financial questions in response to requests by members of Islamic banks and financial institutions, or their Religious Supervisory Boards or the Secretariat General of the Association.*

e. *To study matters related to financial and banking operations in response to requests for advice from Islamic financial institutions.*

f. *Decisions and 'Fatwas' of the Board are obligatory and binding on member banks and financial institutions in cases where they are already approved by all members. However, any member bank or financial institution is entitled to ask for re-consideration of any decision. A detailed note must then be submitted in cases of disagreement as any bank is entitled to follow either course of action in the disagreement unless it is otherwise enforced by the Board.*

g. *To clarify legal religious rulings on new economic questions.*[17]

অর্থাৎ "ইন্টারন্যাশনাল এসোসিয়েশন অব ইসলামিক ব্যাংকস্-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সংবিধানের ২ নং ধারায় বলা হয়েছে ঃ

ক. সদস্য ব্যাংকসমূহের ধর্মীয় তত্ত্বাবধায়ক পর্ষদ কর্তৃক প্রদত্ত পূর্বের ফত্ওয়াগুলো অধ্যয়ন করতে হবে যাতে অভিন্ন সিদ্ধান্তে পৌঁছা যায়।

খ. ইসলামী শারী'আহর বিধানাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ কি না তা খতিয়ে দেখার জন্য পূর্বের জারিকৃত ফত্ওয়াগুলো অধ্যয়ন করা।

গ. ইসলামী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং এসোসিয়েশন অব ইসলামিক ব্যাংকস্-এর সদস্যদের কার্যক্রম তত্ত্বাবধান করা একথা নিশ্চিত করার জন্য যে, তাদের কার্যক্রম ইসলামী শারী'আহ্র বিধানমতে পরিচালিত হচ্ছে। তাছাড়াও এ কার্যক্রমের যেকোনটির সম্ভাব্য লঙ্ঘনের ব্যাপারে সংশ্লিষ্ট পক্ষের দৃষ্টি আকর্ষণ করা। পর্ষদ তার উপর অর্পিত দায়িত্ব পালনার্থে সংশ্লিষ্ট সদস্য ব্যাংকগুলোর বিধি ও উপবিধিগুলো পড়ে নেয়ার

---

17. Governance Standard for Islamic Financial Institutions. No. 1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report, Accounting and auditing Organization for Islamic Financial Institution. পৃষ্ঠা-১০১।

www.pathagar.com

অধিকার সংরক্ষণ করবে এবং এ বিষয়ে যে ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হবে সে বিষয়ে তাদের দৃষ্টি আকর্ষণ করবে। এই কাজ অত্যন্ত গোপনীয়তার সাথে সম্পাদন করতে হবে।

ঘ. সদস্য ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ওসব প্রতিষ্ঠানের রিলিজিয়াস সুপারভাইজরী বোর্ড বা এসোসিয়েশন সচিবালয়ের অনুরোধে ব্যাংকিং ও আর্থিক বিষয়ে আইনগত ধর্মীয় মতামত প্রদান করা।

ঙ. ইসলামী আর্থিক প্রতিষ্ঠানগুলোর অনুরোধক্রমে সেগুলোকে পরামর্শ প্রদানের জন্য আর্থিক ও ব্যাংকিং কার্যক্রম সংশ্লিষ্ট বিষয় অধ্যয়ন করা।

চ. পর্ষদের যেসব সিদ্ধান্ত ও ফত্ওয়া সকল সদস্য ব্যাংক কর্তৃক অনুমোদিত সেসব ফত্ওয়া ও সিদ্ধান্তের বাস্তবায়ন সেসব সদস্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের উপর বাধ্যতামূলক। তবে কোন সদস্য ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কোন সিদ্ধান্ত বা ফত্ওয়া পুনর্বিবেচনার আবেদন জানাতে পারবে। পর্ষদ কর্তৃক অন্যকোনোভাবে বিধান বলবৎ করা না হলে, সংশ্লিষ্ট সিদ্ধান্তের সাথে এরূপ মতানৈক্যের ক্ষেত্রে দ্বিমত পোষণ করে একটি বিস্তারিত নোট দাখিল করতে হবে।

ছ. কোন নতুন অর্থনৈতিক প্রশ্নের আইনানুগ শারী'আহ্ বিশ্লেষণ প্রদান করা।"

## শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রয়োজনীয়তা

ইসলামী ব্যাংকের সংজ্ঞা বিশ্লেষণ করলে বুঝা যায় যে, 'ইসলামী ব্যাংক' বলতে শারী'আহ্ভিত্তিক পরিচালিত ব্যাংককেই বোঝায়। যে ব্যাংক ইসলামী শারী'আহ্ মোতাবেক পরিচালিত হয় না তাকে 'ইসলামী ব্যাংক' বলে না। OIC (Organization for Islamic conference) প্রদত্ত ইসলামী ব্যাংকের সংজ্ঞায়ও বিষয়টি স্পষ্ট। ১৯৭৮ সালে সেনেগালের রাজধানী ডাকারে অনুষ্ঠিত OIC সদস্য দেশসমূহের পররাষ্ট্র মন্ত্রীদের সম্মেলনে সংজ্ঞাটি গৃহীত হয়। সংজ্ঞাটি নিম্নরূপ ঃ

> *"Islami Bank is a financial Institution whose statutes, rules and procedures expressly state its commitment to the principles of Islamic Shari'ah and to the banning of the receipt and payment of Riba on any of it's operations."*

অর্থাৎ "ইসলামী ব্যাংক হলো এমন এক আর্থিক প্রতিষ্ঠান–যা তার বিধি বিধান, নিয়মাবলী এবং কর্মপদ্ধতির সকল স্তরে ইসলামী শারী'আহ্র নীতিমালাকে মেনে চলতে বদ্ধপরিকর এবং তার যাবতীয় লেনদেনে রিবা (সুদ)-কে বর্জন করতে দৃঢ়প্রতিজ্ঞ।"

www.pathagar.com

International Association of Islamic Banks তার Islamic Banking Scientific and Practical Encyclopedia-তে ইসলামী ব্যাংকের যে সংজ্ঞা দিয়েছে তাতেও বিষয়টি পরিষ্কার। তাতে ইসলামী ব্যাংকের যে সংজ্ঞা দেয়া হয়েছে তা নিম্নরূপ ঃ

> *"The Islamic bank basically implements a new banking concept, in that it adheres strictly to the ruling of the Islamic Shari'ah in fields of finance and other dealings. Moreover, the bank, when functioning in this way, must reflect Islamic principles in real life. The bank should work towards the establishment of an Islamic Society; hence, one of its primary goals is the deepening of the religious spirit among the people."* [18]

অর্থাৎ "ইসলামী ব্যাংক মূলতঃ একটি নতুন ব্যাংকিং ধারণাকে বাস্তবে রূপ দেয়। যাতে তা ফাইন্যান্স এবং অন্যান্য কার্যক্রমের ক্ষেত্রে ইসলামী শারী'আহর বিধি-বিধান কঠোরভাবে মেনে চলে। অধিকন্তু, ইসলামী ব্যাংক এভাবে কার্যক্রম পরিচালনা করতে গিয়ে বাস্তব জীবনে ইসলামী বিধি-বিধানকে অবশ্যই প্রতিবিম্বিত করবে। ব্যাংককে একটি ইসলামী সমাজ বিনির্মাণ করার লক্ষ্যে কাজ করা উচিত এবং সেজন্য এর অন্যতম প্রাথমিক লক্ষ্য হলো জনগণের মধ্যে ধর্মীয় চেতনা গভীরভাবে প্রোথিত করা।"

John. R. Presley তাঁর 'The Islamic Financial system and Banking : some theoretical considerations' শীর্ষক প্রবন্ধে বলেন ঃ

> *"Since The commencement of this alternative financing mechanism, development and refinement has never ceased. The methods and instruments of Islamic finance, being based upon risk and profit-sharing, require an everevolving adaptation within the paradigm of economic relationships which are defined by the Shari'a. Islamic banks sought the expertise of religious scholars at the beginning and have continued to seek their expertise in adapting the entire Islamic financial system to the contemporary world. While the definition of the Islamic framework of economics does not change, the innovation*

---

18. The Role of the Religious Board, Dr. Moustafa Mohamed Hosny, Encyclopedia of Islamic Banking & Insurance, Institute of Islamic Banking and Insurance. পৃষ্ঠা-৯৬।

www.pathagar.com

*required for the survival of Islamic banks necessitates the constant involvement of religious scholars."*[19]

অর্থাৎ "এই বিকল্প অর্থায়নপদ্ধতির সূচনালগ্ন থেকে উন্নয়ন ও উৎকর্ষ কখনোই থেমে থাকেনি। ইসলামী ফাইন্যান্সের পদ্ধতি ও ইনস্ট্রুমেন্ট–ঝুঁকি ও মুনাফার অংশীদারিত্বের ভিত্তিতে হওয়ার কারণে তা শারী'আহ্ কর্তৃক নির্দেশিত অর্থনৈতিক সম্পর্কের আওতায় এক পরিবর্তনশীল সংযোজনের দাবি রাখে। ইসলামী ব্যাংকগুলো সূচনালগ্নে ধর্মীয় বিশেষজ্ঞগণের দক্ষতা ও অভিজ্ঞতা নিয়ে পরিচালিত হতো এবং গোটা ইসলামী অর্থব্যবস্থাকে সমসাময়িক বিশ্বের উপযোগী ব্যবস্থা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ধর্মীয় বিশেষজ্ঞগণের অভিজ্ঞতা ও দক্ষতা থেকে সহযোগিতা নেয়ার এ ধারা অব্যাহত আছে। যেহেতু অর্থনীতির ইসলামী কাঠামোর পরিবর্তন ঘটে না সেহেতু সংস্কারের দাবি হলো ইসলামিক ব্যাংকগুলোর অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য ধর্মীয় বিশেষজ্ঞগণের সার্বক্ষণিক সংশ্লিষ্টতা।"

রাসূল (ﷺ)-এর যুগে বর্তমান যুগের মতো ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের ন্যায় প্রাতিষ্ঠানিক কোন ব্যবস্থা ছিল না। তবে ঐ সময়ে সুদমুক্ত লেনদেনের ব্যাপারে পবিত্র কুরআনের আয়াত নাযিল হওয়ায় নবী করিম (ﷺ) লোকদেরকে সুদের অভিশাপ এবং এর শাস্তি সম্পর্কে সজাগ ও সতর্ক করেন। ঐ সময়ে সুদমুক্ত অর্থনীতির যে ভিত গড়ে ওঠে তা মুসলিম দেশ ও সমাজে যুগ যুগ ধরে লালিত হচ্ছিল। সুদী লেনদেন এবং ব্যাংকিং ব্যবস্থা যখন মুসলিম-অমুসলিম নির্বিশেষে সারা পৃথিবীবাসীকে শোষণ করে চলছিল সেই প্রেক্ষাপটেই ফিকহুল মু'আমালাত বিষয়ে বিশেষজ্ঞ ফক্বীহ্, ইসলামী চিন্তাবিদ ও অর্থনীতিবিদগণ ব্যাপক গবেষণা চালিয়ে সুদভিত্তিক প্রচলিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের পরিবর্তে ইসলামী শারী'আহ্ভিত্তিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের যে ধারণা উপস্থাপন করেন তা ইসলামপ্রিয় জনসাধারণের ব্যাপক আস্থা অর্জন করতে সক্ষম হয়।

আধুনিককালে ব্যবসা-বাণিজ্য ও লেনদেনে যত নতুন বিষয়ের উদ্ভব হয়েছে বা হচ্ছে সেগুলোর কোন্‌টি ইসলামী শারী'আহর সাথে সঙ্গতিপূর্ণ আর কোন্‌টি সঙ্গতিপূর্ণ নয় তা বলার যথার্থ কর্তৃপক্ষ হচ্ছে ইসলামী শারী'আহ্‌র উপর গভীর জ্ঞান ও ব্যুৎপত্তিসম্পন্ন ফিকহুল মু'আমালাত বিষয়ে বিশেষজ্ঞ আলিমগণ। এক্ষেত্রে উক্ত গুণাবলীসম্পন্ন আলিম ও ইসলামী চিন্তাবিদগণের কোন বিকল্প নেই। এ সম্পর্কে মতামত ব্যক্ত করার অধিকার অন্যকারও নেই।

---

19. John R. Presley, 'The Islamic Financial system and Banking : Some Theoretical Considerations', in Directory of Islamic Financial Institutions, ed. John R. Presley [Beckenham, Kent, United Kingdom : International Centre for Islamic Studies (Groom helm Ltd.), 1988], Page-67.

www.pathagar.com

পবিত্র কুরআনে আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা বলেন ঃ

﴿ قل أرأيتم ما انزل الله لكم من رزق فجعلتم منه حراما وحلالا قل آلله أذن لكم أم على الله تفترون ﴾[20]

অর্থাৎ "বলো, আচ্ছা নিজেই লক্ষ্য করে দেখো, যা কিছু আল্লাহ্ তোমাদের জন্য রিযিক হিসেবে অবতীর্ণ করেছেন, তোমরা সেগুলোর মধ্য থেকে কোন্টাকে হারাম আর কোন্টাকে হালাল সাব্যস্ত করেছো? বলো, তোমাদের কি আল্লাহ্ নির্দেশ দিয়েছেন, নাকি আল্লাহর উপর অপবাদ আরোপ করছো?"

এ সম্পর্কে একটি হাদীস উল্লেখ করা প্রাসঙ্গিক মনে করছি ঃ

عن على رضى الله عنه قال : يا رسول الله إن نزل بنا أمر ليس فيه بيان أمر ولا نهى فما تأمرنى؟ قال شاوروا فيه الفقهاء والعابدين ولا تمضوا فيه برأى خاص.[21]

অর্থাৎ "হযরত আলী (ﷺ) থেকে বর্ণিত, তিনি আল্লাহর রাসূল (ﷺ)-কে জিজ্ঞাসা করেন, হে আল্লাহর রাসূল, যদি আমাদের নিকট এমন বিষয় এসে পড়ে যা সম্পর্কে কোন বিধি-নিষেধ কিছুই নেই, সে বিষয়ে আপনি আমাকে কি নির্দেশ করেন? রাসূল (ﷺ) বললেন, এ বিষয়ে তোমরা ফক্বীহ ও আবেদগণের (ইবাদতকারীদের) সাথে পরামর্শ কর এবং তোমরা ব্যক্তিগত মত দ্বারা পরিচালিত হয়ো না।"

এ কারণে শুরু থেকেই প্রতিটি ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের জন্য উক্ত গুণাবলী সম্পর্কে গভীর জ্ঞানসম্পন্ন আলিম ও ইসলামী চিন্তাবিদগণের সমন্বয়ে একটি বিশেষায়িত স্বতন্ত্র স্বাধীন বোর্ড থাকা অতীব জরুরি।

---

20. সূরা ইউনুস, ৫৯ নং আয়াত।

21. رواه الطبرانى في الأوسط و رجاله موثوقون من أهل الصحيح – مجمع الزوائد ١٧٨/١، نقلا عن مقالة ''تقنين أعمال الهيئات الشرعية معالمة وآلياته للأستاذ الدكتور عبد الحميد محمود البعلي، المقالة القيت فى المؤتمر الثالث للهيئات الشرعية للمؤسسات المالية الإسلامية ٥-٦ أكتوبر ٢٠٠٣م، مملكة البحرين-

www.pathagar.com

# শারী'আহ সুপারভাইজরী বোর্ড গঠনের অপরিহার্যতা

১. 'ইসলামী ব্যাংক' বলতে শারী'আহ্ভিত্তিক পরিচালিত ব্যাংককে বোঝায়। ব্যাংকের যাবতীয় কার্যক্রম শারীয়াহ্ নীতিমালার ভিত্তিতে পরিচালিত হচ্ছে কি না তা পর্যালোচনা, পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের একমাত্র অথরিটি 'শারী'আহ্ কাউন্সিল' বা 'শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড'। এ সংস্থার অবর্তমানে ইসলামী ব্যাংকিং-এর অস্তিত্ব চিন্তাই করা যায় না।

বিশিষ্ট ইসলামী ব্যাংকিং গবেষক Dr. Moustafa Mohamed Hosny তাঁর 'The Role of the Religious Board' শীর্ষক প্রবন্ধে একটি উদ্ধৃতি উল্লেখ করেছেন। যা প্রসঙ্গতঃ উল্লেখ করা প্রয়োজন মনে করছি। উদ্ধৃতিটি নিম্নরূপ ঃ

> *"Conformity to the Shari'ah being the essence of an Islamic bank, it follows that any Islamic bank worthy of the name must have some resource for defining the very concept to which it states that it adheres. It is the Shari'a a scholars, in the form of a Religious Board, who ensure the conformity to the Shari'a of any Islamic bank. As the Shari'a is the principal term employed to describe the Islamic legal system and as the sources of that legal system are similarly religious, being the Qur'an the Sunnah, the writings of Islamic scholars and the consensus of the legal community, an Islamic bank's conduct and operation can only truly be assessed as conforming to the Shari'a if it has the necessary body of scholars learned in the Shari'ah."*[22]

অর্থাৎ "ইসলামী ব্যাংকের সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো তা শারী'আহ্র সাথে সঙ্গতিপূর্ণ হওয়া। যেকোনো ইসলামী ব্যাংককে যথাযথভাবে

22. P D Sloane, 'Islamic Law in the Commercial World', Page-744. See also the following quote from Hassan Mahassni and Neal F. Grenley, 'Public Sector Dispute Resolution in Saudi Arabia The International Lawyer', vol. 21, no. 3 (Summer 1987), Page- 828, 829, which further elaborates on the religious primacy of Islamic law.

www.pathagar.com

'ইসলামী ব্যাংক' অভিধায় অভিষিক্ত হতে হলে এর এমনকিছু বিশেষজ্ঞ ব্যক্তি থাকা বাঞ্ছনীয় যারা সেই ধারাণাটির ব্যাখ্যা প্রদান করবেন, যে ধারণার ভিত্তিতে ইসলামী ব্যাংক পরিচালিত হয়। এঁরাই সেই শারী'আহ্ বিশেষজ্ঞ, যাঁরা রিলিজিয়াস বোর্ড (ধর্মীয় পর্ষদ)-এর নামে যেকোন ইসলামী ব্যাংকের শারী'আহ্ পরিপালন নিশ্চিত করে থাকেন। ইসলামী আইন-ব্যবস্থায় শারী'আহ্ এমন একটি মৌলিক পরিভাষা, যা ইসলামী আইন-ব্যবস্থার (Legal System) ব্যাখ্যা প্রদানের নিমিত্তে ব্যবহৃত হয়ে থাকে এবং একই সাথে সেই আইন-ব্যবস্থা (Legal System)-এর উৎস হলো ধর্মীয় তথা কুরআন, সুন্নাহ, ইসলামী বিশেষজ্ঞগণের লেখা ও ফক্বীহগণের ঐকমত্য। অতএব একটি ইসলামী ব্যাংকের কার্যক্রম শারী'আহ অনুযায়ী পরিচালিত হচ্ছে বলে কেবল তখনই সঠিকভাবে মূল্যায়ন করা সম্ভব যদি এ প্রতিষ্ঠানের শারী'আহ্ বিষয়ে পারদর্শী একটি আবশ্যিক বিশেষজ্ঞ দল থাকে।"

'Directory of Islamic Financial Institutions'-এ John R. Presley, তার 'The Evolution of Islamic Banking' শীর্ষক প্রবন্ধে যে মন্তব্যটি করেছেন এক্ষেত্রে তা উল্লেখ করা প্রয়োজন বোধ করছি ঃ

> *"An Islamic Bank does not only have to have a board of directors but it also has to have a Shari'a Advisory Board. This is most important where Islamic banks operate in a society which does not fully apply Shari'a laws. The board should possess a high degree of independence both internally and externally."*[23]

অর্থাৎ "ইসলামী ব্যাংকের শুধু একটি পরিচালনা পর্ষদ থাকলেই চলবে না বরং এর থাকতে হবে একটি শারী'আহ্ উপদেষ্টা পর্ষদ। যে সমাজে শারী'আহ্ আইনের পরিপূর্ণ প্রয়োগ নেই সেই সমাজে তা (শারী'আহ্ পর্ষদ) অত্যাবশ্যক। এ পর্ষদের অভ্যন্তরীণ ও ব্যাহ্যিকভাবে সর্বোচ্চ পর্যায়ের স্বাধীনতা থাকতে হবে।"

প্রখ্যাত শারী'আহ্ বিশেষজ্ঞ শেখ নিজাম ইয়া'কুবী তাঁর 'Requirements to be fulfilled when Conventional Banks Set up Islamic Bank, Windows or Funds' শীর্ষক শিরোনামে লিখিত প্রবন্ধে বলেন ঃ

---

23. 'The Evolution of Islamic Banking', in Direclory of Islamic Financial Institutions, ed. John R. Presley, Beckenham, Kent, United Kingdom : International Centre for islamic Studies (Croom Helm Ltd.), 1988, Page-64.

www.pathagar.com

*"There should be a Shari'a Supervisory Board for any institutional Islamic investment body"*

অর্থাৎ "যেকোন প্রাতিষ্ঠানিক ইসলামী বিনিয়োগ সংস্থায় শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড থাকা অপরিহার্য।"

২. International Association of Islamic Banks (IAIB) গঠিত Higher Religions Supervisory Board সকল ইসলামী ব্যাংকে Religious Board গঠনের আহবান জানিয়েছে। তারা বলছে ঃ

*"The Higher Religious supervisory Board applied it's mandate from the outset and requested that all Islamic Banks and financial institutions appoint a Religious Board."*[24]

অর্থাৎ "উচ্চতর ধর্মীয় তত্ত্বাবধায়ক পর্ষদ শুরু থেকেই তার রায় প্রদান করেছে এবং সকল ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে একটি 'ধর্মীয় পর্ষদ' (Religious Board) নিয়োগ দেয়ার জন্য অনুরোধ করেছে।

৩. AAOIFI কর্তৃক প্রণীত এবং IDB কর্তৃক স্বীকৃত এতদসংক্রান্ত Standard–এ উল্লেখ রয়েছে ঃ

*"Every Islamic financial institution shall have a Shari'ah Supervisory Board."*[25]

অর্থাৎ "প্রত্যেক ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের একটি করে শারী'আহ্ সুপারভাইজারী বোর্ড থাকতে হবে।"

৪. বাংলাদেশে ইসলামী ব্যাংকিং কার্যক্রম চালু করতে হলে কেন্দ্রীয় ব্যাংকের বিধি অনুযায়ী শারী'আহ্ কাউন্সিল বা শারী'আহ সুপারভাইজরী বোর্ড গঠন অপরিহার্য। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত লেটার অব ইনটেন্টে বিষয়টি পরিষ্কারভাবে বলা থাকে।

উদাহরণস্বরূপ আল-আরাফাহ্ ইসলামী ব্যাংককে প্রদত্ত লেটার অব ইনটেন্টে বর্ণিত এ সংক্রান্ত ধারাটি উল্লেখ করা যায়। তা নিম্নরূপ ঃ

"আপনাদের আবেদনের মর্মানুযায়ী ব্যাংকটি ইসলামী শরীয়াহ্‌ভিত্তিতে পরিচালিত হবে এবং এজন্য আপনাদের ব্যাংকে একটি শরীয়াহ্ কাউন্সিল গঠন করতে হবে।"[26]

---

24. প্রাগুক্ত, পৃষ্ঠা–৯৬।

25. Governance Standard for Islamic Financial Institutions No. 1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report, Accounting and auditing Organization for Islamic Financial Institution. পৃষ্ঠা–৩৮।

www.pathagar.com

# শারী'আহ সুপারভাইজরী বোর্ড গঠনের প্রক্রিয়া

'শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের গঠন' নিয়ে আলোচনার পূর্বে এর আইনগত বাধ্যবাধকতা সম্পর্কে কিছুটা আলোকপাত করা দরকার। এক্ষেত্রে বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে বিভিন্ন রকম পদ্ধতি চালু আছে। কোন কোন প্রতিষ্ঠান দেশের আইনের বাধ্যবাধকতার কারণে 'শারী'আহ্ কাউন্সিল' গঠন করে থাকে।

তবে আইনগত ও গঠনতান্ত্রিক বাধ্যবাধকতার বাইরেও এক ধরনের নৈতিক বাধ্যবাধকতা রয়েছে। যার ফলে একটি ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ সংক্রান্ত বিষয়গুলো দেখার জন্য শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড গঠন করা হয়। এটা এমন এক বৈশিষ্ট্য যা ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে প্রচলিত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে আলাদা করে।

অধিকন্তু, শেয়ারহোল্ডারগণ ও সম্মানিত আমানতকারীগণ হালাল উপার্জনের আশায় ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে লেনদেন করে থাকেন। ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কর্তাব্যক্তিগণ হালাল আয়ের প্রতিশ্রুতি দিয়েই তাদের কাছ থেকে আমানত বা অর্থ গ্রহণ করেন। অতএব আমানতকারীগণের এ ব্যাপারে নিশ্চয়তা পাওয়ার অধিকার রয়েছে যে, এ সকল প্রতিষ্ঠানের লেনদেন শারী'আহ্‌র মূলনীতির পরিপন্থী নয়। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে নিশ্চয়তা প্রদান ও আশ্বস্ত করার ক্ষেত্রে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কোন বিকল্প নেই।

মোটকথা, আইনগত বা গঠনতান্ত্রিক বাধ্যবাধকতা থাকুক বা না-ই থাকুক, প্রত্যেক ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের 'শারী'আহ্ সুপারভাইজরী' বোর্ড থাকা জরুরি।

এখন প্রশ্ন হলো, এ শারী'আহ্ বোর্ড গঠন করবে কে? এ বিষয়ে আন্তর্জাতিকভাবে স্বীকৃত এবং যুক্তিগ্রাহ্য নীতি হলো, যেকোন ইসলামী আর্থিক প্রতিষ্ঠান বা ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড গঠনের প্রকৃত অথরিটি উক্ত প্রতিষ্ঠানের শেয়ারহোল্ডারগণ। তারা পরিচালক পর্ষদের সুপারিশক্রমে তাদের বার্ষিক সাধারণসভায় (এজিএম) শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড গঠন করবেন।

---

26. বাংলাদেশ ব্যাংক কর্তৃক আল-আরাফাহ্ ইসলামী ব্যাংককে প্রদত্ত লেটার অব ইনটেন্ট, শর্ত নং ড।

www.pathagar.com

*"Shari'ah Supervisory Board to be appointed by the share holders in their Annual General Meeting upon the recommendation of the Board of Directors."* [27]

অর্থাৎ "পরিচালক পর্ষদের সুপারিশের ভিত্তিতে শেয়ারহোল্ডারগণ কর্তৃক তাঁদের সাধারণসভায় শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড নিয়োগপ্রাপ্ত হবে।"

বাহরাইন ইসলামী ব্যাংকের উপবিধিতে স্পষ্টভাবে বলা হয়েছে ঃ

تتكون هيئة الرقابة الشرعية للبنك من ثلاثة أعضاء أو أكثر يتم تعيينهم من قبل المساهمين في اجتماع الجمعية العمومية بناء علي توصية من مجلس الإدارة .[২৮]

অর্থাৎ "তিন বা ততোধিক সদস্যগণের সমন্বয়ে ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড গঠিত হবে। তাদের নিয়োগ পরিচালক পর্ষদের সুপারিশের ভিত্তিতে বার্ষিক সাধারণসভায় শেয়ারহোল্ডারগণের পক্ষ থেকে সম্পন্ন হবে।"

বাহরাইনের এবিসি ইসলামী ব্যাংকের উপবিধির দ্বিতীয় অধ্যায়ের ১ নং ধারায় বর্ণিত হয়েছে ঃ

تتكون هيئة الرقابة الشرعية للبنك من ثلاثة أعضاء أو أكثر يتم تعيينهم من قبل المساهمين في اجتماع الجمعية العامة بناء علي توصية من مجلس الإدارة .[২৯]

অর্থাৎ "ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড তিন বা ততোধিক সদস্যগণের সমন্বয়ে গঠিত হবে। পরিচালক পর্ষদের সুপারিশের ভিত্তিতে বার্ষিক সাধারণসভায় শেয়ারহোল্ডারগণের পক্ষ থেকে তাঁদের নিয়োগ সম্পন্ন হবে।"

Jardan Islamic Bank for Finance and Investment-এর গঠনতন্ত্রে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

يعين البنك بقرار من الهيئة العامة للمساهمين هيئة الرقابة الشرعية .[30]

অর্থাৎ "শেয়ারহোল্ডারগণের বার্ষিক সাধারণসভার সিদ্ধান্তে ব্যাংক শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড গঠন করবে।"

---

27. Governance Standard for Islamic Financial Institutions No.1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report, Accounting and auditing Organization for Islamic Financial Institution. পৃষ্ঠা-৩৮।
28. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ধারা নং ২, উপধারা-১, পৃষ্ঠা-২।
29. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي দ্বিতীয় অধ্যায়, ধারা-১।
30. عقد التأسيس والنظام الأساسي البنك الاسلامي الأردني للتمويل والاستثمار ধারা নং ১২, উপধারা-১, পৃষ্ঠা-২৪।

www.pathagar.com

# শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যগণের যোগ্যতা

১. ফিকহুল মু'আমালাত বিষয়ে অভিজ্ঞ আলিমে দ্বীনগণ শারী'আহ সুপারভাইজরী বোর্ডের সদস্য হবেন।

> *"A Shari'ah Supervisory Board is an independent body of specialized jurists in Fiqh Al-mua'malat (Islamic Commercial Jurisprudence)"*[31].

অর্থাৎ "ফিকহুল মু'আমালাত (ইসলামী বাণিজ্যিক আইন) বিষয়ে বিশেষজ্ঞ পর্যায়ের ফক্বীহগণের (ইসলামী আইনবিদ) সমন্বয়ে গঠিত একটি স্বাধীন সত্তাই হলো শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড।"

বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপ বিধিতে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

> *هيئة الرقابة الشرعية جهاز مستقل من الفقهاء المتخصصين في فقه المعاملات المالية الإسلامية.* [٣٢]

অর্থাৎ "ইসলামী আর্থিক লেনদেন সংক্রান্ত আইনে বিশেষজ্ঞ ফক্বীহগণের সমন্বয়ে গঠিত এক স্বাধীন সংস্থার নাম শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড।"

ABC Islamic Bank (E.C)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে এর সদস্য সম্পর্কে বলা হয়েছে ঃ

> *هيئة الرقابة الشرعية جهازمستقل من الفقهاء المتخصصين في فقه المعاملات المالية الإسلامية.*[٣٣]

---

31. Governance Standard for Islamic Financial Institutions. No. 1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report, Accounting and auditing Organization for Islamic Financial Institution. পৃষ্ঠা-৩৮।

32. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ধারা নং ২, উপধারা-১, পৃষ্ঠা-২।

33. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي প্রথম অধ্যায়, ধারা-১।

www.pathagar.com

অর্থাৎ "ইসলামী আর্থিক লেনদেন সংক্রান্ত আইনে বিশেষজ্ঞ ফক্বীহগণের সমন্বয়ে গঠিত এক স্বাধীন সংস্থার নাম শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড।"

২. কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড প্রয়োজন বোধ করলে উক্ত ব্যাংকে কর্মরত ফিকহুল মু'আমালাত বিষয়ে অভিজ্ঞ কর্মকর্তা, নির্বাহীকে এ শর্তে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে পারবেন যে, সদস্য হওয়ার পর তিনি শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের অধীনে পরিচালিত হবেন, ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অধীনে নয়। তার পদোন্নতি, পদাবনতি এবং অন্যান্য সুযোগ-সুবিধাপ্রাপ্তি শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সুপারিশে প্রদত্ত হবে। তার বার্ষিক গোপনীয় প্রতিবেদন (এসিআর) প্রদান করবেন শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের চেয়ারম্যান।

## পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক সদস্য হতে পারবেন কি না

কোন আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংকের পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক বা গুরুত্বপূর্ণ কোন শেয়ারহোল্ডার উক্ত প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হতে পারবেন না।

AAOIFI কর্তৃক প্রণীত এবং IDB কর্তৃক গৃহীত এতদসংক্রান্ত Standard-এ একথা স্পষ্টভাবে বলা হয়েছে ঃ

> *"The Shari'a Supervisory Board should not include director or significant share holders of the Islamic financial institution."* [34]

অর্থাৎ "ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক বা প্রভাবশালী শেয়ার-হোল্ডারগণকে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের অন্তর্ভুক্ত করা উচিত নয়।"

ABC Islamic Banking (E.C.)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

---

34. Governance Standard for Islamic Financial Institutions No. 1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report, Accounting and Auditing Organization for Islamic Financial Institution. পৃষ্ঠা-৩৯।

www.pathagar.com

يجب أن لا يكون عضو اللجنة أحد مديري البنك أو مساهم ذو تأثير فعال أو له مصلحة مؤثرة مع البنك."[৩৫]

অর্থাৎ "ব্যাংকের কোন পরিচালক বা প্রভাবশালী কোন শেয়ারহোল্ডার অথবা ব্যাংকের সাথে স্বার্থ জড়িত রয়েছে এমন শেয়ারহোল্ডার-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্য না হওয়া বাঞ্ছনীয়।"

Accounting and Auditing Organization for Islamic Financial Instututions (AAOIFI) কর্তৃক আয়োজিত রাজকীয় বাহরাইনে ৫ ও ৬ অক্টোবর, ২০০৩ ঈসায়ী তারিখে অনুষ্ঠিত ব্যাংক ও ইসলামিক আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ডসমূহের তৃতীয় আন্তর্জাতিক সম্মেলনে উপস্থাপিত الإختصاص القانوني والحمائة الجنائية للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধে ড. আব্দুস সাত্তার খুয়াইলিদী বলেন ঃ

"القاعلة أن أعضاء هيئة الرقابة الشرعية ليسوا من العاملين في المؤسسة المالية ولاهم أعضاء بمجلس إداراتها وبالتالي فهم لا يخضعون لمجلس إداراتها فهي تمارس بذلك دور الوكيل عن الجمعية العامة."[৩৬]

অর্থাৎ "বিধি হলো, শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যবৃন্দ আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা নন এবং তাঁরা এর পরিচালনা পর্ষদের সদস্যও নন, এমনকি তাঁরা পরিচালনা পর্ষদের অধীনস্তও নন। এ দিক থেকে শারী'আহ্ বোর্ড 'সাধারণসভা'র প্রতিনিধির ভূমিকা পালন করে।"

---

35. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي দ্বিতীয় অধ্যায়, ধারা-৩।

36. ড. আব্দুস সাত্তার খুয়াইলিদী, বাহরাইনে অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত الإختصاص القانوني والحمائة الجنائية للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-২।

www.pathagar.com

## সদস্য হিসেবে আইনবিদ/অর্থনীতিবিদ/ব্যাংকার অন্তর্ভুক্তকরণ

বাংলাদেশে বেশকয়েকটি ইসলামী ব্যাংকে শারী'আহ্ বোর্ড গঠনের ক্ষেত্রে একজন অর্থনীতিবিদ এবং একজন আইনবিদকে শারী'আহ্ বোর্ডের সদস্য রাখার বিধান করে রেখেছে। অনেকে এটার প্রয়োজনীয়তা আছে বলে মত প্রকাশ করেন।

তাদের যুক্তি হলো, শারী'আহ্ বোর্ডে অনেক সময় এমন অনেক বিষয় উপস্থাপিত হয় যা অর্থনীতি বা আইনের সাথে সংশ্লিষ্ট। অতএব এ দু'টো বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি বোর্ডে থাকা প্রয়োজন।

এ মতের বিরুদ্ধে যাদের অবস্থান তাদের বক্তব্য হলো, শারী'আহ্ বোর্ড মূলত শারী'আহ্ বিশেষজ্ঞগণের একটি বোর্ড। ফিকহুল মু'আমালাত বিষয়ে অভিজ্ঞ ফক্বীহ্গণকেই এ বোর্ডের সদস্য হওয়া বাঞ্ছনীয়। শারী'আহ্ বোর্ডসভায় আলোচনার সুবিধার্থে সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী এক বা একাধিক ব্যক্তিকে বিশেষজ্ঞ হিসেবে শারী'আহ্ বোর্ডে আমন্ত্রণ জানালেই বিষয়টির সুষ্ঠু সুরাহা হয়ে যায়।

তাদের কথা হলো, শারী'আহ্ বোর্ডে আইন এবং অর্থনীতির বিষয় ছাড়াও একাউন্টস্, ব্যাংকিং, ইন্স্যুরেন্স ইত্যাদি অনেক বিষয়ই তো আলোচনায় আসতে পারে। তাই বলে কি এ সকল বিষয়ে বিজ্ঞ ব্যক্তিগণকে শারী'আহ্ বোর্ডের সদস্য করে নেয়া সঙ্গত হবে? আইন, অর্থনীতি, ব্যাংকিং, ইন্স্যুরেন্স ইত্যাদি বিষয়গুলোতেও বিভিন্ন শাখা-প্রশাখা রয়েছে। সে শাখা-প্রশাখাগুলোতেও একেকজন অভিজ্ঞ ব্যক্তি হয়ে থাকেন। শারী'আহ্ বোর্ডের সর্বজন স্বীকৃত সংজ্ঞায়ও সদস্য হিসেবে الفقهاء (ফক্বীহগণ) শব্দের প্রয়োগ করা হয়েছে। অর্থনীতিবিদ, ব্যাংকার, আইনবিদ ও অন্যান্য বিশেষজ্ঞগণের উল্লেখ তাতে নেই।

এ সম্পর্কে বিশিষ্ট শারী'আহ্ বিশেষজ্ঞ ড. رياض منصور الخليفي তাঁর النظرية العامة للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধে উল্লেখ করেন :

www.pathagar.com

في تخصيص ذكر (الفقهاء) دون غيرهم تنبيه على أنهم الأصل في عملية استنباط الحكم الشرعي على المعاملة المالية في الشريعة الإسلامية، ويندرج تحت وصف (الفقهاء) الشروط المعتبرة في ذلك، لاسيما الدربة في فقه المعاملات المالية، كما دلت عليه (أل) العهدية، ولا يقدح في التعريف خلوه عن ذكر الخبراء و المتخصصين في مجالات أخرى كالاقتصاد والقانون ونحوهم، فإنما هم أنصار الفقهاء وأعوانهم، فيلجأ إليهم عند الحاجة إلى درك جوانب تفصيلية تخصصية خارج نطاق الاستنباط الفقهي، ذلك أن شروط الاجتهاد منتفية عنهم؛ فلا يجوز لهم إصدار الفتاوى والأحكام الشرعية على المعاملة المالية بالحل أو الحرمة استقلالا لانعدام أهلية الاجتهاد الشرعي فيهم، لكن يلزم تبعا الاستعانة بكل من لا يتم الواجب إلا به متى احتيج إليه .

অর্থাৎ "ফক্বীহ্দের কথা বিশেষভাবে উল্লেখ করাতে এটাই প্রমাণিত হয় যে, তাঁরাই ইসলামী মু'আমালাত বিষয়ে শার'ঈ হুকুম উদ্ভাবন কার্যক্রমের আসল কর্তৃপক্ষ। যাঁদের বেলায় 'ফক্বীহ্' বিশেষণ প্রয়োগ করা হবে তাঁদের ক্ষেত্রে নির্ভরযোগ্য শর্তাবলী বিদ্যমান থাকা বাঞ্ছনীয়। তাই শারী'আহ্ বোর্ডের সংজ্ঞায় অর্থনীতি, আইন ও অন্যান্য বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিদের কথা উল্লেখ না করাটা দোষণীয় নয়। কারণ তারা (বিশেষজ্ঞগণ) হলেন ফক্বীহ্গণের সহযোগী ও সাহায্যকারী। ফক্বীহ্গণ 'ফিক্বহী হুকুম' উদ্ভাবনের আওতার বাইরে বিভিন্ন বিষয়ের বিস্তারিত দিকসমূহ জানার জন্য বিশেষজ্ঞ ব্যক্তিদের সাহায্য গ্রহণ করতে পারেন। কারণ ইজতিহাদের শর্তসমূহ বিশেষজ্ঞগণের মধ্যে অনুপস্থিত। সুতরাং তাদের পক্ষ থেকে ইসলামী মু'আমালাত বিষয়ে হালাল-হারাম সংক্রান্ত শার'ঈ হুকুম উদ্ভাবন ও ফত্ওয়া প্রদান বিধিসম্মত নয়। তবে প্রয়োজনে যার সাহায্য ব্যতীত কোন অত্যাবশ্যকীয় কাজ সম্পাদন করা যায় না তার সাহায্য অবশ্যই নিতে হবে।"

অতএব, বোর্ডে যেদিন যে বিষয়ে আলোচনা হবে সেদিনের আলোচনার সাথে সম্পর্কিত এক বা একাধিক অভিজ্ঞ ব্যক্তিকে সেই নির্দিষ্ট সভায় আমন্ত্রণ জানানোই আমার মতে যুক্তিসঙ্গত।

এ বিষয়ে ABC Islamic Bank-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বিষয়টি সুস্পষ্টভাবে বলে দেয়া হয়েছে ঃ

www.pathagar.com

*للهيئة أن تدعو لاجتماعاتها من تراه من مديري البنك ومنسوبيه وخبرائه ومستشاريه لاستيضاح ما تحتاج إليه من بيانات ومعلومات تتعلق بالمسائل المعروضة عليها.*

*يجوز أن يحضر اجتماعات الهيئة من ترغب إدارة البنك في حضوره بالتنسيق مع رئيس الهيئة.*"[৩৭]

অর্থাৎ "শারী'আহ্ বোর্ডে উপস্থাপিত মাসায়েলের সাথে সংশ্লিষ্ট তথ্য ও বিষয়াবলী সুস্পষ্ট করার জন্য ব্যাংকের পরামর্শক, বিশেষজ্ঞ এবং পরিচালকদের মধ্য থেকে যাকে চাইবে শারী'আহ্ বোর্ডের সভায় উপস্থিতির জন্য তাকে বা তাদেরকে দাওয়াত দেয়ার অধিকার শারী'আহ্ বোর্ডের রয়েছে।

ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ শারী'আহ্ বোর্ডের সভায় কারো উপস্থিতির প্রয়োজনীয়তা বোধ করলে শারী'আহ্ বোর্ডের চেয়ারম্যানের সম্মতির ভিত্তিতে তিনি বা তারা শারী'আহ্ বোর্ডসভায় উপস্থিত হতে পারবেন।"

সুতরাং ফিকহুল মু'আমালাত বিষয়ে অভিজ্ঞ ফক্বীহ্গণ ব্যতীত একান্তই যদি কাউকে শারী'আহ্ বোর্ড তার সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে চায়, তা করা যেতে পারে দুটো শর্তসাপেক্ষে। শর্ত দুটো হচ্ছে ঃ

১. এমন ব্যক্তিকে ইসলামী অর্থব্যবস্থা বিশেষভাবে ব্যাংকিং ব্যবস্থা সম্পর্কে পারদর্শী হতে হবে।
২. ফিকহুল মু'আমালাত বিষয়েও তার ধারণা থাকতে হবে।

তবে এ ধরনের সদস্য এক জনের অধিক না হওয়াই বাঞ্ছনীয়।

অতএব ইসলামী অর্থব্যবস্থায় পারদর্শী কিন্তু ফিকহুল মু'আমালাত বিষয়ে বিশেষজ্ঞ নন এমন একজন ব্যক্তিকেও শারী'আহ বোর্ড তার সদস্য হিসেবে গ্রহণ করতে পারে, তবে তার ফিকহুল মু'আমালাত বিষয়ে জ্ঞান থাকতে হবে। যেমন IDB স্বীকৃত AAOIFI-এর শারী'আহ্ বোর্ড সম্পর্কিত Standard-এ বলা হয়েছে ঃ

*"The Shari'ah Supervisory board may include a member other than those specialized in Fiqh-Al-mu'amalat, but who*

---

37. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي পঞ্চম অধ্যায়, ধারা-৩ ও ৪।

www.pathagar.com

*should be an expert in the field of Islamic financial institutions and with knowledge of Fiqh-Al-mu'amalat.*"[৩৮]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড উক্ত ফিকহুল মুআ'মালাত বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিগণের বাইরেও একজন সদস্যকে তার অন্তর্ভুক্ত করে নিতে পারবে, তবে এ ধরনের মনোনীত ব্যক্তির ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে দক্ষতাসম্পন্ন এবং ফিকহুল মু'আমালাত বিষয়ে জ্ঞান থাকতে হবে।"

এ বিষয়ে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. জামাল উদ্দীন আতিয়্যাহ্ নিম্নোক্ত মন্তব্য করেন ঃ

*جرت معظم البنوك الإسلامية على تشكيلها من علماء الشرعية المتخصصين في فقه المعاملات، واتجه بعض البنوك إلي ضم عناصر اقتصادية و المصرفية وقانونية الي الهيئة.*"[٣٩]

অর্থাৎ "অধিকাংশ ব্যাংক ফিকহুল মু'আমালাত বিষয়ে বিশেষজ্ঞ শারী'আতের আলিম (ফক্বীহ্)-গণের সমন্বয়ে শারী'আহ্ বোর্ড গঠনের পক্ষে মত ব্যক্ত করেছে। কিছু সংখ্যক ব্যাংক অর্থনীতি, ব্যাংকিং ও আইন বিষয়ে বিশেষজ্ঞগণকে শারী'আহ্ বোর্ডে অন্তর্ভুক্ত করার বিষয়ে মত দিয়েছে।"

ABC Islamic Bank (E.C)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

*يجوز أن يكون أحد أعضاء الهيئة من غيرالفقهاء علي أن يكون من المتخصصين في مجال المؤسسات المالية الإسلامية وله إلمام بفقه المعاملات.*"[٤٠]

অর্থাৎ "ফিকহুল মুআ'মালাত বিষয়ে বিশেষজ্ঞ ব্যক্তিগণ ব্যতীত আরও এক জনকে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা যেতে পারে, তবে এ ধরনের ব্যক্তির ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রে দক্ষতা ও ফিকহুল মু'আমালাত বিষয়ে জ্ঞান থাকতে হবে।"

---

38. Governance Standard for Islamic Financial Institutions. No. 1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report, Accounting and auditing Organization for Islamic Financial Institution. পৃষ্ঠা-৩৮।

39. البنوك الإسلامية بين الحرية و التنظيم التقليد والإجتهاد النظرية و التطبيق، الطبعة الأولي للدكتور جمل الدين عطية، كتاب الأمة، الدوحة - قطر، صفحة - ٦٩

40. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي দ্বিতীয় অধ্যায়, ধারা-৫।

www.pathagar.com

# শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড সভা

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যগণ বছরে কতটি সভায় মিলিত হবেন এ বিষয়ে সুস্পষ্ট কোন বিধান নেই। বরং কাজের পরিধি ও প্রয়োজনের প্রেক্ষিতে যতবার সভা আয়োজন করা দরকার ততবারই বোর্ডের সদস্যগণ সভায় মিলিত হবেন। বোর্ড সভা ছাড়াও বোর্ড সভায় গঠিত বিভিন্ন সাব-কমিটির সদস্যগণও প্রয়োজনানুসারে সময়ে সময়ে সভায় মিলিত হবেন। এ বিষয়ে বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

*تعقد الهيئة اجتماعات دورية مرة كل ثلاثة اشهر، ويجوز أن تعقد جلسات طارئة غير عادية إذا اقتضت مصلحة العمل ذلك بطلب من الرئيس التنفيذى أو المدير العام للبنك أو اثنين من أعضاء الهيئة أو قرار من اللجنة التنفيذية للهيئة.*[41]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড প্রতি তিন মাস অন্তর সভার আয়োজন করবে। বোর্ডের নির্বাহী কমিটির সিদ্ধান্তে অথবা দুই-তৃতীয়াংশ সদস্যের আহ্বানে অথবা ব্যাংকের প্রধান নির্বাহী বা নির্বাহী সভাপতির আহ্বানে প্রয়োজনবোধে বোর্ড কাজের সুবিধার্থে জরুরি সভা আহ্বান করতে পারবে।"

বাহরাইনস্থ আরেক ইসলামী ব্যাংক ABC Islamic Bank (E.C.)-এর উপবিধিতে বলা হয়েছে ঃ

*تعقد الهيئة اجتماعات دورية مرة كل ثلاثة اشهر، ويجوز أن تعقد جلسات طارئة غير عادية إذا اقتضت مصلحة العمل ذلك بطلب من المدير العام للبنك أو اثنين من أعضاء الهيئة.*[42]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড প্রতি তিন মাস অন্তর সভার আয়োজন করবে। দুই-তৃতীয়াংশ সদস্যের আহ্বানে অথবা ব্যবস্থাপনা

---

41. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي পঞ্চম অধ্যায়, ধারা-১, পৃষ্ঠা-৭।

42. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي পঞ্চম অধ্যায়, ধারা-১।

www.pathagar.com

পরিচালকের আহ্বানে প্রয়োজনবোধে বোর্ড কাজের সুবিধার্থে জরুরি সভা আহ্বান করতে পারবে।"

বাংলাদেশের বিভিন্ন ইসলামী ব্যাংক অথবা ইসলামী ব্যাংকিং শাখাধারী প্রচলিত ব্যাংকসমূহের মধ্যে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড, প্রাইম ব্যাংক লিমিটেড, যমুনা ব্যাংক লিমিটেড এবং ঢাকা ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিল/বোর্ডগুলোর উপবিধিতে এ সম্পর্কে কোন বক্তব্য নেই।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে বলা হয়েছে ঃ

> *"প্রতিমাসে কাউন্সিলের কমপক্ষে একটি বৈঠক অনুষ্ঠিত হবে।"*[43]

সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ বোর্ডের উপবিধিতে এ সম্পর্কে নিম্নরূপ বক্তব্য লেখা রয়েছে ঃ

> *"The meeting of the Board shall be convened at least four times in a year."*[44]

অর্থাৎ "প্রতিবছর শরীয়াহ্ বোর্ডের কমপক্ষে চারটি সভার আয়োজন করতে হবে।"

## শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যগণের সম্মানী

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যগণের সম্মানী কখনও পরিচালনা পর্ষদের সদস্যবর্গের সম্মানীর চেয়ে কম হওয়া সমীচীন নয়। বরং তাদের সম্মানীর চেয়ে বেশি হওয়াই অধিক যুক্তিসঙ্গত এবং শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যগণের উচ্চমর্যাদার সাথে সঙ্গতিপূর্ণ।

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড যেকোন ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের হৃদপিণ্ড। এটি অচল হলে প্রতিষ্ঠানটি অচল হতে বাধ্য। যেকোন ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের মর্যাদা বা অবস্থান 'শারী'আহ্ আইন'-এর দৃষ্টিতে সেই প্রতিষ্ঠানের অন্যান্য সকল ফোরামের ঊর্ধ্বে। সেই হিসেবে এর সদস্যগণও অতি সম্মানিত। অতএব শারী'আহ্

---

43. শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, ধারা-১০, উপধারা-ক, পৃষ্ঠা-৭।

44. Bye-Laws of the Shari'ah Board, Social Investment Bank Limited, Article No-5, Page-2.

www.pathagar.com

সুপারভাইজরী বোর্ডের সদস্যগণের সম্মানী ও অন্যান্য সুযোগ-সুবিধা অন্যান্য ফোরামের তুলনায় কম হওয়া এ বোর্ডের সম্মান ও মর্যাদার সাথে বেমানান ও বৈসাদৃশ্যপূর্ণ।

যদিও অনেকে মনে করেন, এঁদের সম্মানী কম হওয়া বরং এঁদের সততা ও ত্যাগী মনোভাবের পরিচায়ক।

এ ধারণা মোটেই সঠিক নয়। তাঁরা যদি নিজেদের সম্মানী নিজেরা নির্ধারণ করতেন এবং কম নির্ধারণ করতেন, তাহলে হয়ত তা তাঁদের ত্যাগ ও সততা হিসেবে গণ্য করা যেত। অথচ এদের সম্মানী তাঁরা নিজেরা নির্ধারণ করেন না। তা নির্ধারণ করে অন্যপক্ষ। শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সম্মানী ও বেতন-ভাতা প্রতিষ্ঠানের অন্যান্য বিভাগে কর্মরত ব্যক্তিদের তুলনায় কম হলে এই অতীব গুরুত্বপূর্ণ অঙ্গনে প্রতিভাবান ও যোগ্যতাসম্পন্ন ব্যক্তিরা কাজ করতে আগ্রহী হবেন না। এতে ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ভিত নড়বড়ে হয়ে যাওয়ার আশংকা রয়েছে।

প্রখ্যাত ইসলামী ব্যাংকিং গবেষক Philipe moore তাঁর 'Islamic Finance' গ্রন্থে এ প্রসঙ্গে একটি চমৎকার মন্তব্য উপস্থাপন করেছেন ঃ

> *"Aside from their expenses Shari'ah committees are largely unpaid. While London-based bankers enthuse that this ensures their integrity, an obvious downside is that other talented experts in the field may be likely to prefer to work within banks."*[45]

অর্থাৎ "এছাড়া ব্যাংকের অন্যান্য ব্যয়ের তুলনায় শারী'আহ্ পর্ষদগুলোর পারিতোষিক বিরাট আকারে অপরিশোধিত। লন্ডনভিত্তিক ব্যাংকারগণ উৎসাহের সাথে বলে থাকেন যে, এটা তাদের সততা নিশ্চিত করে অথচ এর অনিবার্য নেতিবাচক দিক হলো, এমনটি হতে পারে যে, এই অঙ্গনে কর্মরত অন্যান্য প্রতিভাধর বিশেষজ্ঞ ব্যক্তিগণ ব্যাংকের অভ্যন্তরে কাজ করাকে অগ্রাধিকার দিবেন।"

---

45. Islamic Finance, Philipe moore, Euromoney Publications, PLC Nestor House, Playhouse Yard, London EC4V 5EX, 1997, Page-32

www.pathagar.com

## শারী'আহ সুপারভাইজরী বোর্ডের সদস্যসংখ্যা

কোন আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সর্বোচ্চ সদস্য কতজন হবেন–এ বিষয়ে ধরাবাঁধা কোন নিয়ম না থাকলেও সর্বনিম্ন সদস্যসংখ্যা হবে তিন জন। বিশেষজ্ঞগণের মত এটিই। AAOIFI কর্তৃক প্রণীত Standard-এ বলা হয়েছে ঃ

> *"The Shari'ah Supervisory Board shall consist of at least three members."*[46]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড কমপক্ষে ৩ (তিন) জন সদস্যের সমন্বয়ে গঠিত হতে হবে।"

জর্দান ইসলামী ব্যাংকের গঠনতন্ত্রে বলা হয়েছে ঃ

> *يعين البنك بقرار من الهيئة العامة للمساهمين هيئة الرقابة الشرعية لا يقل عدد أعضائها عن ثلاثة أشخاص،*[৪৭]

অর্থাৎ "ব্যাংক শেয়ারহোল্ডারগণের বার্ষিক সাধারণসভার সিদ্ধান্তে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড গঠন করবে যার সদস্যসংখ্যা তিন জনের কম হবে না।"

বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে উল্লেখ রয়েছে ঃ

> *" تتكون هيئة الرقابة الشرعية للبنك من ثلاثة أو أكثر يتم تعيينهم من قبل المساهمين في اجتماع الجمعية العمومية بناء علي توصية من مجلس الإدارة .*[৪৮] "

অর্থাৎ "তিন বা ততোধিক সদস্যের সমন্বয়ে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড গঠিত হবে। তাঁরা পরিচালক পর্ষদের সুপারিশের আলোকে বার্ষিক সাধারণসভায় (এজিএম) শেয়ারহোল্ডারগণ কর্তৃক নিযুক্ত হবেন।"

---

46. প্রাগুক্ত, পৃষ্ঠা–৩৯।

47. عقد التأسيس والنظام الأساسي البنك الاسلامي الأردني للتمويل والاستثمار ধারা নং ১২, উপধারা–১, পৃষ্ঠা–২৪।

48. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ধারা নং ২, উপধারা–১, পৃষ্ঠা–২।

www.pathagar.com

Association of Islamic Banks (IAIB) কর্তৃক গঠিত Higher religious supervisory board-এর দৃষ্টিভঙ্গি কিছুটা ভিন্ন।

> *"Higher Religious Supervisory Board applied its mandate from the outset and requested that all Islamic banks and financial institutions appoint a religious Board of not less than thirteen (13) Islamic scholars within their own organization in order to render binding decisions regarding conformity with the Shari'ah."* [49]

অর্থাৎ "হায়ার রিলিজিয়াস সুপারভাইজরী বোর্ড এ মত দিয়েছে এবং অনুরোধ জানিয়েছে যে, শারী'আহ্ পরিপালন নিশ্চিতকরণের লক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রত্যেক ব্যাংককে তাদের মধ্যকার কমপক্ষে ১৩ জন ইসলামিক স্কলারের সমন্বয়ে একটি রিলিজিয়াস বোর্ড গঠন করা উচিত।"

যা হোক, কোন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যসংখ্যা কত হবে সেটা তার পরিবেশ-পরিস্থিতি ও প্রয়োজনের আলোকে নির্ধারিত হওয়াই যুক্তিসঙ্গত।

বাংলাদেশে 'ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড' তাদের শরীয়াহ্ কাউন্সিলের সদস্যসংখ্যা সর্বনিম্ন ১০ (দশ) জন এবং সর্বাধিক ১৫ জন[50] হবে বলে ধার্য করেছে। অন্যান্য ব্যাংকের মধ্যে আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক শরীয়াহ্ কাউন্সিলের সদস্যসংখ্যা ৭ জন,[51] সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক ১১ জন,[52] প্রাইম ব্যাংক ৮ জন,[53] শাহ্জালাল ইসলামী ব্যাংক ৭ জন,[54] যমুনা ব্যাংক ৬ জন,[55] ঢাকা ব্যাংক ৫ জন, [56] এবং প্রিমিয়ার ব্যাংক ১২ জন,[57] রাখার বিধান করেছে।

---

49. The Role of the Religious Board, Dr. Moustafa Mohamed Hosny, Encyclopaedia of Islamic Banking & Insurance, Institute of Islamic Banking and Insurance. পৃষ্ঠা-৯৬।
50. উপবিধি শরীয়াহ্ কাউন্সিল, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, পৃষ্ঠা-২।
51. উপবিধি শরীয়াহ্ কাউন্সিল, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, পৃষ্ঠা-২।
52. উপবিধি শরীয়াহ্ বোর্ড, সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড, পৃষ্ঠা-১।
53. উপবিধি শরীয়াহ্ কাউন্সিল, প্রাইম ব্যাংক লিমিটেড, পৃষ্ঠা-২।
54. উপবিধি শরীয়াহ্ কাউন্সিল, শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড, পৃষ্ঠা-২।
55. উপবিধি শরীয়াহ্ কাউন্সিল, যমুনা ব্যাংক লিমিটেড, পৃষ্ঠা-২।
56. উপবিধি শরীয়াহ্ কাউন্সিল, ঢাকা ব্যাংক লিমিটেড, পৃষ্ঠা-২।
57. উপবিধি শরীয়াহ্ কাউন্সিল, দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, পৃষ্ঠা-১।

www.pathagar.com

# শারী'আহ্ বোর্ড নির্বাহী কমিটি

মধ্যপ্রাচ্যের ইসলামী ব্যাংকগুলোতে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের পাশাপাশি বোর্ডের দুই বা ততোধিক সদস্যের সমন্বয়ে 'নির্বাহী কমিটি' গঠনের রেওয়াজ রয়েছে। নির্বাহী কমিটি বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত প্রদান, ব্যাংকিং কার্যক্রম সরেজমিনে পরিদর্শন, বোর্ডসভার বিষয়বস্তু নির্ধারণ ও প্রণয়ন এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক উত্থাপিত বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত দিয়ে থাকেন। এঁদের সিদ্ধান্তসমূহ সুপারিশমূলক হয়ে থাকে, বাধ্যতামূলক নয়। তবে নির্বাহী কমিটির কোন সিদ্ধান্ত বোর্ডসভায় দুই-তৃতীয়াংশ সদস্যের মতামত লাভ করতে পারলে তা বাধ্যতামূলক বলে গণ্য হয়।

এ সম্পর্কে বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধি তৃতীয় অধ্যায়ে اللجنة التنفيذية للهيئة। শিরোনামে বলা হয়েছে ঃ

১. *يجوز بموافقة الإدارة أن تنبثق عن الهيئة لجنة تنفيذية ينـاط بهـا النظر في القضايا الطارئة والقيام بالزيـارات الميدانيـة و تحضـير الموضوعات وإعدادها للعرض علي الهيئة وما تحيلـه إليهـا الهيئـة أو الإدارة من أعمال.*

২. *تتكون اللجنة التنفيذية من عضوين أو أكثـر مـن أعضـاء هيئـة الرقابة الشرعية.*

৩. *تبين اللجنة التنفيذية رأيها في صورة قرار و توصية ، ولا تصـبح قراراتها ملزمة الا إذا وافق عليها غالبية أعضاء الهيئة.*[৫৮]

---

58. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي তৃতীয় অধ্যায়, ধারা-১,২ ও ৩, পৃষ্ঠা-৪।

www.pathagar.com

অর্থাৎ

১. "পরিচালক পর্ষদের সম্মতির ভিত্তিতে শারী'আহ্ বোর্ডে নির্বাহী কমিটি গঠনের সুযোগ রয়েছে। যে কমিটির দায়িত্ব হবে তাদের উপর অর্পিত বিষয়সমূহে নজর দেয়া, সরেজমিন পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা, শারী'আহ্ বোর্ডসভায় উপস্থাপনের জন্য বিষয়বস্তু প্রস্তুত করা এবং শারী'আহ্ বোর্ড বা পরিচালক পর্ষদ কর্তৃক তার উপর আরোপিত অন্য যেকোন কাজ আঞ্জাম দেয়া।

২. শারী'আহ্ বোর্ডের দুই বা ততোধিক সদস্যগণের সমন্বয়ে এ নির্বাহী কমিটি গঠিত হবে।

৩. নির্বাহী কমিটি তার মতামত সিদ্ধান্ত ও সুপারিশ আকারে বর্ণনা করবে। এ কমিটির সিদ্ধান্তাবলী বাধ্যতামূলক নয়। তবে শারী'আহ্ বোর্ডের দুই-তৃতীয়াংশ সদস্য যদি এ কমিটির সিদ্ধান্তের সাথে একমত হয় তবে তা বাধ্যতামূলক।"

ABC Islamic Bank (E.C)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

*يجوز بموافقة الإدارة أن تنبثق عن الهيئة لجنة تنفيذية يناط بها النظر في القضايا الطارئة والقيام بالزيارات الميدانية و تحضير الموضوعات وإعدادها للعرض علي الهيئة وما تحيله إليها الهيئة أو الإدارة من أعمال.*[৫৯]

অর্থাৎ "পরিচালক পর্ষদের সম্মতির ভিত্তিতে শারী'আহ্ বোর্ডে নির্বাহী কমিটি গঠনের সুযোগ রয়েছে। যে কমিটির দায়িত্ব হবে তাদের উপর অর্পিত বিষয়সমূহে নজর দেয়া, সরেজমিন পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা, শারী'আহ্ বোর্ডসভায় উপস্থাপনের জন্য বিষয়বস্তু প্রস্তুত করা এবং শারী'আহ্ বোর্ড বা পরিচালক পর্ষদ কর্তৃক তার উপর আরোপিত অন্য যেকোন কাজ আঞ্জাম দেয়া।"

---

59. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي তৃতীয় অধ্যায়, ধারা-১।

www.pathagar.com

## একই ব্যক্তির একাধিক বোর্ডের সদস্য হওয়া

একই ব্যক্তি একাধিক ব্যাংকের শারী'আহ্ বোর্ডের সদস্য হতে পারবেন কি না- এটা একটা বিতর্কিত প্রশ্ন। একই ব্যক্তি একাধিক ইসলামী ব্যাংকের শারী'আহ্ বোর্ডের সদস্য না হয়ে ভিন্ন ভিন্ন ব্যক্তি বিভিন্ন ব্যাংকে সদস্য হলে সার্বিকভাবে ভালো হতো বলে আমার ধারণা। তবে ফিকহুল মু'আমালাত বিষয়ে বিশেষজ্ঞ ফক্বীহ্ আলিমের সংখ্যা বাংলাদেশে তথা সারাবিশ্বে খুবই নগণ্য। অন্যদিকে ইসলামী ব্যাংকের সংখ্যাও এত বৃদ্ধি পেয়েছে যে, মুষ্টিমেয় বিশেষজ্ঞ ব্যক্তির একাধিক ইসলামী ব্যাংকের শারী'আহ্ বোর্ডে সদস্য হওয়া ছাড়া কোন গত্যন্তর নেই। প্রখ্যাত ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ Philipe moore এ বিষয়ে যা লিখেছেন তা বাস্তবতার সাথে খুবই সঙ্গতিপূর্ণ। তিনি লিখেছেন ঃ

> *"An obvious problem facing the Islamic banking industry is the dearth of scholars who are well versed in the teachings of the Qur'an as well as in economics, finance and capital markets. In an interview with the author in January 1997, Muazzam Ali of the IIBI estimated that there were no more than about 20 scholars world-wide who were sufficiently qualified to express reliable opinions on all these subjects. One of the results of this is that, inevitably, a number of scholars sit on a number of different boards. In a sense, that should be a good thing, because it will ensure a degree of uniformity; in another it is of course a very negative phenomenon because of the potential for the breach of chinese walls and resulting conflict of interest.'*[60]

অর্থাৎ "কুরআন, অর্থনীতি, ব্যাংকিং ও পুঁজিবাজারে সুদক্ষ লোকের প্রকট অভাব ইসলামী ব্যাংকিং শিল্পের একটি বিরাট সমস্যা। ১৯৯৭ সালের জানুয়ারীতে গ্রন্থকারের সাথে দেয়া সাক্ষাৎকারে লন্ডনভিত্তিক প্রতিষ্ঠান Institut of Islamic Banking and Insurance (IIBI)-এর মুয়াজ্জাম আলীর মূল্যায়ন ছিল, সমগ্র

60. Islamic Finance, Philipe moore, Euromoney Publications, PLC Nestor House, Playhouse Yard, London EC4V 5EX, 1997, Page-32.

www.pathagar.com

বিশ্বে উপরিউক্ত বিষয়গুলোর উপর নির্ভরযোগ্য মতামত প্রদান করার যোগ্যতাসম্পন্ন বিদ্বান ব্যক্তির সংখ্যা ২০ (বিশ)-এর অধিক নয়। এর ফল হলো অনিবার্যভাবে কিছুসংখ্যক বিশেষজ্ঞ (ফক্বীহ) ব্যক্তি বিভিন্ন পর্ষদে যোগ দিচ্ছেন। একদিক বিবেচনায় এটা ভালো বিষয় হওয়া উচিত। কারণ এটা (সিদ্ধান্ত গ্রহণে) এক ধরনের অভিন্নতা নিশ্চিত করবে। তবে অন্যদিক বিবেচনায় '*চীনের প্রাচীর ভঙ্গের সম্ভাবনা ও স্বার্থের দ্বন্দ্বের সূচনা*'-এর আশংকায় এটি অবশ্যই একটি নেতিবাচক বিষয়।"

## শারী'আহ সুপারভাইজরী বোর্ড সচিবালয়

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কার্যক্রম সুচারুরূপে পরিচালনার জন্য একটি পূর্ণাঙ্গ সচিবালয় থাকা আবশ্যক। যে সচিবালয়ে প্রয়োজনীয় কিতাবাদিসমৃদ্ধ একটি লাইব্রেরী, সদস্যদের সভা ও ডিসকাশনের জন্য একটি কনফারেন্স রুম, চেয়ারম্যান এবং সদস্য সচিবের জন্য পৃথক অফিস এবং মুরাক্বিব ও বোর্ডের অন্যান্য জনশক্তির বসার সংকুলান থাকবে। থাকবে প্রয়োজনীয় আসবাবপত্র। শারী'আহ্ বোর্ডের কার্যক্রম যথাযথভাবে আঞ্জাম দেয়ার জন্য একটি পূর্ণাঙ্গ সচিবালয়ের বিকল্প নেই।

সচিবালয় স্থাপন প্রসঙ্গে বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহ তাদের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে যা উল্লেখ করেছে তা নিম্নে প্রদত্ত হলো ঃ

**ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ঃ**

> *"The Council shall maintain its secretariat with proper logistics alongwith a well equipped library for smooth functioning."* [61]

**আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড ঃ**

> *"শরীয়াহ্ কাউন্সিলের সচিবালয় ব্যাংকের প্রধান কার্যালয়ে বা পর্ষদের সিদ্ধান্তক্রমে অন্যকোন স্থানে স্থাপিত হবে।"* [62]

---

61. ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, পৃষ্ঠা-০৩।

62. আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, পৃষ্ঠা-০৮।

www.pathagar.com

**সোস্যাল ইনভেস্টম্যান্ট ব্যাংক লিমিটেড ঃ**

*"The Board shall have a secretariat. There will be a Member-Secretary, who will see whether the functions of the Bank are being caried out in accordance with the principles of Islamic Shari'ah."* [63]

**শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড ঃ**

*"শরীয়াহ্ কাউন্সিলের সচিবালয় ব্যাংকের প্রধান কার্যালয়ে বা পর্ষদের সিদ্ধান্তক্রমে কোন স্থানে স্থাপিত হবে।"* [64]

**দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড ঃ**

*"শরীয়াহ্ কাউন্সিলের সচিবালয় ব্যাংকের প্রধান কার্যালয়ে বা পর্ষদের সিদ্ধান্তক্রমে অন্যকোন স্থানে স্থাপিত হবে।"* [65]

**যমুনা ব্যাংক লিমিটেড ঃ**

*"শরীয়াহ্ কাউন্সিলের সচিবালয় ব্যাংকের প্রধান কার্যালয়ে বা পর্ষদের সিদ্ধান্তক্রমে যেকোন স্থানে স্থাপিত হবে।"* [66]

**প্রাইম ব্যাংক লিমিটেড ঃ**

*"The Council shall maintain its secretariat and a properly equipped library at the Head Office of the Bank where it will keep records of all its proceedings and decisions."* [67]

**ঢাকা ব্যাংক লিমিটেড ঃ**

*"The Council shall maintain its secretariat and a properly equipped library at the Head Office of the Bank where it will keep records of all its proceedings and decisions."* [68]

কোন কোন ব্যাংককে শারী'আহ্ বোর্ডকে প্রধান কার্যালয়ের অধীনস্থ একটি বিভাগ হিসেবে গণ্য করতে দেখা যায়। এটা ইসলামী ব্যাংকিং তথা IDB স্বীকৃত কনসেপ্টের সম্পূর্ণ পরিপন্থী। যেহেতু শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড একটি সম্পূর্ণ স্বতন্ত্র এবং স্বাধীন সংস্থা সেহেতু এটা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তথা প্রধান কার্যালয়ের অধীনস্থ কোন বিভাগ হতে পারে না।

---

63. সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ বোর্ড বাইলজ, পৃষ্ঠা-০৩।
64. শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, পৃষ্ঠা-০৭।
65. দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিল বাইলজ, পৃষ্ঠা ০৪।
66. যমুনা ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, পৃষ্ঠা ০৬।
67. প্রাইম ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, পৃষ্ঠা ০৩।
68. ঢাকা ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, পৃষ্ঠা ০৩।

www.pathagar.com

# শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ফত্ওয়া ও সিদ্ধান্ত

যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড মূলত সেই প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যাবলী সম্পর্কে ইসলামী শারী'আহ্র মতামত ও দৃষ্টিভঙ্গি সম্পর্কে ফয়সালা দিয়ে থাকে। ইসলামী শারী'আহ্র মূল উপাদান হলো পবিত্র কুরআন ও সুন্নাহ্ বা হাদীস। কুরআন ও সুন্নাহ্ হলো যথাক্রমে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা এবং রাসূলুল্লাহ্ (ﷺ)-এর বাণী।

আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা ও রাসূলুল্লাহ (ﷺ)-এর ফয়সালা না মানার এখতিয়ার কারো নেই। কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একথা সমভাবে প্রযোজ্য।

পবিত্র কুরআনে আল্লাহ্ তা'আলা বলেন ঃ

﴿وما كان لمؤمن ولا مؤمنة إذا قضي الله ورسوله أمرًا أن يكون لهم الخيرة من أمرهم ومن يعص الله ورسوله فقد ضل ضلالاً مبينًا.﴾ [৬৯]

অর্থাৎ "আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা ও তাঁর রাসূল কোন বিষয়ে ফয়সালা প্রদান করলে কোন মু'মিন পুরুষ বা মু'মিন নারীর সে বিষয়ে ভিন্নমত পোষণ করার কোন অধিকার নেই। যে ব্যক্তি আল্লাহ্ ও তার রাসূলের ফয়সালা মানবে না সে নিঃসন্দেহে সুস্পষ্ট বিভ্রান্তিতে পতিত হবে।"

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রচলিত এমন অনেক বিষয় আছে যেগুলো সরাসরি কুরআন ও হাদীসে নেই, তবে মূলনীতি রয়েছে। শারী'আহ্ বোর্ডের সদস্যগণ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে প্রচলিত এমন আধুনিক বিষয়গুলো সম্পর্কে ইজতিহাদের আশ্রয় গ্রহণ করবেন। যে ইজতিহাদের ভিত্তি হবে কুরআন ও সুন্নাহ। এমন ইজতিহাদ সম্পর্কিত বিষয়ের ক্ষেত্রেও শারী'আহ্ বোর্ডের সিদ্ধান্ত মেনে চলা আবশ্যক। নিম্নোক্ত হাদীসদ্বয় এ ধরনের ইজতিহাদের বৈধতার প্রমাণ বহন করে।

---

69. সূরা আহযাব, আয়াত-৩৬।

www.pathagar.com

সুনানে তিরমিযীতে বর্ণিত হয়েছে ঃ

حدثنا هناد، حدثنا وكيع، عن شعبة، عن أبي عون الثقفي، عن الحارث ابن عمرو، عن رجال من أصحاب معاذ، أن رسول الله بعث معاذا إلي اليمن، فقال : ''كيف تقضي'' فقال : ''أقضي بما في كتاب الله''، قال : ''فإن لم يكن في كتاب الله'' قال : ''فبسنة رسول الله'' قال : ''فإن لم يكن في سنة رسول الله قال : ''أجتهد رأيي'' قال : ''الحمد لله الذي وفق رسول رسول الله صلي الله عليه وسلم''.٧٠

অর্থাৎ "হযরত মুয়ায বিন জাবাল (ﷺ)-এর একদল সহযোগী থেকে বর্ণিত, যখন রাসূলুল্লাহ (ﷺ) মুয়ায (ﷺ)-কে ইয়েমেনের শাসনকর্তা করে পাঠান তখন তাঁকে জিজ্ঞেস করেন, হে মুয়ায! তুমি কিভাবে বিচার-ফয়সালা করবে? মুয়ায (ﷺ) বললেন, আল্লাহর কিতাবের মাধ্যমে বিচার ফয়সালা করবো। রাসূল (ﷺ) বললেন, যদি তার সমাধান কুরআনে না থাকে তাহলে কি করবে? তিনি বললেন, তাহলে আল্লাহর রাসূলের সুন্নাতের মাধ্যমে। এবার রাসূল (ﷺ) বললেন, যদি তার সমাধান সুন্নাহ্তেও না থাকে? উত্তরে মুয়ায (ﷺ) বললেন, তখন আমি ইজতিহাদ করে ফয়সালা দেবো। এ কথা শুনে রাসূল (ﷺ) খুশি হয়ে বললেন, সেই আল্লাহর জন্য সমস্ত প্রশংসা যিনি তাঁর রাসূলের প্রতিনিধিকে এমন কথা বলার তৌফিক দিয়েছেন।"

حدثنا حفص بن عمر، عن شعبة، عن أبي عون، عن الحارث بن عمرو ابن أخي المغيرة بن شعبة، عن أناس من أهل حمص من أصحاب معاذ بن جبل، أن رسول الله صلي الله عليه وسلم لما أراد أن يبعث معاذا إلي اليمن قال : ''كيف تقضي إذا عرض لك قضاء؟'' قال : أقضي بكتاب الله قال : فإن لم تجد في كتاب الله؟'' قال : فبسنة

70. الجامع الصحيح وهو سنن الترمذي، الإمام المحدث أبو عيسي محمد بن عيسي بن سورة الترمذي، كتاب الأحكام، باب : ما جاء في القاضي كيف يقضي، دار الكتب العلمية، بيروت، لبنان. المجلد الثاني، صفحة ٣٣٠، رقم الحديث : ١٣٢٧.

www.pathagar.com

رسول الله صلي الله عليه وسلم، قال : ''فإن لم تجد في سنة رسول الله صلي الله عليه وسلم، ولا في كتاب الله؟'' قال : أجتهد رأيي ولا آلو. فضرب رسول الله صلي الله عليه وسلم صدره، وقال : ''الحمد لله الذي وفق رسول رسول الله لما يرضي رسول الله''.71

অর্থাৎ "হযরত মুয়ায বিন জাবাল (ﷺ)-এর হিমস্বাসী একদল সহযোগী থেকে বর্ণিত, যখন রাসূল (ﷺ) মুয়াজ (ﷺ)-কে ইয়েমেনে (শাসনকর্তা করে) পাঠাতে ইচ্ছা করলেন তখন তাঁকে জিজ্ঞেস করলেন, মুয়ায! যদি তোমার উপর বিচারের দায়িত্ব অর্পিত হয়, তুমি কি উপায়ে বিচার-ফয়সালা করবে? মুয়ায (ﷺ) বললেন, আল্লাহর কিতাবের মাধ্যমে। রাসূল (ﷺ) বললেন, যদি তার সমাধান আল্লাহর কিতাবে না পাও? তিনি বললেন, তাহলে আল্লাহর রাসূলের সুন্নাতের মাধ্যমে। এবার রাসূল (ﷺ) বললেন, যদি তুমি তার সমাধান সুন্নাহ্তে ও আল্লাহর কিতাবে না পাও? উত্তরে মুয়ায (ﷺ) বললেন, তখন আমি ইজতিহাদ করে ফয়সালা দেবো। একথা শুনে রাসূল (ﷺ) মুয়াযের বুকে চাপড় দিয়ে বললেন, সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি তাঁর রাসূলের প্রতিনিধিকে এমন কথা বলার তৌফিক দিয়েছেন যাতে আল্লাহর রাসূল খুশি হয়ে গেলেন।"

উপরিউক্ত হাদীসদ্বয় সনদের দিক থেকে দুর্বল হলেও অর্থের দিক থেকে শুদ্ধ এবং স্বীকৃত। সেজন্য যেকোন ইসলামী ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সিদ্ধান্তাবলীর বাস্তবায়ন উক্ত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর অপরিহার্য।

এ সম্পর্কে AAOIFI কর্তৃক প্রণীত স্ট্যান্ডার্ডে বলা হয়েছে ঃ

*"The Fatwas and rulings of the Shari'a Supervisory Board shall be binding on the Islamic financial institution."*[72]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ফত্ওয়া এবং সিদ্ধান্তসমূহ পরিপালন করা ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের উপর বাধ্যতামূলক।"

---

71. سنن أبي داود الإمام الحافظ المصنف المتقن أبو داود سليمان بن الأشعث السجستاني الأزدي، كتاب الأقضية، باب : إجتهاد الرأي في القضاء، دار الحديث، القاهرة، الجزء الثالث، صفحة ١٥٥٤، رقم الحديث ٣٥٩٢.

72. Governance Standard for Islamic Financial Institutions. No. 1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report, Accounting and auditing Organization for Islamic Financial Institution. পৃষ্ঠা–৭।

www.pathagar.com

বাহ্‌রাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

*" تكون قرارات و فتاوي الهيئة ملزمة لإدارة البنك أما توصياتها فلا تكون ملزمة لإدارة البنك. "*[73]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সিদ্ধান্তাবলী ও ফত্ওয়াসমূহের বাস্তবায়ন ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বাধ্যতামূলক। তবে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপদেশাবলী ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বাধ্যতামূলক নয়।"

জর্দান ইসলামী ব্যাংকের গঠনতন্ত্রে বলা হয়েছে ঃ

*" ويكون رأي الهيئة ملزما للبنك. "*[৭৪]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সিদ্ধান্ত পালন করা ব্যাংকের জন্য বাধ্যতামূলক।"

ABC Islamic Bank (E.C)-এর উপবিধিতেও উপরিউক্ত বক্তব্য উপস্থাপন করা হয়েছে নিম্নোক্ত ভাষায় ঃ

*تكون قرارات و فتاوى الهيئة ملزمة لإدارة البنك.*[৭৫]

অর্থাৎ "শারী'আহ্ বোর্ডের সিদ্ধান্ত ও ফত্ওয়াসমূহ ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের জন্য বাধ্যতামূলক।"

বাংলাদেশের বিভিন্ন ব্যাংকের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধি পর্যালোচনায় দেখা যায় যে, শরীয়াহ্ কাউন্সিলের সিদ্ধান্ত ম্যানেজমেন্টর উপর বাধ্যতামূলক হওয়ার বিষয়টি তাতে নিম্নোক্ত ভাষায় ব্যক্ত হয়েছে ঃ

> *"শারী'আহ্ সংক্রান্ত বিষয়ে শরীয়াহ্ কাউন্সিলের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।"*[76]

---

73. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي . ধারা-১, পৃষ্ঠা-২।

74. عقد التأسيس والنظام الأساسي البنك الاسلامي الأردني للتمويل والاستثمار. ধারা-১২, উপধারা-১, পৃষ্ঠা-২৪।

75. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي প্রথম অধ্যায়, ধারা-২।

76. উপবিধি, শরীয়াহ্ কাউন্সিল, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড ও দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, ধারা-৪, উপধারা-ট; উপবিধি, শরীয়াহ্ কাউন্সিল, শাহ্জালাল ব্যাংক লিমিটেড ও যমুনা ব্যাংক লিমিটেড, ধারা-৪, উপধারা-ড।

www.pathagar.com

সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

> *"The recommendations of the Shari'ah Board related to Shari'ah matters must be respected by the Board of Director."*[77]

অর্থাৎ "শারী'আহ্ বিষয় সংক্রান্ত শরীয়াহ্ বোর্ডের সুপারিশমালা পরিচালনা পর্ষদ কর্তৃক অবশ্যই শ্রদ্ধার সাথে মূল্যায়নকৃত হতে হবে।"

উপরিউক্ত আলোচনা থেকে একথা স্পষ্ট হয়ে যায় যে, শারী'আহ্ বোর্ড যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের জন্য একটি তত্ত্বাবধায়ক সংস্থা, উপদেষ্টা পর্ষদ নয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান পরিচালনায় শার'ঈ বিষয়ে শারী'আহ্ বোর্ড বিভিন্ন সিদ্ধান্ত প্রদান করবে। সংস্থার এবং তার শাখাসমূহের কার্যক্রম শারী'আহ্ নীতিমালার ভিত্তিতে পরিচালিত হচ্ছে কি না তা তদারকি করার দায়িত্ব শারী'আহ্ বোর্ডের উপর।

'সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংক্স অব বাংলাদেশ' কর্তৃক প্রস্তাবিত ইসলামী ব্যাংক কোম্পানী আইনে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

> *"শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড ব্যাংক পরিচালনায় শারী'আহ্ সংক্রান্ত বিষয়ে তত্ত্বাবধায়ক সংস্থা হিসেবে কাজ করিবে, বিভিন্ন সময়ে ব্যাংক ব্যাবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক উপস্থাপিত বিষয়ের উপর সিদ্ধান্ত প্রদান করিবে এবং সংশ্লিষ্ট ইসলামী ব্যাংক কোম্পানী ও তাহার শাখাগুলোর কার্যক্রম ইসলামী শারী'আহ্ নীতিমালার ভিত্তিতে সঠিকভাবে পরিচালিত হইতেছে কি না তাহাও তদারকি করিবে।"*[78]

---

77. উপবিধি, শরীয়াহ্ বোর্ড, সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড, ধারা-১১, পৃষ্ঠা-৩।

78. ইসলামী ব্যাংক কোম্পানী আইন (প্রস্তাবিত), সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংক্স অব বাংলাদেশ, দ্বিতীয় খণ্ড, ধারা-৬, উপধারা-৬, পৃষ্ঠা- ।

www.pathagar.com

## শারী'আহ্ বোর্ডের সিদ্ধান্তাবলী বাস্তবায়নের দায়িত্ব কার

যেকোন ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ডের মূল কাজ হলো উক্ত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে ইসলামী শারী'আহর আলোকে নীতিমালা প্রণয়ন ও দিকনির্দেশনা প্রদান। উক্ত নীতিমালা ও দিকনির্দেশনার আলোকে সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে যথাযথভাবে পরিচালনার দায়দায়িত্ব মূলতঃ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের। বিচার বিভাগ ফয়সালা প্রদান করে, কিন্তু ফয়সালা বাস্তবায়নের দায়িত্ব গ্রহণ করে না। এ দায়িত্ব গ্রহণ করে নির্বাহী বিভাগ। তেমনি একটি ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের যাবতীয় বিষয়ে শারী'আহ্ নীতিমালা ও দিকনির্দেশনা প্রদান করে শারী'আহ্ বোর্ড, তা বাস্তবায়ন করে থাকে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ।

IDB স্বীকৃত AAOIFI-এর এ সংক্রান্ত Standard-এ বলা হয়েছে ঃ

*"The management of the Islamic Financial Institution is responsible for properly complying with Islamic Shari'ah rules and principles."*[79]

অর্থাৎ "আর্থিক প্রতিষ্ঠানটি তার কার্যক্রম শারী'আহ্‌র নীতিমালা ও বিধানাবলী অনুযায়ী পরিচালনা করছে-এ বিষয়টির নিশ্চয়তাবিধানের দায়িত্ব ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর অর্পিত।"

ABC Islamic Bank (E.C)-এর উপবিধিতেও এ সম্পর্কে বলা হয়েছে ঃ

تقع مسؤولية التأكد من أن البنك يعمل وفقاً لأحكام ومبادئ الشريعة
الإسلامية علي إدارة البنك.[৮০]

অর্থাৎ "ব্যাংক তার কার্যক্রম ইসলামী শারী'আহর নীতিমালা ও বিধানাবলী অনুযায়ী পরিচালনা করছে-এ বিষয়টি নিশ্চয়তাবিধানের দায়িত্ব ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর অর্পিত।"

---

79. Governance Standard for Islamic Financial Institutions. No. 1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report. পৃষ্ঠা-৭।

80. শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড, বাইলজ ABC Islamic Bank, Bahrain, প্রথম অধ্যায়, ধারা-৩।

www.pathagar.com

তবে শারী'আহ্ বোর্ডের কাছে যদি প্রতীয়মান হয় যে, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান শারী'আহ্ নীতিমালার পরিপন্থী কোন কাজে জড়িত হয়েছে, এমতাবস্থায় সেই কাজের উপর নিষেধাজ্ঞা আরোপ করার অধিকার ও ক্ষমতা শারী'আহ্ বোর্ডের রয়েছে।

এ বিষয়ে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. فارس أبو معمر-এর পর্যবেক্ষণ নিম্নরূপ ঃ

*قام الدكتور فارس أبو معمر باستبيان بين اعضاء الرقابة الشرعية وإدارة البنك حول قدرة الرقابة الشرعية وقوتها علي التنفيذ، فكانت النتيجة أن نسبة ٦. ٩٧٪ منهم تقول بأن لهيئة الرقابة الشرعية القدرة علي وقف، أو إلغاء أي نشاط للبنك في حالة اعتقادهم بعدم مطابقته للشريعة الإسلامية.*"[৮১]

অর্থাৎ "ড. ফারিস আবু মুয়াম্মার 'শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ক্ষমতা ও ব্যবস্থাপনার উপর এর প্রভাব' সম্পর্কে ব্যাংক প্রশাসন ও শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্যদের মাঝে জরিপ পরিচালনা করেন। এতে ৯৮.৬% সদস্য বলেছেন যে, শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড যদি ব্যাংকের কোন কার্যক্রমকে শারী'আহ্সম্মত নয় বলে মনে করে তাহলে উক্ত কার্যক্রমকে স্থগিত বা বাতিল করার এখতিয়ার শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের রয়েছে।"

রাজকীয় বাহরাইনে অনুষ্ঠিত শারী'আহ্ বোর্ডসমূহের তৃতীয় আন্তর্জাতিক কনফারেন্সে উপস্থাপিত এক প্রবন্ধে ড. মুহাম্মদ আলী আল ক্বারী বলেন ঃ

*ومن خلال تجاربنا و معلومتنا يتبين لنا أن هيئات الرقابة الشرعية في المؤسسات المالية الإسلامية تتمتع بقدرات وقوة تمكنها من تحقيق أهدافها للتأكد من أن المؤسسة تسير وفق أحكام الشريعة الإسلامية ومبادئها، أو علي الأقل عدم معارضة أعمال المؤسسة وعقودها مع أحكام الشريعة الإسلامية.*

81. د أبو معمر: أثر الرابة الشرعية واستقلاليتها علي معاملات البنك الإسلامي ص ١٩ عام ١٩٩٤، ড. মুহাম্মদ আলী আল ক্বারী, ইসলামী অর্থনীতি গবেষণা সেন্টার, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটি, জেদ্দা, ৫ ও ৬ অক্টোবর, ২০০৩ ঈসায়ী তারিখে বাহরাইনে অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত الإختصاص القانوني والحماية الجنائية للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৪।

www.pathagar.com

ولكن هذه القدرة والقوة ليست علي مستوي واحد في المؤسسات المالية الإسلامية، فهي مرتبطة سلبا وإيجابا وقوة وضعفا مع استقلالية الهيئة، وشخصية أعضائها، ومدي توافر الالتزام الذاتي لإدارة البنك.[٨٢]

অর্থাৎ "বাস্তব অভিজ্ঞতা ও তথ্যের ভিত্তিতে আমাদের নিকট সুস্পষ্ট যে, ইসলামী আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডসমূহ এমন ক্ষমতা ও প্রভাব রাখে যাতে স্বীয় উদ্দেশ্যাবলী বাস্তবায়নে তারা সক্ষম হতে পারে এবং নিশ্চিত হতে পারে যে (সংশ্লিষ্ট) প্রতিষ্ঠানটি ইসলামী শারী'আহ্র আহকাম ও মূলনীতি মোতাবেক পরিচালিত হচ্ছে, কমপক্ষে এর কার্যক্রম এবং চুক্তিসমূহ ইসলামী শারী'আহ্র আহকামের সাথে সাংঘর্ষিক নয়।

কিন্তু উক্ত ক্ষমতা ও প্রভাব বিভিন্ন ইসলামী আর্থিক প্রতিষ্ঠানসমূহে একই মানের নয় বরং বোর্ডের স্বাধীনতা, এর সদস্যবৃন্দের ব্যক্তিত্ব ও ব্যাংক প্রশাসনের কমিটমেন্টের তারতম্য অনুসারে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড ইতিবাচক, নেতিবাচক, শক্তিশালী বা দুর্বল হতে পারে।"

## শারী'আহ্ বোর্ডের চেয়ারম্যান ও সদস্য সচিব

বাংলাদেশে কোন কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে পরিচালনা পর্ষদ শারী'আহ্ বোর্ডের চেয়ারম্যান ও সদস্য সচিব মনোনীত করে থাকে। আবার কোন কোন প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ডের সদস্যগণই তাঁদের মধ্য হতে চেয়ারম্যান, ভাইস্ চেয়ারম্যান ও সদস্য সচিব নির্বাচন করে থাকেন।

দ্বিতীয় পদ্ধতিতে শারী'আহ্ বোর্ড স্বাধীন ও প্রভাবমুক্ত হয়ে কাজ করার অনুকূল পরিবেশ পায়। এটি একটি অতীব গুরুত্বপূর্ণ বিষয়। পরিচালনা পরিষদ যদি

৪২. ড. মুহাম্মদ আলী আল ক্বারী, ইসলামী অর্থনীতি গবেষণা সেন্টার, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটি, জেদ্দা, AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত الهيئات الشرعية بين بيان الأخطاء والمخالفات الشرعية في المصارف الإسلامية والسرية المهنية ومدي تأثيره سلبا أو إيجابا علي المصرفية الإسلامية. শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-১১।

www.pathagar.com

শারী'আহ্ বোর্ডের চেয়ারম্যান, ভাইস্ চেয়ারম্যান ও সদস্য সচিব নির্ধারণ করে দেয় তাহলে শারী'আহ্ বোর্ডের স্বাধীনতা অনেকাংশে ক্ষুণ্ন হয়। শারী'আহ্ বোর্ডের কার্যক্রম বোর্ড কর্তৃক প্রভাবিত হওয়ার আশংকা থেকে যায়।

এ সম্পর্কে বাহরাইন ইসলামী ব্যাংক ও ABC Islamic Bank (E.C.)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

تختار الهيئة رئيسا لها ونائبا له من بين أعضائها.[৮৩]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড তার সদস্যদের মধ্য থেকে তার চেয়ারম্যান এবং ভাইস্ চেয়ারম্যান মনোনীত করে নিবে।"

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে সহযোগিতা, বোর্ডে কর্মরত জনশক্তিকে পরিচালনা, বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্তাবলী বাস্তবায়নে সার্বিক দায়িত্ব পালনের জন্য তার সদস্যদের মধ্য থেকে বা সদস্য নন কিন্তু প্রয়োজনীয় যোগ্যতা রয়েছে এমন কাউকে সদস্য সচিব হিসেবে নিয়োগ করবে। মধ্যপ্রাচ্যের ব্যাংকগুলোতে এ দায়িত্বপালনকারী ব্যক্তিকে 'Shari'ah Supervisor' নামে আখ্যায়িত করা হয়।

AAOIFI-এর এতদসংক্রান্ত Standard-এ বলা হয়েছে ঃ

> *"The Shari'ah supervisory board shall appoint from among it's members or any other Person a supervisor (s) to help it in Performing its duties."*[84]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড তার দায়িত্ব পালনে সহযোগিতার জন্য তার সদস্যদের মধ্য থেকে অথবা অন্যকোন ব্যক্তিকে 'সুপারভাইজর' নিয়োগ করবে।"

সদস্য সচিবকে অবশ্যই ফক্বীহ্ হওয়া প্রয়োজন। কারণ তিনি হলেন শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রধান নির্বাহী। অনেক সময় বোর্ডের সভা আহ্বান ছাড়াই জরুরি ভিত্তিতে কিছু বিষয়ে তাৎক্ষণিক সিদ্ধান্ত দিতে হয়। এ কাজটি করতে হয় সদস্য সচিবকে। তিনি যদি ফক্বীহ্ না হন তাহলে তার পক্ষে কোন বিষয়ে তাৎক্ষণিক সিদ্ধান্ত দেয়া সম্ভব নয়। এছাড়া বোর্ডসভায় সকল মেমো উপস্থাপন করেন সদস্য সচিব। যেকোন ফিক্বহী বিষয় বোর্ডে

---

83. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي দ্বিতীয় অধ্যায়, ধারা-৪, পৃষ্ঠা-৩ এবং اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي দ্বিতীয় অধ্যায়, ধারা-২।

84. Governance Standard for Islamic Financial Institutions No. 1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report, Accounting and Auditing Organization for Islamic Financial Institution. পৃষ্ঠা-৩৯।

www.pathagar.com

উপস্থাপনের পূর্বে কিতাবাদি স্টাডি করে বিভিন্ন রেফারেন্স, সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন মাযহাবের মতামত উল্লেখ করে সুন্দর করে সাজিয়ে-গুছিয়ে তা বোর্ডসভায় উপস্থাপন করতে হয়। এ কাজটি একজন ফক্বীহ্ সদস্যের পক্ষেই যথাযথভাবে আঞ্জাম দেয়া সম্ভব।

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের চেয়ারম্যান এবং সদস্য সচিবের ফক্বীহ্ হওয়ার প্রয়োজনীয়তার বিষয়টি 'সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংক্স অব বাংলাদেশ' কর্তৃক প্রস্তাবিত খসড়া ইসলামিক ব্যাংক কোম্পানী আইনে স্পষ্টভাবে উল্লেখ রয়েছে। তাতে বলা হয়েছে ঃ

> *"শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের চেয়ারম্যান ও সদস্য সচিবকে ফক্বীহ্ হইতে হইবে।"*[৪৫]

সদস্য সচিবের ফক্বীহ্ হওয়ার সাথে সাথে ইসলামী অর্থনীতি, ইসলামী ব্যাংকিং, সাধারণ ব্যাংকিং, বর্তমান বিশ্বে প্রচলিত বিভিন্ন ধরনের ব্যবসা-বাণিজ্য এবং আন্তর্জাতিক বাণিজ্য সম্পর্কে ধারণা থাকা প্রয়োজন। শারী'আহ্ বোর্ডের কার্যক্রম, ব্যবস্থাপনা, যথাযথভাবে পরিচালনার যোগ্যতা তার মধ্যে থাকা আবশ্যক।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে বিষয়টি সুন্দরভাবে ফুটিয়ে তোলা হয়েছে। তাতে বলা হয়েছে ঃ

> *"কুরআন, হাদীস, ফিক্বহ্, উসূলে ফিক্বহ্, ইসলামী অর্থনীতি, ইসলামী ব্যাংকিং, সাধারণ ব্যাংকিং, আন্তর্জাতিক বাণিজ্য এবং সাধারণ শিক্ষায় শিক্ষিত, বাংলা ও আরবী ভাষার জ্ঞান ছাড়াও ইংরেজি ভাষায় ব্যুৎপত্তিসম্পন্ন ও পারদর্শী এবং শরীয়াহ্ কাউন্সিলের কার্যক্রম সমন্বয় ও ফলপ্রসূ করতে সক্ষম এ সকল গুণাবলী বিবেচনায় রেখে প্রাপ্ত যোগ্যতম ব্যক্তিকে কাউন্সিলের চেয়ারম্যানের সাথে পরামর্শ করে কাউন্সিল সদস্য সচিব হিসেবে মনোনয়ন দিবেন।"*[৪৬]

কোন কোন ব্যাংকে প্রধান নির্বাহী বা ব্যবস্থাপনা পরিচালককে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সদস্য সচিব হতে দেখা যায়। এটা মোটেই গ্রহণযোগ্য নয়। যেখানে প্রধান নির্বাহী তথা ব্যবস্থাপনা পরিচালক শারী'আহ্ সুপারভাইজরী

---

৪৫. সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংক্স অব বাংলাদেশ কর্তৃক প্রস্তাবিত ইসলামী ব্যাংক কোম্পানী আইন, দ্বিতীয় খণ্ড, ধারা–৬, উপধারা–খ, পৃষ্ঠা–৪।

৪৬. উপবিধি, শরীয়াহ্ কাউন্সিল, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, পৃষ্ঠা–৫।

www.pathagar.com

বোর্ডের সাধারণ সদস্যই হতে পারেন না সেখানে তাঁর উক্ত বোর্ডের সদস্য সচিব হওয়ার কোন সুযোগ নেই।

কোন দেশের নির্বাহী বিভাগের কর্মকর্তা বিচার বিভাগের দায়িত্ব পালন করলে যেমন সেদেশের বিচার বিভাগ জবাবদিহিতা ও স্বাধীনতা হারায়, দারুণভাবে প্রশ্নের মুখোমুখি হয় গোটা বিচারকার্যের স্বচ্ছতা ও নিরপেক্ষতা তেমনি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের 'সদস্য' বা 'সদস্য সচিব' হলে সেই শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কার্যক্রম ও ভূমিকা নিয়ে শুধু প্রশ্নই সৃষ্টি হবে না, বরং এ ধরনের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড একটি রাবারস্ট্যাম্প বোর্ডে পরিণত হবে।

এমতাবস্থায় এই বোর্ড ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আজ্ঞাবহ একটি প্রতিষ্ঠান হিসেবে দ্বীনের স্বার্থের চেয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বার্থ সংরক্ষণে অধিক মনোযোগী হওয়ার আশংকা রয়েছে–যা ইসলামী ব্যাংকিং কনসেপ্ট এবং এর আন্তর্জাতিক স্ট্যান্ডার্ডের সাথে সম্পূর্ণ বেমানান ও সাংঘর্ষিক।

# মুরাক্বিব

## ১. মুরাক্বিবের প্রয়োজনীয়তা

দেশের ইসলামী ব্যাংকগুলোর কার্যক্রম শারী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা সরেজমিনে পরিদর্শন, ত্রুটিসমূহ চিহ্নিত করে শারী'আহ সুপারভাইজরী বোর্ডের সদস্যগণকে অবহিতকরণ এবং বোর্ড কর্তৃক গৃহীত পলিসি বাস্তবায়নে বোর্ডকে সহযোগিতা করেন মুরাক্বিবগণ। এক কথায় ব্যাংকের সকল কার্যক্রমে শারী'আহ পরিপালন নিশ্চিত করার ক্ষেত্রে ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে দিকনির্দেশনা প্রদানের ক্ষেত্রে মূল ভূমিকা পালন করেন মুরাক্বিবগণ। সেহেতু একটি ব্যাংককে শারী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালনার জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন দক্ষ ও অভিজ্ঞ মুরাক্বিব অপরিহার্য। মুরাক্বিববিহীন শারী'আহ কাউন্সিল/বোর্ড অকার্যকর।

কোন ব্যাংকে পর্যাপ্ত মুরাক্বিব না থাকলে বা মুরাক্বিবগণ তাদের দায়িত্ব যথাযথভাবে পালনে ব্যর্থ হলে সেই ব্যাংকের আয় হালাল হবে কি না তার নিশ্চয়তা প্রদান করা স্বাভাবিকভাবেই বড় মুশকিল।

www.pathagar.com

## ২. মুরাক্বিবগণের স্বাধীনতা ও দায়বদ্ধতা

অতএব একটি ব্যাংককে যথার্থভাবে শারী'আহ্ অনুযায়ী পরিচালিত করতে হলে যেমন দরকার পর্যাপ্ত সংখ্যক দক্ষ, যোগ্য, অভিজ্ঞ ও মুত্তাকী মুরাক্বিব তেমনি দরকার তাদের স্বাধীনতা ও ক্ষমতা। যেন তারা ব্যাংকের যেকোন কার্যক্রম নির্বিঘ্নে ও স্বাধীনভাবে নিরীক্ষণ ও পরিদর্শন করতে পারেন। ব্যাংকের যাবতীয় কার্যক্রম শারী'আহ্র নিরীখে পর্যালোচনা করে কাউন্সিল/বোর্ড তথা ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে দিকনির্দেশনা দিতে পারেন।

এ সম্পর্কে বাহরাইন ইসলামী ব্যাংক ও ABC ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

*"ينشأ بالبنك جهاز مستقل للرقابة الشرعية الداخلية يضم عددا كافيا من المراقبين الشرعيين الداخليين إذا استوجب حجم العمل ذلك."*[৮৭]

অর্থাৎ "কাজের পরিধি বিবেচনা করে অভ্যন্তরীণ শার'ঈ তত্ত্বাবধানের জন্য যথেষ্ট সংখ্যক শার'ঈ মুরাক্বিবের সমন্বয়ে ব্যাংকে একটি স্বতন্ত্র সংস্থা থাকবে।"

ব্যাংকের কার্যক্রম শারী'আহ্ নীতিমালা অনুযায়ী যথাযথ ও স্বাধীনভাবে পরিচালনার জন্য মুরাক্বিবদেরকে সরাসরি শারী'আহ বোর্ডের নিয়ন্ত্রণাধীন তথা আওতাধীন রাখা উচিত। এদের পদোন্নতি, পদাবনতি, সুযোগ-সুবিধা প্রাপ্তি সবকিছুই সুপারভাইজরী বোর্ডের প্রধান নির্বাহীর (যে নামেই হোক না কেন) সুপারিশে বোর্ড কর্তৃক প্রণীত নীতিমালার ভিত্তিতে হওয়া প্রয়োজন।

মুরাক্বিবগণের শারী'আহ্ বোর্ডের আওতাধীন থাকার বিষয়টি বাংলাদেশের সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড এবং প্রাইম ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ বোর্ডের উপবিধিতে সুস্পষ্টভাবে ব্যক্ত হয়েছে। সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংকের শরীয়াহ্ বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

*"Salaried Officer(s) designated as 'Mudaqqiq' also called 'Muraqib' with sufficient knowledge about all Schools of Islamic thoughts may be appointed by the Bank on the recommendation of the Board to*

87. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ও اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي নবম অধ্যায়, ধারা-৫।

www.pathagar.com

*ensure compliance of the Shari'ah principles in each and every case of the Bank and will be responsible to the Board. He (they) would be employee(s) of the Bank."* [88]

অর্থাৎ "ব্যাংকের প্রত্যেকটি বিষয়ে শারী'আহ্ নীতিমালা পরিপালন নিশ্চিত করার জন্য শরীয়াহ্ বোর্ডের সুপারিশের ভিত্তিতে 'মুরাক্বিব' বা 'মুদাক্কিক' পদে ইসলামী জীবন-ব্যবস্থার সকল ক্ষেত্রে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন এক বা একাধিক কর্মকর্তাকে বেতনভুক্ত হিসেবে ব্যাংক নিয়োগ করতে পারে। তিনি বা তারা শরীয়াহ্ বোর্ডের কাছে জবাবদিহি করবেন। তিনি বা তারা ব্যাংকের employee-ও হতে পারেন।"

প্রাইম ব্যাংক লিমিটেডের শারী'আহ্ কাউন্সিলের উপবিধিতে বলা হয়েছে ঃ

*"A salaried officer designated as 'Muraqib' with sufficient knowledge about all schools of Islamic thoughts may be appointed on recommendation of the council to ensure compliance of the Shari'ah principles in each and every case of the Islamic Banking Branches of the Bank and he will be responsible to the Council."* [89]

অর্থাৎ "ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখার প্রত্যেকটি বিষয়ে শারী'আহ্ নীতিমালা পরিপালনের বিষয়টি নিশ্চিত করার জন্য ইসলামী জীবন-ব্যবস্থার সকল ক্ষেত্রে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন 'মুরাক্বিব' পদে একজন বেতনভুক্ত কর্মকর্তা শরীয়াহ্ কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে নিয়োগ দেয়া যেতে পারে। তিনি শরীয়াহ্ কাউন্সিলের কাছে জবাবদিহি করবেন।"

ঢাকা ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে বলা হয়েছে ঃ

*"A salaried officer designated as 'Muraqib' with sufficient knowledge about all schools of Islamic thoughts may be appointed on recommendation of the council to ensure compliance of the Shari'ah principles in each and every case of the Islamic*

---

৪৪. শরীয়াহ বোর্ড উপবিধি, সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড, ধারা-৯, পৃষ্ঠা-৩।

৪৭. শরীয়াহ কাউন্সিল উপবিধি, প্রাইম ব্যাংক লিমিটেড, ধারা-৬, উপধারা-এ, পৃষ্ঠা-২।

www.pathagar.com

*banking counter/branches of the Bank and he will be responsible to the Council.'*[৭০]

অর্থাৎ "ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখার প্রত্যেকটি বিষয়ে শারী'আহ্ নীতিমালা পরিপালনের বিষয়টি নিশ্চিত করার জন্য 'মুরাক্বিব' পদে ইসলামী জীবন-ব্যবস্থার সকল ক্ষেত্রে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন একজন বেতনভুক্ত কর্মকর্তা শরীয়াহ্ কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে নিয়োগ দেয়া যেতে পারে। তিনি শরীয়াহ্ কাউন্সিলের কাছে জবাবদিহি করবেন।"

অনেক সময় এমনও দেখা যায় যে, মুরাক্বিবগণ তাদের পরিদর্শনে শারী'আহ্পরিপন্থী লেনদেন চিহ্নিত করা শুরু করলে এবং এ ধরনের লেনদেনে অর্জিত আয় 'ইনকাম' খাত থেকে আলাদা করার সুপারিশ করলে ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তাদের উপর ক্ষুব্ধ হন। বাংলাদেশে প্রচলিত বিধান অনুযায়ী মুরাক্বিবগণ ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অধীন বিধায় এরূপ ক্ষেত্রে মুরাক্বিবগণ ভড়কে যান। যথাযথভাবে দায়িত্ব পালনে ব্যর্থ হন। চাকরি, পদোন্নতি ও সুযোগ-সুবিধা ইত্যাদি বহাল রাখার জন্য অনেক ক্ষেত্রে তারা প্রশাসনের বিরাগভাজন হতে চান না।

শারী'আহ্ পরিপালন ও ইসলামী বিধানাবলী মানার ক্ষেত্রে বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহে কর্মরত নির্বাহী, কর্মকর্তা-কর্মচারীগণের সকলের কমিটমেন্ট এক পর্যায়ের নয় বিধায় এ রকম পরিস্থিতি এখনও বিরাজমান।

একথা তো স্পষ্ট যে, ব্যাংকের কার্যক্রমে শারী'আহ্ পরিপালনে ব্যর্থ হলেই ইনকাম 'হারাম' হয়ে যায়। ধর্মপ্রাণ জনগণ ইসলামী ব্যাংকের নামে প্রতারণার শিকার হওয়ার আশংকা দেখা দেয়।

## ৩. মুরাক্বিবগণের যোগ্যতা

ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে মুরাক্বিব হিসেবে তিনি বা তারাই নিয়োগ পেতে পারেন যিনি বা যারা কুরআন-হাদীস, ফিক্বহ্, উসূলে ফিক্বহ্ ইসলামী অর্থনীতি এবং ইসলামী ব্যাংকিং বিশেষ করে ইসলামী ব্যাংকিং-এর সাথে সংশ্লিষ্ট শারী'আহ্ ইস্যুসমূহ সম্পর্কে সম্যক ধারণা রাখেন। সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত উক্ত গুণাবলীসম্পন্ন অফিসার বা নির্বাহীগণও মুরাক্বিব হিসেবে যোগ্য বলে বিবেচিত হতে পারেন।

৭০. শরীয়াহ কাউন্সিল উপবিধি, ঢাকা ব্যাংক লিমিটেড, ধারা-৬-ক, পৃষ্ঠা-২।

www.pathagar.com

বাহরাইন ইসলামী ব্যাংক ও ABC (E.C.) ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

''يجب أن تتوافر في المراقب الشرعى الداخلى المؤهلات الاتية :

ا. أن تكون لديه خلفية أكاديمية مناسبة.

ب. أن يكون علي دراية كافية بأحكام ومبادئ الشريعة الإسلامية بصفة عامة وفقه المعاملات بصفة خاصة.

ج. أن يتلقى التدريب المناسب للقيام بمهام الرقابة الشرعية الداخلية.

د. أن توافق هيئة الرقابة الشرعية على تعيينه بعد التأكد من أهليته العلمية والعملية وتوجهه الإيجابى فيما يتعلق بالالتزام بأحكام ومبادئ الشريعة الإسلامية.''[৯১]

অর্থাৎ "অভ্যন্তরীণ শার'ঈ মুরাক্বিবের নিম্নোক্ত যোগ্যতা থাকা অপরিহার্য ঃ

ক. তার মধ্যে যথোপযুক্ত একাডেমিক পটভূমি (ব্যাকগ্রাউন্ড) থাকা।

খ. তার মধ্যে সাধারণভাবে ইসলামী শারী'আহর নীতিমালা ও বিধান সম্পর্কে এবং বিশেষভাবে লেনদেন সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকা।

গ. তার মধ্যে অভ্যন্তরীণ শার'ঈ তত্ত্বাবধানের দায়িত্ব পালনের উপযোগী প্রশিক্ষণ থাকা।

ঘ. তার ইলমী ও আমলী যোগ্যতা এবং ইসলামী শারী'আহর নীতিমালা ও বিধানাবলী পরিপালনের ক্ষেত্রে ইতিবাচক মনোভাবের বিষয়ে নিশ্চিত হওয়ার পর তার নিয়োগের ব্যাপারে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের একমত হওয়া।"

মুরাক্বিবের যোগ্যতা সম্পর্কে বাংলাদেশের বিভিন্ন ইসলামী ব্যাংকের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে বর্ণিত বক্তব্য নিম্নে উপস্থাপন করা হলো ঃ

---

91. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ৯ম অধ্যায়, ধারা-১, উপধারা-ক,খ,গ,ঘ পৃষ্ঠা-১১ ও اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي নবম অধ্যায়, ধারা-২, উপধারা-ক,খ,গ,ঘ।

www.pathagar.com

## আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড

*"ব্যাংকে কর্মরত অফিসারদের মধ্যে যিনি বা যারা কুরআন, হাদীস, ফিক্বহ, উসূলে ফিক্বহ, ইসলামী অর্থনীতি এবং ইসলামী ব্যাংকিং সম্পর্কে ধারণা রাখেন–এ জাতীয় অফিসারকে ব্যাংক কর্তৃপক্ষ মুরাক্বিব হিসেবে বাছাই এবং মনোনয়নের ক্ষেত্রে কাউন্সিলের দু'জন সদস্যের প্রতিনিধিত্বে নির্বাচন করতে হবে।"* [92]

## সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড

*"Salaried Officer(s) designated as 'Mudaqqiq' also called 'Muraqib' with sufficient knowledge about all Schools of Islamic thoughts may be appointed by the Bank on the recommendation of the Board to ensure compliance of the Shari'ah principles in each and every case of the Bank and will be responsible to the Board. He (they) would be employee(s) of the Bank."* [93]

অর্থাৎ "ব্যাংকের প্রত্যেকটি বিষয়ে শারী'আহ্ নীতিমালা পরিপালন নিশ্চিত করার জন্য শরীয়াহ্ বোর্ডের সুপারিশের ভিত্তিতে 'মুরাক্বিব' বা 'মুদাক্কিক' পদে ইসলামী জীবন-ব্যবস্থার সকল ক্ষেত্রে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন এক বা একাধিক কর্মকর্তাকে বেতনভুক্ত হিসেবে ব্যাংক নিয়োগ করতে পারে। তিনি বা তারা শরীয়াহ্ বোর্ডের কাছে জবাবদিহি করবেন। তিনি বা তারা ব্যাংকের employee-ও হতে পারেন।"

## শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড

*"কুরআন, হাদীস, ফিক্বহ্, উসূলে ফিক্বহ্, ইসলামী অর্থনীতি, সাধারণ ব্যাংকিং এবং সাধারণ শিক্ষিত বাংলা, আরবী ও ইংরেজি ভাষায় পারদর্শী এবং ইসলামী ব্যাংকিং সম্পর্কে ধারণা রাখেন–এ জাতীয় অফিসারকে ব্যাংক কর্তৃপক্ষ 'মুরাক্বিব' হিসেবে বাছাই এবং মনোনয়নের ক্ষেত্রে কাউন্সিলের দুই জন সদস্যের প্রতিনিধিত্বে নির্বাচন করতে হবে। শরীয়াহ্ কাউন্সিলের কার্যক্রম সমন্বয় ও ফলপ্রসূ করতে সক্ষম কোন নির্বাহীকে অথবা উপযুক্ত অন্যকোন ব্যক্তি মুরাক্বিব হিসেবে নিযুক্ত হবেন।"* [94]

---

92. শরীয়াহ কাউন্সিল উপবিধি, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, ধারা–৯, উপধারা–ক, পৃষ্ঠা–৬।
93. শরীয়াহ বোর্ড উপবিধি, সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড, ধারা–৯, পৃষ্ঠা–৩।
94. শরীয়াহ কাউন্সিল উপবিধি, শাহ্জালাল ইসলামী ব্যাংক লিমিটেড, ধারা–৯, পৃষ্ঠা–৫।

www.pathagar.com

## প্রাইম ব্যাংক লিমিটেড

*"A salaried officer designated as 'Muraqib' with sufficient knowledge about all schools of Islamic thoughts may be appointed on recommendation of the council to ensure compliance of the Shari'ah principles in each and every case of the Islamic Banking Branches of the Bank and he will be responsible to the Council."* [95]

অর্থাৎ "ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখার প্রত্যেকটি বিষয়ে শারী'আহ্ নীতিমালা পরিপালনের বিষয়টি নিশ্চিত করার জন্য ইসলামী জীবন-ব্যবস্থার সকল ক্ষেত্রে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন 'মুরাক্বিব' পদে একজন বেতনভুক্ত কর্মকর্তা শরীয়াহ্ কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে নিয়োগ দেয়া যেতে পারে। তিনি শরীয়াহ্ কাউন্সিলের কাছে জবাবদিহি করবেন।"

## দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড

*"যিনি বা যারা কুরআন, হাদীস, ফিক্বহ্, উসূলে ফিক্বহ্, ইসলামী অর্থনীতি, ইসলামী ব্যাংকিং সম্পর্কে ধারণা রাখেন–এ জাতীয় অফিসারকে ব্যাংক কর্তৃপক্ষ 'মুরাক্বিব' হিসেবে বাছাই করে কাউন্সিলের মনোনয়ন নিয়ে নির্বাচন করবেন।"* [96]

## যমুনা ব্যাংক লিমিটেড

*"কুরআন, হাদীস, ফিক্বহ্, উসূলে ফিক্বহ্, ইসলামী অর্থনীতি, সাধারণ ব্যাংকিং এবং সাধারণ শিক্ষায় শিক্ষিত বাংলা, আরবী ও ইংরেজি ভাষায় পারদর্শী এবং ইসলামী ব্যাংকিং সম্পর্কে ধারণা রাখেন–এ জাতীয় অফিসারকে ব্যাংক কর্তৃপক্ষ 'মুরাক্বিব' হিসেবে বাছাই এবং মনোনয়নের ক্ষেত্রে কাউন্সিলের দুই জন সদস্যের প্রতিনিধিত্বে নির্বাচন সম্পন্ন করবেন। শরীয়াহ কাউন্সিলের কার্যক্রম সমন্বয় ও ফলপ্রসূ করতে সক্ষম কোন নির্বাহীকে অথবা উপযুক্ত অন্যকোন ব্যক্তি মুরাক্বিব হিসেবে নিযুক্ত হবেন।"* [97]

---

95. শরীয়াহ কাউন্সিল উপবিধি, প্রাইম ব্যাংক লিমিটেড, ধারা–৬, উপধারা–এ, পৃষ্ঠা–২।

96. শরীয়াহ কাউন্সিল উপবিধি, দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, ধারা–৮, উপধারা–ক, পৃষ্ঠা–৩।

97. শরীয়াহ কাউন্সিল উপবিধি, যমুনা ব্যাংক লিমিটেড, ধারা–৫, পৃষ্ঠা–৫।

www.pathagar.com

## ঢাকা ব্যাংক লিমিটেড

*"A salaried officer designated as Muraqib with sufficient knowledge about all schools of Islamic thoughts may be appointed on recommendation of the council to ensure compliance of the Shari'ah principles in each and every case of the Islamic banking counter/branches of the Bank and he will be responsible to the Council."* [98]

অর্থাৎ "ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখার প্রত্যেকটি বিষয়ে শারী'আহ্ নীতিমালা পরিপালনের বিষয়টি নিশ্চিত করার জন্য 'মুরাক্বিব' পদে ইসলামী জীবন-ব্যবস্থার সকল ক্ষেত্রে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন একজন বেতনভুক্ত কর্মকর্তাকে শরীয়াহ্ কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে নিয়োগ দেয়া যেতে পারে। তিনি শরীয়াহ্ কাউন্সিলের কাছে জবাবদিহি করবেন।"

## ৪. মুরাক্বিবগণের নিয়োগ

বাংলাদেশের বিভিন্ন ইসলামী ব্যাংকের শরীয়াহ্ কাউন্সিল/বোর্ডসমূহের উপবিধিতে বর্ণিত এ সংক্রান্ত বক্তব্যে এ কথা প্রতীয়মান হয় যে, মুরাক্বিব বা মুরাক্বিবগণ শারী'আহ্ বোর্ডের সাথে সংশ্লিষ্ট বিধায় তাদের নিয়োগের বিষয়টি শারী'আহ্ বোর্ডের সুপারিশের ভিত্তিতে সম্পন্ন হওয়া উচিত।

আমার মতে মুরাক্বিবগণের নিয়োগ ফিকহুল মু'আমালাত বিষয়ে অভিজ্ঞ ফক্বীহ্গণের সমন্বয়ে গঠিত স্বাধীন সিলেকশন বোর্ড দ্বারা হওয়া বাঞ্ছনীয়। কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড একটি স্বাধীন ফক্বীহ বোর্ড হিসেবে সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের মুরাক্বিব নিয়োগ বা মনোনয়নের দায়িত্ব পালন করতে পারে।

## ৫. মুরাক্বিবগণের দায়িত্ব ও কর্তব্য

মুরাক্বিবগণের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

"تكون مهام المراقب الشرعى الداخلى ومسؤولياته كما يأتي:

١. متابعة جميع ما يصدر عن هيئة الرقابة الشرعية من فتاوي وقرارات.

98. শরীয়াহ কাউন্সিল উপবিধি, ঢাকা ব্যাংক লিমিটেড, ধারা-৬-ক, পৃষ্ঠা-২।

www.pathagar.com

ب. فحص العمليات التي يقوم بها البنك وتقييم مدى التزام البنك بفتاوى وقرارات هيئة الرقابة الشرعية وتقيده بأحكام ومبادئ الشريعة الإسلامية.

ج. مناقشة الملاحظات والنتائج الأولية التي توصل إليها مع الأطراف الإدارية المعنية قبل اصدار تقاريره النهائية.

د. تقديم تقارير كتابية ربع سنوية الى مجلس الإدارة (مع نسخة الى هيئة الرقابة الشرعية والمدير العام) تتضمن نتيجة ما قام به من فحص لعمليات البنك وتعليماته بشأن ما يجب اجراؤه من تصحيحات و تحسينات، مع التنويه بالعمل المتميز كلما كان ذلك مناسبا.''[৭৭]

অর্থাৎ "অভ্যন্তরীণ শারী'আহ্ মুরাক্বিবের দায়িত্ব ও কর্তব্য নিম্নরূপ ঃ

ক. শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড থেকে প্রকাশিত সকল ফত্ওয়া ও সিদ্ধান্তাবলী (বাস্তবায়নের বিষয়) তদারকি করা।

খ. ব্যাংক যেসব কার্যক্রম আঞ্জাম দিয়ে থাকে সেগুলো পরীক্ষা-নিরীক্ষা করা, ব্যাংক কর্তৃক শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ফত্ওয়া ও সিদ্ধান্তাবলী বাস্তবায়নের মাত্রা নিরূপণ এবং ব্যাংককে ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধানাবলীর অধীনে নিয়ে আসা।

গ. চূড়ান্ত রিপোর্ট প্রকাশের পূর্বে (মুরাক্বিব কর্তৃক) অর্জিত প্রাথমিক ফলাফল ও মন্তব্যসমূহ নিয়ে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষের সাথে পর্যালোচনা করা।

ঘ. ব্যাংকের কার্যক্রম পরীক্ষা-নিরীক্ষার ফলাফল, (ত্রুটি-বিচ্যুতির) সংশোধনী ও (মান) উন্নয়ন বিষয়ক শিক্ষণীয় বিষয় এবং (এ উপলক্ষে প্রস্তাবিত) বিশেষ কোন কাজের নির্দেশনাসম্বলিত লিখিত ত্রৈমাসিক রিপোর্ট (একটি করে কপি শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড

99. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ৭ম অধ্যায়, ধারা-২, পৃষ্ঠা-১১ ও ১২।

www.pathagar.com

ও ব্যবস্থাপনা পরিচালকের কাছে প্রেরণসহ) পরিচালক পর্ষদে উত্থাপন করা।"

মুরাক্বিবগণের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বাহ্‌রাইনের ABC ইসলামী ব্যাংক (E.C.)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে যা উল্লেখ করা হয়েছে তা শব্দগত দিক থেকে সামান্য পার্থক্য থাকলেও অর্থগত দিক থেকে বাহরাইন ইসলামী ব্যাংকের মতোই।

সুধী পাঠকবৃন্দের জ্ঞাতার্থে ABC ইসলামী ব্যাংকের শারী'আহ্ বোর্ডের উপবিধিতে বর্ণিত এ সংক্রান্ত বক্তব্য নিম্নে হুবহু উদ্ধৃত করা হলো ঃ

تكون مهام المراقب الشرعي الداخلي ومسؤولياته كما يأتي :

أ. متابعة جميع ما يصدر عن هيئة الرقابة الشرعية من فتاوي وقرارات.

ب. فحص جميع العمليات التي يقوم بها البنك وتقييم مدى التزام البنك بفتاوى وقرارات هيئة الرقابة الشرعية وتقيده بأحكام ومبادئ الشريعة الإسلامية.

ج. مناقشة الملاحظات والنتائج الأولية التي توصل إليها مع الأطراف الإدارية المعنية قبل اصدار تقاريره النهائية.

د. تقديم تقارير كتابية ربع سنوية إلى مجلس الإدارة (مع نسخة الى هيئة الرقابة الشرعية والمدير العام) تتضمن نتيجة ما قام به من فحص لعمليات البنك وتعليماته بشأن ما يجب اجراؤه من تصحيحات و تحسينات، مع التنويه بالعمل المتميز كلما كان ذلك مناسبا.

هـ متابعة تنفيذ الإدارات والأقسام المعنية لتعليماته وأية قرارات أو توصيات أخرى تتعلق بالأمور الشرعية صادرة

www.pathagar.com

عن هيئة الرقابة الشرعية والمراجعين الخارجيين والجهات الرقابية الأخرى.

و. الالتزام بميثاق أخلاقيات المحاسب والمراجع الخارجي للمؤسسات المالية الإسلامية الصادر عن هيئة المحاسبة والمراجعة للمؤسسات المالية الإسلامية.

ز. المشاركة فى تدريب موظفى البنك والإسهام فى توعية عملاء البنك وغيرهم بأصول ومميزات العمل المصرفي الإسلامي."[100]

অর্থাৎ "অভ্যন্তরীণ শারী'আহ্ মুরাক্বিবের দায়িত্ব ও কর্তব্য নিম্নরূপ ঃ

ক. শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড থেকে প্রকাশিত সকল ফত্ওয়া ও সিদ্ধান্তাবলী (বাস্তবায়নের বিষয়) তদারকি করা।

খ. ব্যাংক যেসব কার্যক্রম আঞ্জাম দিয়ে থাকে সেগুলো পরীক্ষা-নিরীক্ষা করা, ব্যাংক কর্তৃক শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ফত্ওয়া ও সিদ্ধান্তাবলী বাস্তবায়নের মাত্রা নিরূপণ এবং ব্যাংককে ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধানাবলীর অধীনে নিয়ে আসা।

গ. চূড়ান্ত রিপোর্ট প্রকাশের পূর্বে (মুরাক্বিব কর্তৃক) অর্জিত প্রাথমিক ফলাফল ও মন্তব্যসমূহ নিয়ে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষের সাথে পর্যালোচনা করা।

ঘ. ব্যাংকের কার্যক্রম পরীক্ষা-নিরীক্ষার ফলাফল, (ত্রুটি-বিচ্যুতির) সংশোধনী ও (মান) উন্নয়ন বিষয়ক শিক্ষণীয় বিষয় এবং (এ উপলক্ষে প্রস্তাবিত) বিশেষ কোন কাজের নির্দেশনা সম্বলিত লিখিত ত্রৈমাসিক রিপোর্ট (একটি করে কপি শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড ও ব্যবস্থাপনা পরিচালকের কাছে প্রেরণসহ) পরিচালক পর্ষদে উত্থাপন করা।

---

100. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي নবম অধ্যায়, ধারা-১, উপধারা-ক, খ, গ, ঘ, ঙ ও চ।

www.pathagar.com

ঙ. শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের নির্দেশনা এবং তৎসংশ্লিষ্ট অন্যান্য দিক তদারকি করা, শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড, বহিঃনিরীক্ষক এবং অন্যান্য তত্ত্বাবধায়ক সংস্থা থেকে প্রকাশিত শারী'আহ্ বিষয়ক সুপারিশ ও সিদ্ধান্তসমূহ ফলোআপ করা।

চ. ইসলামী আর্থিক প্রতিষ্ঠানসমূহের বহিঃনিরীক্ষক ও একাউন্টেন্টদের জন্য প্রণীত এবং Accounting and Auditing organization for Islamic Financial Institutions (AAOIFI) থেকে প্রকাশিত আচরণবিধি মেনে চলা।

ছ. ব্যাংকের কর্মকর্তাবৃন্দকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রমে অংশগ্রহণ এবং ব্যাংকের গ্রাহক ও অন্যান্যদেরকে ইসলামী ব্যাংকিং কার্যক্রমের বৈশিষ্ট্য ও মূলনীতি সম্পর্কে সজাগ ও সচেতন করার লক্ষ্যে গৃহীত কার্যক্রমে অংশ নেয়া।"

মুরাক্বিবগণের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহের শরীয়াহ্ কাউন্সিল/বোর্ডের উপবিধিসমূহে যা বলা হয়েছে তা নিম্নে উদ্ধৃত হলো ঃ

**আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড**

*"মুরাক্বিব কাউন্সিলের সচিবের অধীনে কাউন্সিলের যাবতীয় কাজে সহযোগিতা করবেন।*

*ব্যাংকিং কার্যক্রম ইসলামী শারী'আহ্ মোতাবেক পরিচালিত হচ্ছে কি না মুরাক্বিব/মুরাক্বিবগণ তা পর্যবেক্ষণ করবেন।*

*কাউন্সিলের বৈঠকের মেমো তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে তা সাজিয়ে উপস্থাপন করার ব্যাপারে মুরাক্বিব কাউন্সিলের সচিবকে সার্বিকভাবে সহযোগিতা করবেন; এবং*

*অডিট বিভাগে কর্মরত কর্মকর্তাদের শারী'আহ্ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে তাদেরকেও শারী'আহর দৃষ্টিকোণ থেকে অডিট/পরিদর্শন করার এবং মুরাক্বিবের স্থলে কাজ করার মতো যোগ্য করে গড়ে তুলতে হবে।"*[101]

**সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড**

*"Salaried Officer(s) designated as 'Mudaqqiq' also called 'Muraqib' with sufficient knowledge about all Schools of*

101. শরীয়াহ কাউন্সিল উপবিধি, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, ধারা-৯, উপধারা-খ,গ,ঘ, ঙ, পৃষ্ঠা-৬।

www.pathagar.com

*Islamic thoughts may be appointed by the Bank on the recommendation of the Board to ensure compliance of the Shari'ah principles in each and every case of the Bank and will be responsible to the Board. He (they) would be employee(s) of the Bank."*[102]

অর্থাৎ "ব্যাংকের প্রত্যেকটি বিষয়ে শারী'আহ্ নীতিমালা পরিপালন নিশ্চিত করার জন্য শরীয়াহ্ বোর্ডের সুপারিশের ভিত্তিতে 'মুদাক্কিক' বা 'মুরাক্বিব' পদে ইসলামী জীবন-ব্যবস্থার সকল ক্ষেত্রে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন এক বা একাধিক কর্মকর্তাকে বেতনভুক্ত হিসেবে ব্যাংক নিয়োগ করতে পারে। তিনি বা তারা শরীয়াহ্ বোর্ডের কাছে জবাবদিহি করবেন। তিনি বা তারা ব্যাংকের employee-ও হতে পারেন।"

## শাহ্‌জালাল ইসলামী ব্যাংক লিমিটেড

*"তিনি শরীয়াহ্ কাউন্সিল সচিবালয়ের বিভিন্ন প্রকার কর্মকাণ্ড সমন্বয় করবেন।*

*তিনি কাউন্সিল অধিবেশনের সিদ্ধান্ত ও প্রস্তাবনা রেকর্ড/সংরক্ষণ এবং বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।*

*ব্যাংকিং কার্যক্রম ইসলামী শারী'আহ্ মোতাবেক পরিচালিত হচ্ছে কি না তা পরীক্ষা-নিরীক্ষার জন্য সম্ভাব্য পন্থা উদ্ভাবন করে তিনি কাউন্সিলের বৈঠকে পেশ করবেন।*

*কাউন্সিলের বৈঠকের মেমো তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে তা সাজিয়ে উপস্থাপন করার ব্যাপারে সদস্য সচিবকে সার্বিক সহযোগিতা করবেন এবং*

*মুরাক্বিব ব্যাংকের নিয়মিত কর্মকর্তা হলে তার বেতন-ভাতা, সুযোগ-সুবিধা, প্রমোশন ইত্যাদি ব্যাংকের প্রচলিত বিধি অনুযায়ী নির্ধারিত হবে।*

*মুরাক্বিব ব্যাংকের নিয়মিত কর্মকর্তা না হলে তার বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পরিচালক পর্ষদ কর্তৃক নির্ধারিত হবে।"*[103]

## প্রাইম ব্যাংক লিমিটেড

*"A salaried officer designated as 'Muraqib' with sufficient knowledge about all schools of Islamic thoughts may be appointed on recommendation of the council to ensure*

---

102. শরীয়াহ বোর্ড উপবিধি, সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড, ধারা-৯, পৃষ্ঠা-৩।

103. শরীয়াহ কাউন্সিল উপবিধি, শাহ্‌জালাল ইসলামী ব্যাংক লিমিটেড, ধারা-১০, পৃষ্ঠা-৬।

www.pathagar.com

*compliance of the Shari'ah principles in each and every case of the Islamic Banking Branches of the Bank and he will be responsible to the Council."*[104]

অর্থাৎ "ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখার প্রত্যেকটি বিষয়ে শারী'আহ্ নীতিমালা পরিপালনের বিষয়টি নিশ্চিত করার জন্য ইসলামী জীবন-ব্যবস্থার সকল ক্ষেত্রে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন 'মুরাক্বিব' পদে একজন বেতনভুক্ত কর্মকর্তা শরীয়াহ্ কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে নিয়োগ দেয়া যেতে পারে। তিনি শরীয়াহ্ কাউন্সিলের কাছে জবাবদিহি করবেন।"

## দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড

*"মুরাকিব কাউন্সিলের সচিবের অধীনে কাউন্সিলের যাবতীয় কাজে সহযোগিতা করবেন।*

*ব্যাংকিং কার্যক্রম ইসলামী শারী'আহ্ মোতাবেক পরিচালিত হচ্ছে কি না মুরাকিব/মুরাকিবগণ তা পর্যবেক্ষণ করবেন এবং প্রতিবেদন দাখিল করবেন।*

*কাউন্সিলের বৈঠকের মেমো তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে তা সাজিয়ে উপস্থাপন করার ব্যাপারে মুরাক্বিব কাউন্সিলের সচিবকে সার্বিকভাবে সহযোগিতা করবেন।*

*অডিট বিভাগে কর্মরত কর্মকর্তাদের শারী'আহ্ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে তাদেরকেও শারী'আহর দৃষ্টিকোণ থেকে অডিট/পরিদর্শন করার এবং মুরাক্বিবের স্থলে কাজ করার মতো যোগ্য করে গড়ে তুলবেন।"*[105]

## যমুনা ব্যাংক লিমিটেড

*"তিনি শরীয়াহ্ কাউন্সিল সচিবালয়ের বিভিন্ন প্রকার কর্মকাণ্ড সমন্বয় করবেন।*

*তিনি কাউন্সিল অধিবেশনের সিদ্ধান্ত ও প্রস্তাবনা রেকর্ড/সংরক্ষণ এবং জ্ঞাতকরণসহ বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।*

---

104. শরীয়াহ কাউন্সিল উপবিধি, প্রাইম ব্যাংক লিমিটেড, ধারা–৬, উপধারা–এ, পৃষ্ঠা–২।
105. শরীয়াহ কাউন্সিল উপবিধি, দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, ধারা–৮, উপধারা–খ,গ,ঘ,ঙ, পৃষ্ঠা–৩।

www.pathagar.com

*ব্যাংকিং কার্যক্রম ইসলামী শারী'আহ্ মোতাবেক পরিচালিত হচ্ছে কি না তা পরীক্ষা-নিরীক্ষার জন্য সম্ভাব্য পন্থা উদ্ভাবন করে তিনি কাউন্সিলের বৈঠকে পেশ করবেন।*

*কাউন্সিলের বৈঠকের মেমো তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে তা সাজিয়ে উপস্থাপন করার ব্যাপারে সদস্য সচিবকে সার্বিক সহযোগিতা করবেন।"*[106]

## ঢাকা ব্যাংক লিমিটেড

*"A salaried officer designated as 'Muraqib' with sufficient knowledge about all schools of Islamic thoughts may be appointed on recommendation of the council to ensure compliance of the Shari'ah principles in each and every ease of the Islamic banking counter/branches of the Bank and he will be responsible to the Council.*[107]

অর্থাৎ "ব্যাংকের ইসলামী ব্যাংকিং শাখার প্রত্যেকটি বিষয়ে শারী'আহ্ নীতিমালা পরিপালনের বিষয়টি নিশ্চিত করার জন্য 'মুরাক্বিব' পদে ইসলামী জীবন-ব্যবস্থার সকল ক্ষেত্রে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন একজন বেতনভুক্ত কর্মকর্তা শরীয়াহ্ কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে নিয়োগ দেয়া যেতে পারে। তিনি শরীয়াহ্ কাউন্সিলের কাছে জবাবদিহি করবেন।"

---

106. শরীয়াহ কাউন্সিল উপবিধি, যমুনা ব্যাংক লিমিটেড, ধারা- ৬, পৃষ্ঠা-৫।

107. শরীয়াহ কাউন্সিল উপবিধি, ঢাকা ব্যাংক লিমিটেড, ধারা-৬-ক, পৃষ্ঠা-২।

www.pathagar.com

# শারী'আহ্ বোর্ডের প্রতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব ও কর্তব্য

একটি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে শারী'আহ্ নীতিমালার ভিত্তিতে যথাযথভাবে পরিচালিত করতে হলে শারী'আহ্ বোর্ড কর্তৃক প্রদত্ত ফত্ওয়া ও সিদ্ধান্তের বাস্তবায়ন যেমন জরুরি তেমনি শারী'আহ্ বোর্ডকে ব্যাংকের বিভিন্ন প্রোডাক্ট ও কার্যাবলী সম্পর্কে তথ্য প্রদান করা, বোর্ডের চাহিদানুযায়ী প্রয়োজনীয় দলিলাদি ও নথিপত্র সরবরাহসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা প্রদান অপরিহার্য।

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব ও কর্তব্যের বিবরণ নিম্নরূপ ঃ

## ১. ব্যাংকিং লেনদেন সংক্রান্ত যাবতীয় তথ্য সরবরাহ

ব্যাংক যে-সকল কার্যক্রম আঞ্জাম দিয়ে থাকে সেগুলো সম্পর্কে শারী'আহ্ মতামত গ্রহণের জন্য সেগুলোর বিস্তারিত বিবরণ শারী'আহ্ বোর্ডে উপস্থাপন করা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের জন্য অপরিহার্য। ব্যাংকের কার্যক্রম সম্পর্কে জানতে সংশ্লিষ্ট দলিলাদি ও নথিপত্র সম্পর্কে জ্ঞাত হওয়া শারী'আহ্ বোর্ডের দায়িত্ব ও কর্তব্যের অন্তর্ভুক্ত।

এ সম্পর্কে ABC (E.C.) ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

*"توفير جميع المعلومات التي تعين الهيئة علي تكوين الرأي الشرعي في المعاملات التي يمارسها البنك، وللهيئة الحق في الاطلاع الكامل على جميع السجلات والمعاملات والمعلومات من جميع المصادر بما في ذلك الرجوع إلي المستشارين المهنيين والقانونيين وموظفي البنك ذوي الصلة."*[১০৮]

---

108. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي অষ্টম অধ্যায়, ধারা-১।

www.pathagar.com

অর্থাৎ "ব্যাংক যেসব লেনদেন পরিচালনা করছে সেগুলো সম্পর্কে শার'ঈ মতামত প্রস্তুতকরণে শারী'আহ্ বোর্ডকে সহায়তা করবে–এমন সকল তথ্য সরবরাহ করা। সকল নথিপত্র, লেনদেন এবং যেকোন উৎস থেকে উৎসারিত তথ্য সম্পর্কে অবহিত হওয়া এবং সেগুলো সমেত পরামর্শক, বিশেষজ্ঞ, আইনবিদ এবং সংশ্লিষ্ট বিষয়ে পারদর্শী ব্যাংকের কর্মকর্তাগণের শরণাপন্ন হওয়ার অধিকার শারী'আহ্ বোর্ডের রয়েছে।"

এ বিষয়ে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তাঁর حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধে লিখেছেন ঃ

*وتقع على عاتق الإدارة مسئولية تزويد هيئة الرقابة الشرعية بجميع المعلومات المتعلقة بذالك الالتزام.*[১০৯]

অর্থাৎ "শারী'আহ্ পরিপালন সম্পর্কিত সকল তথ্য শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডকে সরবরাহ করার দায়িত্ব ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর ন্যস্ত।"

এ সম্পর্কে 'Dar Al-Maal Al-Islami Trust'-এর 'Indenture'-এ 'Duty of the management to Shari'ah Supervisory Board' শিরোনামে বলা হয়েছে ঃ

> *"The operating procedures also set forth requirements with respect to the manner in which the Trust's management communicates with the Religious Board and, further, gives the Religious Board the authority to command management to provide all the necessary documents and information required by the Religious Board to determine whether or not a transaction or investment opportunity is in conformity with the Shari'ah."*[110]

---

109. ড. আহমদ মুহিউদ্দীন আহমাদ, ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা–১৭।

110. Dar Al-Maal Al-Islami Trust 'Religious Board Operating Procedures', Geneva, Switzerland, June 1981. (Typewritten), Page-1, 2.

www.pathagar.com

অর্থাৎ "এই কার্যক্রম পরিচালনা পদ্ধতিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কিভাবে রিলিজিয়াস বোর্ডের সাথে যোগাযোগ রক্ষা করবে তা বলে দেয়া হয়েছে। তাছাড়াও এখানে রিলিজিয়াস বোর্ড কোন বিনিয়োগ বা লেনদেন ইসলামী শারী'আহ অনুযায়ী পরিপালিত হয়েছে কি না তা খতিয়ে দেখার উদ্দেশ্যে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্য সরবরাহ করার জন্য ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আদেশ প্রদানের ক্ষমতা সংরক্ষণ করেন।"

## ২. নতুন কার্যক্রমের শুরুতে তা অবহিত করা

যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান যদি এমন কোন কার্যক্রম শুরু করতে চায় যা পূর্বে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড থেকে অনুমতি নেয়া হয়নি তাহলে এ ধরনের নতুন প্রোডাক্ট বা কাজ শুরু করার পূর্বে অবশ্যই সে সম্পর্কে সংশ্লিষ্ট ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজারী বোর্ড থেকে অনুমোদন নিয়ে সে কাজ শুরু করতে হবে।

এ সম্পর্কে ABC (E.C.) ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

*الالتزام بإطلاع الهيئة على أي عملية يراد الدخول فيها بصورة مبكرة، وعرض أي نماذج أو عقود جديدة يخطط لاستخدامها في المستقبل لمراجعتها واعتمادها من قبل الهيئة قبل إصدارها.*[111]

অর্থাৎ "নতুনভাবে কোন কার্যক্রম শুরু করতে চাইলে এবং নতুনভাবে প্রস্তুতকৃত কোন চুক্তিপত্র বা মডেল ভবিষ্যতে ব্যাংকিং কার্যক্রমে ব্যবহার করার উদ্দেশ্যে উপস্থাপন করতে হলে তা প্রকাশের পূর্বেই পর্যালোচনা ও শারী'আহ্ বোর্ড থেকে অনুমোদনের জন্য শারী'আহ্ বোর্ডকে অবহিত করা।"

বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তাঁর حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধে শারী'আহ্ বোর্ডের প্রতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব সম্পর্কে লিখেছেন ঃ

111. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي অষ্টম অধ্যায়, ধারা-২।

www.pathagar.com

الالتزام باطلاع الهيئة علي العمليات والمنتجات الجديدة التي يراد الدخول فيها قبل اجتماع الهيئة بوقت كاف، و عرض جميع العقود الجديدة والنماذج التي يخطط لاستخدامها في المستقبل لمراجعتها واعتمادها من قبل الهيئة قبل إصدارها.[112]

অর্থাৎ "যেসব নতুন প্রোডাক্ট ও কার্যক্রমে ব্যাংক প্রবেশ করতে চায় সেগুলো সম্পর্কে শারী'আহ্ বোর্ডকে তার অধিবেশন হওয়ার পর্যাপ্ত সময় পূর্বে অবহিত করা। এবং সকল নতুন চুক্তি এবং প্রকল্প যেগুলো ব্যাংক ভবিষ্যতে চালু করতে চায় সেগুলো চালু করার পূর্বে যাচাই-বাছাই ও অনুমোদনের জন্য শারী'আহ্ বোর্ডে উপস্থাপন করা।"

এ সম্পর্কে 'Dar Al-Maal Al-Islami Trust'-এর 'Indenture'-এ 'Duty of the management to Shari'ah Supervisory Board' শিরোনামে বলা হয়েছে ঃ

*"All operations of DMI are subject to control by a Religious Board of five members drawn from acknowledged religious leaders learned in the Shari'a and appointed by the Board of Supervisors.*

*The Board of Supervisors has adopted operating procedures to ensure that no form of investment or other business activity is undertaken if that form has not been approved in advance by the Religious Board. Management is required to periodically report and certify to the Religious Board regarding the conformity of the actual investments and business activities undertaken of the forms of permitted investments and activities previously approved by the religious board."*[113]

---

112. ডক্টর আহমদ মুহিউদ্দীন আহমাদ, ৫ ও ৬ অক্টোবর ২০০৩ ঈসায়ী তারিখে রাজকীয় বাহরাইনের মানামায় অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-১৩।

113. Dar Al-Maal Al-Islami Trust 'Founders' Covenant and Call to Ummat Al Islam', (Mimeographed), Page-11, 12.

www.pathagar.com

অর্থাৎ "ডিএমআই-এর সমস্ত কার্যক্রম পাঁচ সদস্যবিশিষ্ট রিলিজিয়াস বোর্ড কর্তৃক নিয়ন্ত্রিত। রিলিজিয়াস বোর্ডের সদস্যগণকে শারী'আহ্ বিষয়ে অভিজ্ঞ নেতৃস্থানীয় ও স্বীকৃত ব্যক্তিবর্গ হতে নির্বাচন করা হয়। আর 'বোর্ড অব সুপারভাইজরস্' এদের নিয়োগ দিয়ে থাকে। বোর্ড অব সুপারভাইজরস্ কার্যক্রম পরিচালনার যে পদ্ধতি গ্রহণ করেছে তাতে এ মর্মে নিশ্চিত করা হয়েছে যে, এমন কোন বিনিয়োগ পদ্ধতি বা ব্যবসায়িক কার্যক্রম গ্রহণ করা হবে না যা রিলিজিয়াস বোর্ড কর্তৃক পূর্বাহ্নে অনুমোদিত না হয়। রিলিজিয়াস বোর্ড কর্তৃক পূর্বে অনুমোদিত বিনিয়োগ ও ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করতে গিয়ে শারী'আহ্ যথাযথভাবে পরিপালিত হয়েছে এই মর্মে সময়ে সময়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে রিলিজিয়াস বোর্ডের কাছে প্রতিবেদন পেশ করতে হয়।"

## ৩. যে প্রকল্প বা চুক্তিতে শারী'আহ্ বোর্ডের ভেটো রয়েছে তা ব্যবহারের পূর্বে নতুন করে রায় নেয়া

যে প্রকল্প ও চুক্তি ইতোপূর্বে শারী'আহ্ বোর্ডে উপস্থাপনের পরও অনুমোদন লাভ করেনি-এ ধরনের চুক্তি ও প্রকল্প বাস্তবায়নের পূর্বে শারী'আহ্ বোর্ডের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করে সংশোধিত আকারে উপস্থাপনপূর্বক শারী'আহ্ বোর্ডের অনুমোদন গ্রহণ করা।

ABC (E.C.) ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

عدم استخدام أي نموذج أو عقد أبديت عليه ملاحظات شرعية
إلا بعد تعديله أو تبديله واعتماده مجددا من قبل الهيئة.[114]

অর্থাৎ "যে চুক্তি বা মডেল সম্পর্কে শারী'আহ্ বোর্ডের শার'ঈ মন্তব্য রয়েছে তা পরিবর্তন, সংশোধন এবং নতুনভাবে শারী'আহ্ বোর্ডের অনুমোদন নেয়া ছাড়া ব্যবহার না করা।"

---

114. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي অষ্টম অধ্যায়, ধারা-৩

www.pathagar.com

বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তাঁর حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধে শারী'আহ্ বোর্ডের প্রতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব সম্পর্কিত বক্তব্যে এ সম্পর্কে লিখেছেন ঃ

الالتزام بعدم التعامل بأي عقد أو نموذج أوردت الهيئة عليه ملاحظات شرعية إلا بعد تعديله وإصلاحه أو تغييره و تبديله وفق توجيهات الهيئة واعتماده من قبلها.[১১৫]

অর্থাৎ "যে চুক্তি বা মডেল সম্পর্কে শারী'আহ্ বোর্ড নেতিবাচক মতামত দিয়েছে তা শারী'আহ্ বোর্ডের নির্দেশনার আলোকে পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করা ব্যতিরেকে এবং বোর্ড থেকে তা চালু করার সম্মতি গ্রহণ ছাড়া ব্যবহার না করা।"

### ৪. শারী'আহ্ বোর্ডের চাহিদানুযায়ী যেকোন বিষয়ের ব্যাখ্যা পেশ করা

ব্যাংকিং কার্যক্রমে যেসব বিষয় সম্পর্কে শারী'আহ্ বোর্ড ব্যাখ্যা তলব করে সে সম্পর্কে নিখুঁত ও সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান করা শারী'আহ্ বোর্ডের প্রতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অন্যতম প্রধান দায়িত্ব।

এ সম্পর্কে ABC (E.C.) ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

تقديم أي توضيحات تطلبها الهيئة ولا سيما بشأن العمليات التي تظن الهيئة أنها وقعت مخالفة لأحكام الشريعة الإسلامية.[১১৬]

অর্থাৎ "শারী'আহ্ বোর্ডের তলব অনুযায়ী যেকোন ব্যাখ্যা প্রদান করা, বিশেষতঃ সেসব কার্যক্রম সম্পর্কে (ব্যাখ্যা প্রদান করা) যেগুলো সম্পর্কে

---

115. ড. আহমদ মুহিউদ্দীন আহমাদ, ৫ ও ৬ অক্টোবর ২০০৩ ঈসায়ী তারিখে রাজকীয় বাহরাইনের মানামায় অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-১৩।

116. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي অষ্টম অধ্যায়, ধারা-৪।

www.pathagar.com

শারী'আহ্ বোর্ডের ধারণা যে, সেগুলো ইসলামী শারী'আহ্র বিধানাবলীর বিপরীতে সম্পন্ন হয়েছে।"

বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তাঁর حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধে শারী'আহ্ বোর্ডের প্রতি ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব সম্পর্কিত বক্তব্যে এ সম্পর্কে লিখেছেন ঃ

> الالتزام بتقديم كافة البيانات وجميع المستندات التي تعين الهيئة علي أداء مهمتها، وكذلك تقديم أية توضيحات تطلبها الهيئة، ولا سيما بشأن العمليات التي تخشي الهيئة أن تكون قد وقعت فيها مخالفة لأحكام ومبادئ الشريعة الإسلامية.[১১৭]

অর্থাৎ "শারী'আহ্ বোর্ডের দায়িত্ব পালনে সহায়ক সকল নথিপত্র এবং বিশদ ব্যাখ্যা উপস্থাপন করা। তেমনিভাবে শারী'আহ্ বোর্ডের তলব অনুযায়ী যেকোন ব্যাখ্যা প্রদান করা। বিশেষতঃ সেসব কার্যক্রম সম্পর্কে (ব্যাখ্যা প্রদান করা) যেগুলো সম্পর্কে শারী'আহ্ বোর্ডের ধারণা যে, সেগুলো ইসলামী শারী'আহ্র বিধানাবলীর বিপরীতে সম্পন্ন হয়েছে।"

### ৫. রুটিনমাফিক পর্যালোচনার পদ্ধতি প্রণয়ন করা

এ সম্পর্কে ABC (E.C.) ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

> تهيئة و سائل المراجعة الدورية لمستندات العمليات من خلال بنود المركز المالي الدوري، للوصول بسهولة في نهاية العام إلي

---

117. ড. আহমদ মুহিউদ্দীন আহমাদ, حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-১৩।

www.pathagar.com

نتائج السنة كلها من الناحية الشرعية بما يتيح تقرير مشروعيتها

بعد البحث والتدقيق اللازم.[১১৮]

অর্থাৎ "ব্যাংকের কার্যক্রমের ডকুমেন্টস্‌সমূহের উপর 'পিরিওডিকেল অর্থ কেন্দ্রের' ধারাসমূহের আলোকে রুটিনমাফিক পর্যালোচনার পদ্ধতি প্রণয়ন করা যাতে বছরান্তে সহজেই শার'ঈ দৃষ্টিকোণ থেকে পুরো বছরের রেজাল্ট লাভ করা যায়–যা প্রয়োজনীয় অনুসন্ধান ও সূক্ষ্ম বিচার-বিশ্লেষণশেষে কার্যক্রমসমূহের শারী'আহ্‌সিদ্ধ হওয়ার বিষয়ে রিপোর্ট প্রদানের ভূমিকা রাখে।"

## ৬. শারী'আহ্ বোর্ডের সাথে গ্রাহকের মিটিং-এর ব্যবস্থা করা

ব্যাংকের গ্রাহকদের সাথে শারী'আহ্ বোর্ডের সদস্যদের মিলিত হওয়া, মতবিনিময় করা এবং শারী'আহ্ বোর্ডের সদস্যদের কাছ থেকে শারী'আহ্ সংক্রান্ত বিষয়ে জানার জন্য গ্রাহকদের সুযোগ সৃষ্টির লক্ষ্যে গ্রাহকসমাবেশের ব্যবস্থা করা ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের একটি বিশেষ গুরুত্বপূর্ণ দায়িত্ব।

এ সম্পর্কে ABC (E.C.) ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

تنظيم لقاءات للهيئة مع العاملين بالبنك للمذاكرة في القضايا

الشرعية المصرفية، بهدف تنمية الوعي الشرعي لديهم.[১১৯]

অর্থাৎ "ব্যাংকের শার'ঈ বিষয়গুলো পর্যালোচনার জন্য এবং ব্যাংকের গ্রাহকদের মধ্যে শার'ঈ বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তাদের সাথে শারী'আহ্ বোর্ডের মিটিং-এর ব্যবস্থা করা।"

---

118. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي অষ্টম অধ্যায়, ধারা-৫।

119. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي অষ্টম অধ্যায়, ধারা-৬।

www.pathagar.com

## ৭. অন্যকোন প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ হতে হলে সে প্রতিষ্ঠানের চুক্তিপত্র ও দলিলাদি শারী'আহ্ বোর্ডে উপস্থাপন

ব্যাংক অন্যকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে কোন বিষয়ে চুক্তিবদ্ধ হতে চাইলে বা কোন দলিল সম্পাদন করতে চাইলে উক্ত চুক্তিপত্র বা দলিলাদি ব্যাংকের শারী'আহ্ বোর্ডের কাছ থেকে অনুমোদন করিয়ে নিতে হবে।

এ সম্পর্কে ABC (E.C.) ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

*أن تعرض على الهيئة جميع المستندات والعقود والاتفاقيات الواردة إلى البنك من جهات ومؤسسات أخرى ولو كانت لديها هيئات شرعية، وذلك لتمكين الهيئة من مراجعتها واعتمادها قبل مشاركة البنك فيها والتوقيع عليها.*"[১২০]

অর্থাৎ "ব্যাংকের সাথে অন্যকোন প্রতিষ্ঠানের প্রস্তাবিত সকল চুক্তি, নথিপত্র ও দলিলাদি শারী'আহ্ বোর্ডে উপস্থাপন করা, উক্ত প্রতিষ্ঠানের নিজস্ব শারী'আহ্ বোর্ড থাকলেও এ কাজ করতে হবে। এটা এজন্য যে, যেন শারী'আহ্ বোর্ড তা পরীক্ষা-নিরীক্ষা করতে পারে এবং ব্যাংক তাতে যুক্ত হওয়া বা স্বাক্ষর করার পূর্বে অনুমোদন দিতে পারে।"

এ বিষয়ে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তাঁর حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধে লিখেছেন ঃ

*عرض جميع المستندات والعقود والاتفاقيات للعمليات الجديدة المعروضة علي المؤسسة من جهات أو مؤسسات*

120. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي অষ্টম অধ্যায়, ধারা-৭।

www.pathagar.com

*أخـري علـي الهيئـة الشـرعية، لتمكينهـا مـن مراجعتهـا واعتمادها قبل الدخول فيها والتوقيع عليها."*[১২১]

অর্থাৎ "ব্যাংকের সাথে অন্যকোন প্রতিষ্ঠানের প্রস্তাবিত সকল চুক্তি, নথিপত্র ও দলিলাদি শারী'আহ্ বোর্ডে উপস্থাপন করা। এটা এজন্য যে, যেন শারী'আহ্ বোর্ড তা পরীক্ষা-নিরীক্ষা করতে পারে এবং ব্যাংক তাতে যুক্ত হওয়া বা স্বাক্ষর করার পূর্বে অনুমোদন দিতে পারে।"

### ৮. মুরাক্বিবগণকে প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে সুস্পষ্ট ধারণা প্রদান

শারী'আহ্ বোর্ডের মুরাক্বিবগণকে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের যাবতীয় কার্যক্রম সম্পর্কে ধারণা প্রদান করাও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অন্যতম প্রধান দায়িত্ব।

এ সম্পর্কে বাহরাইন ইসলামী ব্যাংক ও ABC (E.C.) ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বলা হয়েছে ঃ

*"علي إدارة البنك إخطار المراقب الشرعي الداخلي بجميع العمليات التي يقوم بها البنك لكي يقوم بفحصها وإبداء الرأي فيها."*[১২২]

অর্থাৎ "ব্যাংক যেসব কার্যক্রম পরিচালনা করছে সেসব সম্পর্কে অভ্যন্তরীণ শার'ঈ মুরাক্বিবকে অবহিত করা ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়িত্ব যেন মুরাক্বিব সেসব কার্যাবলী পরীক্ষা-নিরীক্ষা করতে পারেন এবং সেগুলো সম্পর্কে মতামত প্রদান করতে পারেন।"

---

121. ড. আহমদ মুহিউদ্দীন আহমাদ, حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-১৪।

122. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ও اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي নবম অধ্যায়, ধারা-৩।

www.pathagar.com

# শারী'আহ্ বোর্ডের সদস্যপদ থেকে অব্যাহতি প্রদান

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড/শারী'আহ্ কাউন্সিলকে অথবা এর কোন সদস্যকে অব্যাহতি দেয়ার প্রয়োজন হলে পরিচালনা পর্ষদের দুই-তৃতীয়াংশ সদস্যদের মতামত শেয়ারহোল্ডারগণের বার্ষিক সাধারণসভায় অনুমোদিত হতে হবে এবং অব্যাহতিদানের কারণ সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

AAOIFI কর্তৃক প্রণীত ও IDB স্বীকৃত Standard -এ বলা হয়েছে ঃ

> *"The dismissal of a member of the Shari'ah supervisory board shall require a recommendation by the board of directors and be subject to the approval of the shareholders in a general meeting."* [123]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কোন সদস্যকে অব্যাহতি দিতে হলে পরিচালনা পর্ষদের সুপারিশ এবং সাধারণসভায় শেয়ারহোল্ডারগণের অনুমোদনের প্রয়োজন হবে।"

জর্দান ইসলামী ব্যাংকের গঠনতন্ত্রে উল্লেখ করা হয়েছে ঃ

> لا يجوز عزل الهيئة أو أي عضو فيها إلا إذا صدر قرار معلل من مجلس الإدارة بأغلبية ثلثي أعضائه علي أن يقترن هذا القرار بموافقة الهيئة العامة للبنك. [١٢٤]

অর্থাৎ "কারণ উল্লেখপূর্বক সম্মতির ভিত্তিতে পরিচালনা পর্ষদের দুই-তৃতীয়াংশ সদস্যের সিদ্ধান্ত ব্যতীত শারী'আহ্ বোর্ড বা এর কোন সদস্যকে বরখাস্ত করা যাবে না এবং উক্ত সিদ্ধান্ত ব্যাংকের সাধারণ পর্ষদ কর্তৃক অনুমোদিত হতে হবে।"

বাহরাইন ইসলামী ব্যাংকের উপবিধিতে বর্ণিত রয়েছে ঃ

> لا يتم الاستغناء عن خدمات عضو هيئة الرقابة االشرعية إلا بموجب توصية من مجلس الإدارة يعتمدها المساهمون في اجتماع الجمعية العمومية. [١٢٥]

---

123. Statement of Financial Accounting No.1, Objectives of Financial Accounting for Islamic Banks and Financial Institutions. Page-6.

124. عقد التأسيس والنظام الأساسي البنك الاسلامي الأردني للتمويل والاستثمار ধারা-১২, উপধারা-৩, পৃষ্ঠা-২৪।

www.pathagar.com

অর্থাৎ "পরিচালক পর্ষদের সুপারিশ এবং বার্ষিক সাধারণসভায় (এজিএম) শেয়ারহোল্ডারগণের অনুমোদন ব্যতীত শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কোন সদস্যকে তার সার্ভিস থেকে অব্যাহতি দেয়া যাবে না।"

বাহরাইনের আরব ব্যাংকিং কর্পোরেশন ইসলামিক ব্যাংকের উপবিধিতে উল্লেখ রয়েছে ঃ

*لا يتم الاستغناء عن خدمات عضو هيئة الرقابة االشرعية إلا بموجب توصية من مجلس الإدارة يعتمدها المساهمون في اجتماع الجمعية العامة.*[126]

অর্থাৎ "পরিচালনা পর্ষদের সুপারিশ এবং বার্ষিক সাধারণসভার অনুমোদন ব্যতীত শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কোন সদস্যকে সার্ভিস থেকে অব্যাহতি দেয়া যাবে না।"

## শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ক্ষমতা ও মর্যাদা

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের মর্যাদা বলতে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের আইনগত অবস্থানকে বুঝায়। এটি একটি গুরুত্বপূর্ণ বিষয়। মূলতঃ শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড একটি স্বাধীন, স্বতন্ত্র ও উচ্চ মর্যাদাশীল এক সংস্থা। ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের যাবতীয় কার্যক্রম শার'ঈ বিধানের নিরীখে পরিচালনা ও তত্ত্বাবধানের মহান দায়িত্ব এ বোর্ডের উপর অর্পিত। এদিক থেকে এ সংস্থার মর্যাদা ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সমপর্যায়ের বা আরও বেশি। এ কারণেই শারী'আহ্ বোর্ডের কোন সদস্যকে কোন শার'ঈ কারণ ছাড়া মেয়াদের পূর্বে পদ থেকে সরানো যায় না। এ বোর্ডের সিদ্ধান্তাবলী বাস্তবায়ন করা ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বাধ্যতামূলক।

দুবাই ইসলামী ব্যাংকের 'ফত্ওয়া ও শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড'-এর চেয়ারম্যান ড. হুসাইন হামেদ হাস্সান ইসলামী আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রথম আন্তর্জাতিক সম্মেলনে পঠিত নিবন্ধে শারী'আহ্ বোর্ডের একটি বিশেষ মর্যাদা উল্লেখ করেছেন। তিনি বলেছেন ঃ

---

125. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ধারা-২, উপধারা-৫, পৃষ্ঠা-৩।

126. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي দ্বিতীয় অধ্যায়, ধারা-৩।

www.pathagar.com

الهيئة الشرعية مستقلة عن الجمعية العمومية وعن مجلس الإدارة الذى عينها، في أداء واجباتها وأن قراراتها ملزمة لإدارة المؤسسة وأجهزتها التنفيذية، وأنها غير قابلة العزل إلا لأسباب شرعية توجب هذا العزل.

অর্থাৎ "শারী'আহ্ বোর্ড তার উপর অর্পিত দায়িত্ব সম্পাদনের ক্ষেত্রে সাধারণ সভা এবং পরিচালনা পরিষদ হতে সম্পূর্ণ স্বতন্ত্র। শারী'আহ্ বোর্ডের সিদ্ধান্ত পরিচালনা পরিষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বাধ্যতামূলক। কোন শার'ঈ অনিবার্য কারণ ব্যতীত শারী'আহ্ বোর্ড অপসারণযোগ্য নয়।"

শারী'আহ্ বোর্ডের মর্যাদা সম্পর্কে 'Dar Al-Maal Al-Islami Trust'-এর 'Indenture'-এ বলা হয়েছে ঃ

> *"The Religious Board shall have the power to examine members of the Boards of Supervisors and Directors, Officers and employees of the Trust Administrator or any other subsidiary or controlled affiliate of the Trust concerning such and to demand any information it may require. More particularly, the Religious Board shall make all determinations concerning Islamic principles, laws and traditions required to ensure compliance with Article I of this Indenture, and the members of the Board of Supervisory and any of such directors, officers and employees shall conform to such determination and be entitled to rely on any such determination. Any such determination shall be binding on all bearers of Trust Certificates. The Religious Board shall report within six months of the close of the fiscal year of the Trust in writing, lodging one copy of such report with the Fiduciary Custodian to the effect that it has discharged its obligations under this Article VI to ensure that the Trust's investments and activities (and those of its subsidiaries) conform to Islamic principles, laws and traditions. The Religious Board can delegate such functions with respect to a duly constituted and analogous Religious Board appointed with respect to one or more of the operating subsidiaries or affiliates of the Trust."* [127]

---

127. Dar Al-Mal Al-Islami Trust, 'Indenture', Nassau, Commonwealth of the Bahamas, 21 May 1984, (Typewritten), Page-11, 12.

www.pathagar.com

অর্থাৎ "তত্ত্বাবধায়ক ও পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, ট্রাস্ট প্রশাসক অথবা ট্রাস্টের অন্যকোন অঙ্গসংগঠনের কর্মকর্তা-কর্মচারীকে পরীক্ষা করা এবং কোন প্রয়োজনীয় তথ্য তলব করার অধিকার রিলিজিয়াস বোর্ড রাখে। বিশেষভাবে, রিলিজিয়াস বোর্ড প্রয়োজনীয় ইসলামিক নীতিমালা ও আইনসমূহ যা এই Indenture-এ আর্টিকেল-১-এর সাথে সামঞ্জস্যপূর্ণ কি না এই মর্মে পুরোপুরি নিশ্চিত করবে। এবং সাথে সাথে তত্ত্বাবধায়ক পর্ষদের সদস্য এবং অনুরূপ কোন পরিচালক বা কর্মকর্তা-কর্মচারীকে অবশ্যই সেই বিধিমালার প্রতি শ্রদ্ধাশীল হতে হবে। ট্রাস্ট সার্টিফিকেট যারা গ্রহণ করেছেন তারা এই বিধিমালা প্রতিপালনে বাধ্য থাকবেন। আর্থিক বছর সমাপনান্তে ছয় মাসের মধ্যে রিলিজিয়াস বোর্ড লিখিত প্রতিবেদন দাখিল করবেন। প্রতিবেদনে এই মর্মে উল্লেখ থাকবে যে, আর্টিকেল-৬ (যেখানে ট্রাস্টের সমুদয় বিনিয়োগ এবং অন্যান্য সহযোগী সংগঠনের কার্যাবলী ও বিনিয়োগ ইসলামী নীতি, আইন ও প্রচলন অনুযায়ী সম্পাদিত হওয়ার কথা উল্লেখ রয়েছে) প্রতিবেদনের একটি কপি Fiduciary custodian-এর নিকট পেশ করবেন। যেখানে এই মর্মে উল্লেখ থাকবে যে, তাদের কর্তব্য পূর্বোল্লিখিত আর্টিকেল অনুযায়ী সম্পাদিত হয়েছে। রিলিজিয়াস বোর্ড অনুরূপ কার্যাবলী সম্পাদনের দায়িত্ব অন্যকোন অনুরূপ রিলিজিয়াস বোর্ডকে নিয়োগ দিতে পারে। এই নিয়োগ ট্রাস্টের অধীনে কার্যরত অন্য এক বা একাধিক সহযোগী বা অঙ্গসংগঠনের ক্ষেত্রে প্রযোজ্য।"

'Dar Al-Maal Al-Islami Trust'-এর 'Indenture'-এ বর্ণিত শারী'আহ্ বোর্ড সংক্রান্ত উক্ত বক্তব্যের প্রেক্ষিতে প্রখ্যাত ইসলামী ব্যাংকিং গবেষক Dr. Moustafa Mohamed তাঁর 'The Role of the Religious Board' শীর্ষক প্রবন্ধে যে মন্তব্য করেছেন তা নিম্নরূপ ঃ

> *"As the above sub-paragraph of Article VI of the Trust Indenture indicates, the Religious Board's authority is uncompromising. It necessitates the annual reporting of the Religious Board and gives it unfettered discretion in examining the operations of the DMI Trust Group, including the Group's subsidiaries, with respect to their investment activities, and otherwise, in order to ensure conformity to the Shari'ah."* [128]

---

128. The Role of the Religions Board, Dr. Moustafa Mohamed Hosny. Encyclopaedia of Islamic Banking & Insurance, Institute of Islamic Banking and Insurance. Page-95.

www.pathagar.com

অর্থাৎ "ট্রাস্ট Indenture-এর উপধারা-৬ অনুযায়ী ধর্মীয় পর্ষদের ক্ষমতা আপোসহীন। বার্ষিক প্রতিবেদন দাখিল করা রিলিজিয়াস বোর্ডের উপর অপরিহার্য। ডিএমআই ট্রাস্ট গ্রুপ এবং এর সহযোগী প্রতিষ্ঠানসমূহের বিনিয়োগ কার্যক্রম ও অন্যান্য কার্যক্রম শারী'আহ অনুযায়ী প্রতিপালিত হচ্ছে কি না এ মর্মে পরীক্ষা-নিরীক্ষা করার জন্য অবিসংবাদিত ক্ষমতা অর্পণ করা হয়েছে।"

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে বলা হয়েছে ঃ

> *"ব্যাংকের যাবতীয় কার্যক্রম শারী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা পরীক্ষা-নিরীক্ষা করার জন্য ব্যাংক প্রয়োজনীয় কাগজপত্র শরীয়াহ্ কাউন্সিলে পাঠাবে। শরীয়াহ্ কাউন্সিলও এ বিষয়ে পরামর্শ প্রদানের জন্য যেকোন সময় যেকোন শাখা বা প্রধান কার্যালয় থেকে নথিপত্র ও দলিলাদি তলব করতে পারবে।"*[129]

## শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ভূমিকা ও কার্যাবলী

যেকোন ইসলামী ব্যাংকের কার্যক্রম শারী'আহ্ অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না সে বিষয়টি সত্যায়িত করে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড। সেদিক থেকে এ বোর্ডের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রখ্যাত ইসলামী অর্থনীতিবিদ ও বিশিষ্ট ইসলামী ব্যাংকিং গবেষক মোঃ আব্দুল আউয়াল সরকার তাঁর 'Islamic Banking in Bangladesh : Growth, Sturcture and Performance' শীর্ষক প্রবন্ধে বলেন ঃ

> *"The role of Shari'ah Councils or Boards in certifying the activities of Islamic banks is very important. They provide scholarly guidance in operations after conducting a practical examination of the bank's activities. Since an Islamic bank is, by definition, a financial institution which does not receive or pay interest in any form (Riba An Nasi'a or Riba Al-Fadl), and does not associate itself with*

129. শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, ধারা-৪, উপধারা-খ, পৃষ্ঠা-৪।

www.pathagar.com

*any business repugnant to the shari'ah, careful scrutiny by Islamic experts is essential."* [130]

অর্থাৎ "ইসলামী ব্যাংকগুলোর কার্যক্রম সত্যায়নের ক্ষেত্রে শারী'আহ্ কাউন্সিল বা শারী'আহ্ বোর্ডসমূহের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তারা ব্যাংকগুলোর কার্যক্রমে বাস্তবভিত্তিক পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে সেগুলো পরিচালনায় বুদ্ধিবৃত্তিক দিকনির্দেশনা প্রদান করে থাকেন। যেহেতু ইসলামী ব্যাংকের পরিচয় হলো তা এমন এক আর্থিক প্রতিষ্ঠান যা কোন প্রকারের সুদ (রিবা নাসিয়া অথবা রিবা আল ফাদাল) গ্রহণ বা প্রদান করে না এবং এমন ব্যবসায় সহযোগিতা করে না যা শারী'আহ্ কর্তৃক অনুমোদিত নয়। সেহেতু ইসলামিক অভিজ্ঞ ব্যক্তিদের দ্বারা সযত্ন পর্যবেক্ষণ অপরিহার্য।"

যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের মূল কাজ হলো শারী'আহ্ পরিপালন নিশ্চিত করা।

Directory of Islamic Financial Institutions-এর 'The Evolution of Islamic Banking' শীর্ষক প্রবন্ধে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং গবেষক John R. Presley বলেন ঃ

*"The main function of the Shari'ah Supervisory Board is to make sure that the operations of an Islamic bank are undertaken according to Shari'ah principles."* [131]

অর্থাৎ "শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রধান কাজ হচ্ছে ইসলামী ব্যাংকের কার্যক্রম শারী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা নিশ্চিত করা।"

দারুল মাল আল ইসলামীর যাবতীয় কার্যক্রম ও লেনদেন শারী'আহ্ অনুযায়ী পরিচালিত হচ্ছে–এ বিষয়ে মুসলিম জনসাধারণকে নিশ্চয়তা প্রদানের জন্য রিলিজিয়াস বোর্ডের মৌলিক দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে দারুল মাল আল ইসলামী ট্রাস্টের 'Founders' Covenant and Call to Ummat Al Islam'-এর উপধারা ৩-এ আরো বলা হয়েছে ঃ

---

130. Md. Abdul Awwal Sarker, Islamic Banking in Bangladesh, Growth, Sturcture and Performance, in Proceedings of the Third Harvard University Forum on Islamic Finance. Cambridge : Center for Middle eastern Studies, Harvard University, 2000. Page-285.

131. 'The Evolution of Islamic Banking', in Direclory of Islamic Financial Institutions, ed. John R. Presley [Beckenham, Kent, United Kingdom : International Centre for islamic Studies (Croom Helm Ltd.), 1988], Page-64.

www.pathagar.com

*"The Religious Board shall have general responsibility to ensure that the Trust's investments and activities (and those of its subsidiaries or controlled affiliates) conform to Islamic principles, laws and traditions."* [132]

অর্থাৎ "রিলিজিয়াস বোর্ডের একটা সাধারণ দায়িত্ব হচ্ছে একথা নিশ্চিত করা যে, ট্রাস্টের বিনিয়োগ এবং কার্যক্রম (এবং এর সহযোগী ও নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান) ইসলামী নীতিমালা, আইন ও প্রচলন অনুযায়ী প্ররিচালিত হচ্ছে।"

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কার্যাবলী সম্পর্কে জর্দান ইসলামী ব্যাংকের গঠনতন্ত্রে বলা হয়েছে ঃ

مراقبة أعمال البنك وأنشطته من حيث التزامها بالأحكام الشرعية"[١٣٣].

অর্থাৎ "ব্যাংকের যাবতীয় কার্যক্রম শারী'আহ্র বিধানাবলী অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা দেখাশোনা করা।"

ইসলামী আর্থিক প্রতিষ্ঠান যেহেতু তার যাবতীয় কাজ শারী'আহ্ মোতাবেক পরিচালনা করতে প্রতিশ্রুতিবদ্ধ সেহেতু এ প্রতিশ্রুতি রক্ষার যাবতীয় কর্মসম্পাদনই শারী'আহ্ বোর্ডের কার্যাবলীর অন্তর্ভুক্ত।

কোন ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের যাবতীয় কার্যক্রম শারী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালনা নিশ্চিত করার জন্য শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড যেসব কার্যাবলী আঞ্জাম দিয়ে থাকে সে সম্পর্কে নিম্নে সংক্ষেপে আলোচনা করা হলো ঃ

### ১. ব্যাংকের যাবতীয় নিয়ম-কানুন স্টাডি ও পরীক্ষা করা

শারী'আহ্ বোর্ডের অন্যতম প্রধান কাজ হলো সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের যাবতীয় বিধি-বিধান, গঠনতন্ত্র, ইনস্ট্রাকশন ও অভ্যন্তরীণ নিয়মাবলী শারী'আহ্ দৃষ্টিকোণ থেকে স্টাডি ও পরীক্ষা করা। উক্ত বিষয়গুলো স্টাডি ও পরীক্ষাকালে সেগুলোতে শারী'আহ্পরিপন্থী কিছু থাকলে তা দূর করে শারী'আহ্র আলোকে ঢেলে সাজানো।

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কার্যাবলী বর্ণনা করতে গিয়ে এ বিষয়টি সম্পর্কে বিশিষ্ট শারী'আহ্ বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তৃতীয়

---

132. Dar Al-Maal Al-Islami Trust, 'Indenture', Nassau, Commonwealth of the Bahamas, 21 May 1984. (Typewritten), Page-11, 12.

133. عقد التأسيس والنظام الأساسي، البنك الاسلامي الأردني للتمويل والاستثمار ধারা-১২, উপধারা-১, পৃষ্ঠা-২৪।

www.pathagar.com

আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত তাঁর প্রবন্ধে লিখেছেন ঃ

مراجعة وفحص قانون المؤسسة المالية ونظامها الأساسي وسائر النظم والتعليمات واللوائح والإجراءات الداخلية للمؤسسة للتثبت من صحتها من الناحية الشرعية.[134]

অর্থাৎ "শারী'আহর দিক থেকে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ কার্যপ্রণালী, প্রজেক্ট, ইনস্ট্রাকশন, নিয়ম-কানুন, গঠনতন্ত্র ইত্যাদির নির্ভুলতা সাব্যস্ত করার জন্য উক্ত বিষয়গুলো পরীক্ষা-নিরীক্ষা করা।"

## ২. শারী'আহ্ নিরীক্ষা ও পরিদর্শন

শারী'আহ্ বোর্ডের একটি গুরুত্বপূর্ণ কাজ হলো, শারী'আহ্ বোর্ড কর্তৃক প্রদত্ত ফত্ওয়া এবং চুক্তিপত্রের নমুনা এবং নীতিমালাসমূহ ব্যাপক অর্থে প্রতিষ্ঠানের যাবতীয় কর্মকাণ্ডে ইসলামী শারী'আহর বিধান বাস্তবে অনুসৃত হচ্ছে কি না তা পর্যবেক্ষণ করা। শারী'আহ্ বোর্ড সচিবালয়ে কর্মরত মুরাক্বিবগণ সদস্য সচিবের নেতৃত্বে এ কাজ আঞ্জাম দিয়ে থাকেন।

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের দায়িত্ব-কর্তব্য সম্পর্কে (AAOIFI) স্ট্যান্ডার্ডে বলা হয়েছে ঃ

*"The Shari'ah supervisory board is entrusted with the duty of directing, reviewing and supervising the activities of the Islamic financial institution in order to ensure that they are in compliance with Islamic Shari'ah Rules and Principles."*

অর্থাৎ "ইসলামী শারী'আহর বিধি-বিধান ও নীতিমালার প্রয়োগ নিশ্চিত করার জন্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী নিরীক্ষণ, পর্যবেক্ষণ, তত্ত্বাবধান এবং সংশ্লিষ্ট বিষয়ে দিকনির্দেশনা প্রদানের ব্যাপারে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড দায়িত্বপ্রাপ্ত।"

---

134. ড. আহমদ মুহিউদ্দীন আহমাদ, ৫ ও ৬ অক্টোবর ২০০৩ ঈসায়ী তারিখে রাজকীয় বাহরাইনের মানামায় অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৪।

www.pathagar.com

বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ Dr. Moustafa Mohamed Hosny তাঁর 'The Role of the Religious Board' শীর্ষক প্রবন্ধে শারী'আহ্ বোর্ডের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বলতে গিয়ে লিখেছেন ঃ

*"The day-to-day application of the Shari'ah by Religious Board is twofold. First, the Religious Board reviews the operations of the Islamic bank in order to ensure its conformity to the Shari'ah. This is, to a large degree, an investigatory role."*

অর্থাৎ "রিলিজিয়াস বোর্ড কর্তৃক দৈনন্দিন শারী'আহর প্রয়োগ দ্বিমাত্রিক। প্রথমতঃ ইসলামী ব্যাংকগুলোর কার্যক্রম শারী'আহ্ অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা নিশ্চিত করার জন্য সেগুলো নিরীক্ষা ও পরিদর্শন করা। এটা প্রধানতঃ অনুসন্ধানমূলক।"

জেদ্দাস্থ কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটির 'ইসলামী অর্থনীতি গবেষণা সেন্টার'-এর প্রফেসর জনাব ড. محمد علي القري বলেন ঃ

*الرقابة الشرعية في صورة مراقبة أعمال المؤسسة ومراجعتها بصفة دورية للتأكد من أن التنفيذ يجري بالطريقة التي قررتها الهيئة والتزام الجهات المختلفة بالإجراءات المعتملة من قبل الهيئة وتتقيد بقراراتها.* [135]

অর্থাৎ "প্রতিষ্ঠানের কার্যক্রমের উপর রুটিনমাফিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ আকারে শার'ঈ তদারকি হবে এ বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য যে, প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সঠিক নিয়মে পরিচালিত হচ্ছে এবং প্রতিষ্ঠানসমূহ বোর্ড অনুমোদিত কর্মপন্থা মেনে চলছে।"

প্রখ্যাত ইসলামী অর্থনীতিবিদ ও বিশিষ্ট ইসলামী ব্যাংকিং গবেষক মোঃ আব্দুল আউয়াল সরকার তাঁর 'Islamic Banking in Bangladesh : Growth, Sturcture and Performance' শীর্ষক প্রবন্ধে বলেন ঃ

---

135. ড. মোহাম্মদ আলী আল ক্বারী, ইসলামী অর্থনীতি গবেষণা সেন্টার, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটি, জেদ্দা, AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত الإختصاص القانوني والحماية الجنائية للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৪।

www.pathagar.com

*"The Shari'ah Secretariat's primary function, including the Muraqibs, is to inspect some bank branches every year to verify its activities."*[136]

অর্থাৎ "শারী'আহ্ সচিবালয়ের প্রাথমিক কাজ হলো, মুরাক্বিবগণসহ ব্যাংকের কার্যক্রম যাচাই-বাছাই করার জন্য ব্যাংকের কিছু শাখা প্রতিবছর নিরীক্ষা ও পরিদর্শন করা।"

বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

متابعة عمليات البنك، ومراجعة أنشطته من الناحية الشرعية في الفترات التي تحدد بالتنسيق بين الهيئة والإدارة، والتحقق من أن المعاملات المبرمة كانت لمنتجات وعقود معتملة من قبل الهيئة بالمراجعة المنتظمة للخطوات العملية والتدقيق للمستندات من وجهة نظر شرعية بضمان عدم وقوع ما يخل بالمبدا أو العقد أو شروطه الشرعية ومتطلباته الطارئة، وتشمل هذه المراجعة قضية التصحيح والتعديل لإعادة العملية إلى شرعيتها بالقيام ببعض الأعمال أو تسوية الالتزامات والحقوق طبقا للشريعة.[١٣٧]

অর্থাৎ "ব্যাংকের কার্যক্রম তদারকি করা এবং বোর্ড ও প্রশাসনের মধ্যে সমন্বয় সাধনের জন্য নির্ধারিত পিরিয়ডসমূহে শার'ঈ দিক থেকে এর কার্যক্রমের পর্যালোচনা করা এবং সম্পন্ন লেনদেনসমূহ বোর্ড কর্তৃক নিয়মিত পর্যালোচনার মাধ্যমে অনুমোদিত চুক্তি ও প্রোডাক্টসমূহ শারী'আহ্ অনুযায়ী হয়েছে কি না তা খতিয়ে দেখা এবং ডকুমেন্টসমূহ শার'ঈ দৃষ্টিকোণ থেকে সূক্ষ্মভাবে বিচার-বিশ্লেষণ করা এবং এই মর্মে নিশ্চিত হওয়া যে (লেনদেনসমূহে) এমন কিছু ঘটেনি যা কোন (প্রতিষ্ঠিত) মূলনীতি, চুক্তি, শার'ঈ শর্ত ও চাহিদা লঙ্ঘন করেছে এবং উক্ত পর্যালোচনা

136. Md. Abdul Awwal Sarker, Islamic Banking in Bangladesh, Growth, Sturcture and Performance, in Proceedings of the Third Harvard University Forum on Islamic Finance. Cambridge : Center for Middle eastern Studies, Harvard University, 2000. Page-285.

137. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ধারা-২, উপধারা-৫, পৃষ্ঠা-৩।

www.pathagar.com

কোন কর্মসূচীকে কোন কার্য সম্পাদন অথবা কোন দায়িত্ব ও অধিকারকে শারী'আহর আলোকে বিন্যস্তকরণের মাধ্যমে শারী'আহ্সম্মত করার জন্য পরিবর্তন-পরিবর্ধনকে অন্তর্ভুক্ত করে।"

ABC ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পর্কে বলা হয়েছে ঃ

*ا. متابعة جميع ما يصدر عن هيئة الرقابة الشرعية من فتاوي وقرارات.*

*ب. فحص جميع العمليات التي يقوم بها البنك و تقييم ملي التزام البنك بفتاوي و قرارات هيئة الرقابة الشرعية و تقيله بأحكام ومبادئ الشريعة الإسلامية.*[١٣٨]

অর্থাৎ

ক. শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড থেকে প্রকাশিত সকল ফত্ওয়া ও সিদ্ধান্তাবলী (বাস্তবায়নের বিষয়) তদারকি করা।

খ. ব্যাংক যেসব কার্যক্রম আঞ্জাম দিয়ে থাকে সেগুলো পরীক্ষা-নিরীক্ষা করা, ব্যাংক কর্তৃক শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের ফত্ওয়া ও সিদ্ধান্তাবলী বাস্তবায়নের মাত্রা নিরূপণ এবং ব্যাংককে ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধানাবলীর অধীনে নিয়ে আসা।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের শরীয়াহ্ কাউন্সিলের কার্যাবলী উল্লেখ করতে গিয়ে এ ব্যাংকের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে বলা হয়েছে ঃ

*"ব্যাংকের যাবতীয় কার্যক্রমে সংঘটিত শারী'আহ্ কেন্দ্রিক ক্রটি-বিচ্যুতি নিরূপণ করে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও পরিচালনা পর্ষদকে দিকনির্দেশনা প্রদানের জন্য প্রধান কার্যালয় ও শাখা সমূহে নিয়মিত শারী'আহ্ অডিট কার্যক্রম পরিচালনা করা।"*[139]

---

138. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي নবম অধ্যায়, ধারা–১-ক।

139. শরীয়াহ কাউন্সিল উপবিধি, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড।

www.pathagar.com

এ সম্পর্কে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তাঁর حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধে লিখেছেন ঃ

المراجعة الدورية لأعمال و نشاطات المؤسسة، بغية التثبت من صحة التطبيق والتنفيذ والتأكد من موافقتها لأحكام الشريعة.[١٤٠]

অর্থাৎ "শারী'আহ্র বিধি-বিধান সঠিকভাবে পরিপালনপূর্বক প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালিত হচ্ছে এ বিষয়টি নিশ্চিত করার জন্য বার্ষিক নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা।"

## ৩. জনশক্তিকে প্রশিক্ষণ প্রদান

বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

*تقديم التوجيه والإرشاد والتدريب للموظفين المعنيين بتطبيق المعاملات المالية الإسلامية بما يعينهم علي تحقيق الالتزام بأحكام و مبادئ الشريعة الإسلامية.*[١٤١]

অর্থাৎ "ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের লেনদেন বাস্তবায়নের সহযোগী কর্মকর্তাদের প্রশিক্ষণ, পথনির্দেশনা প্রদান এবং বিশেষ দৃষ্টিদান যা ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধানাবলী বাস্তবায়নে তাদেরকে সহায়তা করবে।"

ABC (Arab Banking Corporation) ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে এ সম্পর্কে বলা হয়েছে ঃ

*المشاركة في تدريب موظفي البنك والإسهام في توعية عملاء البنك و غيرهم بأصول ومميزات العمل المصرفي الإسلامي.*[١٤٢]

---

140. ড. আহমদ মুহিউদ্দীন আহমাদ, ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৫।

141. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي ধারা- ২, উপধারা-৫, পৃষ্ঠা-৩।

142. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي নবম অধ্যায়, ধারা-১-ছ।

www.pathagar.com

অর্থাৎ "ব্যাংকের কর্মকর্তাবৃন্দকে প্রশিক্ষণ প্রদান কার্যক্রমে অংশগ্রহণ এবং ব্যাংকের গ্রাহক ও অন্যান্যদেরকে ইসলামী ব্যাংকিং কার্যক্রমের বৈশিষ্ট্য ও মূলনীতি সম্পর্কে সজাগ ও সচেতন করার লক্ষ্যে গৃহীত কার্যক্রমে অংশ নেয়া।"

জেদ্দাস্থ কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটির 'ইসলামী অর্থনীতি গবেষণা সেন্টার'-এর প্রফেসর জনাব ড. محمد علي القري বলেন ঃ

*تدريب العاملين وتوجيههم ونحو ذلك.*[143]

অর্থাৎ "কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান এবং এই সম্পর্কে তাদেরকে দিকনির্দেশনা দেয়া।"

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে 'কাউন্সিলের কার্যাবলী' অংশে বলা হয়েছে ঃ

> *"কাউন্সিল ব্যাংকে কর্মরত জনশক্তিকে চাহিদা মোতাবেক প্রশিক্ষণের মাধ্যমে শারী'আহ্ বিষয়ে পারদর্শী করে তুলতে সহায়তা করবে।"*[144]

## ৪. শারী'আহ্ বিষয়ক সার্কুলার জারি

যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ডের আরো একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব হলো ব্যাংকের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে শারী'আহ্ বিষয়ক নির্দেশনা সার্কুলার আকারে প্রধান কার্যালয় ও শাখাসমূহে প্রেরণ করা। যেন ব্যাংকে কর্মরত জনশক্তি জারিকৃত উক্ত সার্কুলারের আলোকে কার্যক্রম পরিচালনার মাধ্যমে ব্যাংককে পূর্ণাঙ্গ ইসলামী ব্যাংকে রূপান্তরিত করতে সক্ষম হন।

## ৫. চুক্তিপত্র নিরীক্ষণ

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান দৈনন্দিন কার্যসম্পাদন করতে গিয়ে যে-সকল চুক্তিপত্র সম্পাদন করে থাকে সেগুলো শারী'আহর নীতিমালা অনুযায়ী পরীক্ষা-

---

143. ড. মোহাম্মদ আলী আল ক্বারী, ইসলামী অর্থনীতি গবেষণা সেন্টার, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটি, জেদ্দা, বাহরাইনে অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত الإختصاص القانوني والحماية الجنائية للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৫।

144. শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, ধারা-৪, উপধারা-ঘ, পৃষ্ঠা-৪।

www.pathagar.com

নিরীক্ষা করা এবং প্রয়োজনে সংযোজন ও সংশোধন করাও শারী'আহ্ বোর্ডের কার্যাবলীর অন্তর্ভুক্ত।

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কার্যাবলী বর্ণনা করতে গিয়ে এ বিষয়টি সম্পর্কে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তাঁর حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধে লিখেছেন ঃ

*دراسة صيغ العقود والاتفاقات والتطبيقات الموجودة لدي المؤسسة، وإبداء الرأي الشرعي فيها، مع تصحيح ما يمكن تعديله وتصويبه منها، ورفض وإلغاء مالا سبيل إلي قبوله شرعا.*[١٤٥]

অর্থাৎ "প্রতিষ্ঠানের বর্তমান চুক্তিপত্র এবং تطبيقات স্টাডি করে সেগুলো সম্পর্কে মতামত প্রকাশ করা। সেগুলোর মধ্যে যা যা পরিবর্তন ও সংশোধনযোগ্য তা শুদ্ধ করা এবং যা শারী'আহর দৃষ্টিতে গ্রহণ করার কোন সুযোগ নেই তা মুলতবী ও রহিত করা।"

বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে ঃ

*اعتماد الاتفاقيات والعقود النمطية وغير النمطية المتعلقة بالمعاملات المالية التي يجريها البنك مع المساهمين والمستثمرين وغيرهم والاشتراك في تعديل وتطوير النماذج المذكورة عند الاقتضاء، وإعداد العقود التي يزمع البنك إبرامها مما ليس له نماذج موضوعة من قبل - وذلك بقصد التأكد من خلو العقود والاتفاقيات والعمليات المذكورة من المحظورات الشرعية.*[١٤٦]

---

145. ড. আহমদ মুহিউদ্দীন আহমাদ, ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৪।

146. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা-২, পৃষ্ঠা-৫।

www.pathagar.com

অর্থাৎ "ব্যাংক তার বিনিয়োগকারী, শেয়ারহোল্ডার এবং অন্যান্যদের সাথে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক যেসব চুক্তিপত্র করে থাকে সেগুলো অনুমোদন করা, প্রয়োজনের প্রেক্ষিতে উদ্ভাবিত মডেলসমূহ সংস্কার ও আধুনিকায়ন করা এবং ব্যাংকের চাহিদা মাফিক এমনসব চুক্তিপত্র প্রস্তুত করে দেয়া পূর্বে যার কোন নজির নাই, তা একথা নিশ্চিত করার জন্য যে, এসব চুক্তিপত্রে উল্লেখিত কার্যাবলীতে শারী'আহ্‌পরিপন্থী কোন উপাদান নেই।"

ABC Islamic Bank (E.C.)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে ঃ

اعتماد الاتفاقيات والعقود النمطية وغير النمطية المتعلقة بالمعاملات المالية التي يجريها البنك.[১৪৭]

অর্থাৎ "ব্যাংক আর্থিক লেনদেনের সাথে সংশ্লিষ্ট আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক যেসব চুক্তি করে থাকে তা অনুমোদন করা।"

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কার্যাবলী সম্পর্কে জর্দান ইসলামী ব্যাংকের গঠনতন্ত্রে বলা হয়েছে ঃ

إبداء الرأي في صيغ العقود اللازمة لأعماله وأنشطته[১৪৮]

অর্থাৎ "ব্যাংকের কার্যক্রমের জন্য অপরিহার্য চুক্তিপত্রের ফরমেট সম্পর্কে মতামত দেয়া।"

## ৬. চুক্তিপত্র, প্রজেক্ট পরিচিতি ইত্যাদি ডকুমেন্টস্ তৈরিতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহযোগিতা করা

একটি আর্থিক প্রতিষ্ঠানের প্রজেক্ট ডিজাইন ও পরিচিতি প্রস্তুত করা, চুক্তিপত্র ও বিভিন্ন ফরম তৈরি এবং অন্যান্য ডকুমেন্টস প্রস্তুতকরণের ক্ষেত্রে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সার্বিক সহযোগিতা করা শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের অন্যতম প্রধান দায়িত্ব।

বিশিষ্ট শারী'আহ্ ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد এ সম্পর্কে লিখেছেন ঃ

---

147. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা-২।

148. عقد التأسيس والنظام الأساسي البنك الاسلامي الأردني للتمويل والاستثمار ধারা-১২, উপধারা-২, পৃষ্ঠা-২৪।

www.pathagar.com

معونة الإدارة التنفيذية للمؤسسة في إعداد ما يلزم من العقود النمطية والنماذج العملية، وتنقيح وتطوير ما يحتاج لذالك من الجانب الشرعي، وكذا العقود والاتفاقيات التي ترغب المؤسسة في إبرامها مما ليس له نماذج موضوعة من قبل.[১৪৯]

অর্থাৎ "(ব্যাংকিং কার্যক্রম চালানোর জন্য) ফরম ও চুক্তিপত্র প্রস্তুত করা, শারী'আহ্ দৃষ্টিকোণ থেকে তাতে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন ও সমৃদ্ধকরণ এবং প্রতিষ্ঠানের চাহিদানুযায়ী সেসব চুক্তিপত্র প্রণয়নে সহযোগিতা প্রদান করা যার নমুনা পূর্বে ছিল না।"

এ সম্পর্কে সুদানের খার্তুম বিশ্ববিদ্যালয়ের ইসলামী শারী'আহ্ বিভাগের প্রধান প্রফেসর الصديق محمد الأمين الضرير শারী'আহ্ বোর্ডের কার্যাবলীর বর্ণনা দিতে গিয়ে বলেন ঃ

الإشتراك مع المسؤلين بالبنك في وضع نماذج العقود والإتفاقيات والعمليات لجميع المعاملات البنك وتطويرها وذلك بقصد تأكد من خلو العقود والإتفاقات والعمليات المذكورة من المحظورات الشرعية.[১৫০]

অর্থাৎ "ব্যাংকের কার্যাবলী, চুক্তিপত্র ইত্যাদি শারী'আহ্পরিপন্থী নয়–এ বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যাংকের যাবতীয় কার্যক্রম ও চুক্তিপত্রের নমুনা তৈরি এবং সেগুলোর উন্নয়নে ব্যাংকের কর্মকর্তাদের সাথে অংশগ্রহণ করা।

## ৭. নতুন প্রোডাক্ট উদ্ভাবন

কালের বিবর্তনে ব্যবসা-বাণিজ্যের শাখা-প্রশাখা বৃদ্ধি পাচ্ছে। দিন দিন পরিবর্তিত হচ্ছে ব্যবসা-বাণিজ্যের রূপরেখা ও প্রক্রিয়া-পদ্ধতি। অনুপ্রবেশ করছে নিত্যনতুন কলাকৌশল। ব্যাংকিং ব্যবস্থাও এর বাইরে নয়। যত

---

149. ড. আহমদ মুহিউদ্দীন আহমাদ, ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৫।

150. ড. محمد عبد الحليم عمر, প্রফেসর ও প্রধান, مركز صالح كامل للإقتصاد الإسلامي আল আযহার বিশ্ববিদ্যালয়, মিশর; ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সের উপস্থাপিত أعمال الهيئات الشرعية بين الإستشارة الفردية والمهنية المؤسسة শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠ-১৪।

www.pathagar.com

দিন যাচ্ছে ব্যাংকিং কার্যক্রমেও সংস্কার এবং উন্নতি সাধিত হচ্ছে। গ্রাহককে সার্ভিস প্রদানের জন্য আবিস্কৃত এবং প্রচলিত হচ্ছে নতুন নতুন উপায় ও পন্থা। এ পরিবর্তিত প্রেক্ষাপটে ব্যাংকিং শিল্পের গতিশীলতার সাথে তাল মিলিয়ে কুরআন, সুন্নাহ ও ইজতিহাদের আলোকে নিত্যনতুন প্রোডাক্ট উদ্ভাবন করা শারী'আহ্ বোর্ডের অন্যতম প্রধান দায়িত্ব।

এ সম্পর্কে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তাঁর حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধে লিখেছেন ঃ

> تقديم البدائل الشرعية للمنتجات التقليدية المخالفة لأحكام الشريعة، ووضع المبادئ الأساسية لصياغة معاقداتها ومستنداتها، والإسهام في تطويرها، لإثراء تجربة المؤسسة المالية في هذا المجال .[151]

অর্থাৎ "শারী'আহ্ বিধি-বিধানপরিপন্থী প্রচলিত প্রোডাক্টসমূহের শার'ঈ বিকল্প উদ্ভাবন করা, সেই উদ্ভাবিত প্রোডাক্ট পরিচালনায় প্রয়োজনীয় ডকুমেন্টসের মৌলিক নীতিমালা প্রণয়ন এবং সেগুলো সমৃদ্ধ করার কাজে অংশ নেয়া, যেন এক্ষেত্রে প্রতিষ্ঠানের অভিজ্ঞতা সমৃদ্ধ হয়।"

Dr. Moustafa Mohamed Hosny এ প্রসঙ্গে বলেন ঃ

> *"In the very complex and technically sophisticated world of finance that we see today, the Religious Board must always be in a position to answer whether or not new proposals for new varieties of transactions conform to the Shari'ah. The Religious Board can, and does, offer constructive advice and creative recommendations as to how to address the integration of an Islamic bank's operations into today's world of financial information and technology."*[152]

---

151. ড. আহমদ মুহিউদ্দীন আহমাদ, ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৫।

152. The Role of the Religions Board, Dr. Moustafa Mohamed Hosny, Encyclopaedia of Islamic Banking & Insurance, Institute of Islamic Banking and Insurance. Page-97.

www.pathagar.com

অর্থাৎ "আজকাল খুবই দুরূহ ও কৌশলগতভাবে জটিল যে অর্থনৈতিক বিশ্ব আমরা দেখছি তাতে সংঘটিত নিত্যনতুন লেনদেন ও বিভিন্ন ধরনের প্রস্তাবনা শারী'আহর সাথে সঙ্গতিপূর্ণ কি না এই প্রশ্নের উত্তর দেয়ার জন্য রিলিজিয়াস বোর্ডকে অবশ্যই সবসময় প্রস্তুত থাকতে হবে। আজকের আর্থিক তথ্যপ্রবাহ ও প্রযুক্তিসমৃদ্ধ বিশ্বের সাথে একটি ইসলামী ব্যাংকের কার্যাবলীর কিভাবে সমন্বয় সাধন করা যায় সে বিষয়ে রিলিজিয়াস বোর্ড গঠনমূলক উপদেশ ও সৃজনশীল পরামর্শ নিয়ে এগিয়ে আসতে পারে।"

Dr. Moustafa Mohamed Hosny এ প্রসঙ্গে আরও বলেন ঃ

> *"The ability of the religious board of an Islamic Bank to contribute to the success of the bank is a result of the Board's ability both to monitor the bank's conformity to the Shari'ah and to provide the necessary expertise to create new forms of banking transactions which both conform to the Shari'ah and enable the bank to participate in the modern financial world."*[153]

অর্থাৎ "ইসলামী ব্যাংক শারী'আহ্ পর্ষদের যোগ্যতা নির্ভর করে ব্যাংকের সার্থকতার সাথে শারী'আহ্ পরিপালনে এর যথাযথ তদারকি ও নতুন লেনদেন তৈরিতে ব্যাংককে বিশেষজ্ঞ মূল্যায়ন সরবরাহ করে সহায়তা করার মধ্যে যাতে ব্যাংক আধুনিক অর্থবিশ্বে অংশ নিতে পারে।"

বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে ঃ

> *تقديم واقتراح الحلول الشرعية الممكنة لمشكلات المعاملات المالية التي لا تتفق مع مبادئ وأحكام الشريعة الإسلامية والمساهمة في إيجاد البدائل للمنتجات المخالفة لقواعد الشريعة بالتعاون مع إدارة البنك."*[١٥٤]

153. প্রাগুক্ত, Page-98.

154. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা-৫, পৃষ্ঠা-৫।

www.pathagar.com

অর্থাৎ "ইসলামী শারী'আহর মূলনীতি ও বিধানাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ নয়– এমন আর্থিক লেনদেনে বিরাজমান সমস্যাবলীর সম্ভাব্য শার'ঈ সমাধান উদ্ভাবন করে তা উপস্থাপন করা এবং ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সহযোগিতায় শারী'আহ্র নীতিমালাপরিপন্থী প্রোডাক্টসমূহের বিকল্প উদ্ভাবনের কাজে অংশগ্রহণ করা।"

ABC Islamic Bank (E.C.)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে ঃ

*تقديم واقتراح الحلول الشرعية الممكنة لمشكلات المعاملات المالية التي لا تتفق مع مبادئ وأحكام الشريعة الإسلامية والمساهمة في إيجاد البدائل للمنتجات المخالفة لقواعد الشريعة.*[১৫৫]

অর্থাৎ "ইসলামী শারী'আহর মূলনীতি ও বিধানাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ নয়– এমন আর্থিক লেনদেনে বিরাজমান সমস্যাবলীর সম্ভাব্য শার'ঈ সমাধান উদ্ভাবন করে তা উপস্থাপন করা এবং শারী'আহ্ নীতিমালার পরিপন্থী প্রোডাক্টসমূহের বিকল্প উদ্ভাবনের কাজে অংশগ্রহণ করা।"

## ৮. নতুন প্রোডাক্ট সম্পর্কে মতামত প্রদান

কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান নতুন কোন প্রোডাক্ট চালু করতে চাইলে তা শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড থেকে অনুমোদন করে নিতে হয়। শারী'আহ্ বোর্ডেরও দায়িত্ব হচ্ছে উপস্থাপিত এ ধরনের প্রোডাক্ট অথবা উপস্থাপিত অন্য যেকোন বিষয়ে মতামত প্রদান করা।

বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনার বলা হয়েছে ঃ

*إبداء الرأي الشرعي في المنتجات التي ينوي البنك طرحها، وإصدار الفتاوى في المعاملات التي يجريها البنك.*[১৫৬]

---

155. প্রাগুক্ত।

156. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা-৩, পৃষ্ঠা- ৫।

www.pathagar.com

অর্থাৎ "ব্যাংক যেসব প্রোডাক্ট চালু করতে চায় সেসব সম্পর্কে শার'ঈ মতামত প্রদান এবং ব্যাংক যেসব লেনদেন করছে সেসব সম্পর্কে ফত্ওয়া প্রকাশ করা।"

ABC Islamic Bank (E.C.)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে ঃ

*إبداء الرأي الشرعي في المنتجات التي يطرحها البنك، وإصدار الفتاوى فيما يعرض عليها من معاملات.*[১৫৭]

অর্থাৎ "ব্যাংক যেসব প্রোডাক্ট চালু করতে চায় সেসব সম্পর্কে শার'ঈ মতামত প্রদান এবং লেনদেন সম্পর্কিত যেসব বিষয় শারী'আহ্ বোর্ডে উপস্থাপন করা হয় সে সম্পর্কে ফত্ওয়া প্রকাশ করা।"

## ৯. পরিচালনা পরিষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক উপস্থাপিত বিষয় স্টাডি করা এবং সে সম্পর্কে শার'ঈ মতামত প্রদান করা

অনেক সময় ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদ বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ব্যাংকের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে শার'ঈ দৃষ্টিভঙ্গি এবং শারী'আহ্ বোর্ডের রায় জানতে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের শরণাপন্ন হন। সে সম্পর্কে গভীরভাবে স্টাডি করে যথাযথ সিদ্ধান্ত প্রদান করা শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের একটি গুরুত্বপূর্ণ কাজ।

এ সম্পর্কে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তাঁর حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধে লিখেছেন ঃ

دراسة جميع ما يحيله مجلس الإدارة أو المدير التنفيذي و نحوهم إلي الهيئة من اتفاقيات و عقود وأفكار و وجهات نظر تتعلق بنشاطات و أعمال المؤسسة و إبداء الرأي فيها.[১৫৮]

---

157. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা-৩।

158. ডক্টর আহমদ মুহিউদ্দীন আহমাদ, ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৫।

www.pathagar.com

অর্থাৎ "প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট দৃষ্টিভঙ্গি, চিন্তা-চেতনা, চুক্তিপত্র ইত্যাদি যাকিছু পরিচালনা পর্ষদ বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ শারী'আহ্ বোর্ডের কাছে উপস্থাপন করে তা স্টাডি করা এবং সে সম্পর্কে মতামত প্রকাশ করা।"

## ১০. প্রতিষ্ঠানের স্বার্থ সংরক্ষণ/যথাযথ গ্রাহক মনোনয়নে ভূমিকা পালন

ব্যাংকিং লেনদেনের কোন্ বিষয়টি বৈধ আর কোন্ বিষয়টি বৈধ নয়–এ ব্যাপারে রায় প্রদানে শারী'আহ্ বোর্ডের কার্যক্রম সীমাবদ্ধ রাখা সঙ্গত নয় বরং ব্যাংকের জন্য ভালো গ্রাহক মনোনয়ন, বিনিয়োগের সম্ভাবনাময় ক্ষেত্র উদ্ভাবন এবং প্রজেক্টের ভালো-মন্দ দিক বিশ্লেষণ করে ব্যাংককে সামগ্রিক কার্যক্রমে পরামর্শ প্রদানের মাধ্যমে ব্যাংকের সার্বিক উন্নয়নে ভূমিকা পালন করাও শারী'আহ্ বোর্ডের অন্যতম প্রধান কাজ।

Philipe moore তাঁর 'Islamic Finance' নামক গ্রন্থে বলেন ঃ

> *"It is Important to understand the pivotal role played by each bank's Shari'ah committee or council which has the dual role of ensuring first that all structures tailored by Islamic banks are religiously permissible, but also that these structures are of intrinsic financial value. It is a mistake to see today's shari'ah committees as preoccupied exclusively with religious considerations at the expense of commercial ones.*
>
> *Shari'ah committees will typically ask four questions in relation to any given transaction. These will generally be :*
>
> *a. Do the terms of the transaction comply with Shari'ah law?*
>
> *b. Is this the best investment for the client?*
>
> *c. Does the investment produce value for the client and for the community or society in which the client is active.?*
>
> *d. As an asset manager, is this a transaction in which the banker as an individual would be prepared to invest his own money?*
>
> *If the answer to any of these four questions is no, the proposed transaction will usually be rejected,*

www.pathagar.com

*although the committees only have the power to reject the transaction on the grounds that it does not comply with Shari'ah law."*[159]

অর্থাৎ "এ বিষয়টি অনুধাবন করা জরুরি যে, প্রত্যেক ইসলামী ব্যাংকের শারী'আহ্ কমিটি বা কাউন্সিলের দ্বৈত ভূমিকা রয়েছে। তার একটি হচ্ছে এ বিষয়টি নিশ্চিত করা যে, ইসলামী ব্যাংক কর্তৃক যেসব কাঠামো প্রস্তুত করা হয়েছে তা ধর্মীয়ভাবে অনুমোদিত এবং এই কাঠামোর অন্তর্নিহিত আর্থিক মূল্য রয়েছে। এভাবে দেখা ভুল যে, আজকালকার শারী'আহ্ কমিটি শুধু বাণিজ্যিক কারণে ধর্মীয় বিষয়গুলো বিবেচনা করবে।

শারী'আহ্ কমিটি কোন লেনদেনে চারটি বিষয়ে প্রশ্ন করবে। তা হলো ঃ

ক. সংশ্লিষ্ট লেনদেনের শর্তগুলো শারী'আহ্ আইনসম্মত কি ?

খ. এটা কি গ্রাহকের জন্য সর্বোত্তম বিনিয়োগ?

গ. বিনিয়োগটি গ্রাহক এবং সে যে সমাজে বা সম্প্রদায়ে কর্মরত তার জন্য কোন মূল্য বহন করবে কি না ?

ঘ. এটা কি এমন লেনদেন যে, সম্পদ ব্যবস্থাপক হিসেবে নয় ব্যাংকার একজন ব্যক্তি হিসেবে তার নিজস্ব অর্থ তাতে বিনিয়োগ করতে প্রস্তুত ?

যদি উপরিউক্ত চারটি প্রশ্নের যেকোন একটির উত্তরও নেতিবাচক হয় তবে প্রস্তাবিত লেনদেন স্বাভাবিকভাবে প্রত্যাখ্যাত হবে। যদিও কমিটির এ ক্ষমতা রয়েছে, শুধু এ কথার ভিত্তিতে কোন লেনদেন বাতিল করে দিবে যে, তা শারী'আহ্সম্মত নয়।"

## ১১. ইসলামী ব্যাংকিং বিষয়ে গণসচেতনতা সৃষ্টি

এ উদ্দেশ্য বাস্তবায়নে যেসব কাজ করা যেতে পারে তা নিম্নরূপ ঃ

ক. সেমিনার ও সিম্পোজিয়াম আয়োজন।

খ. বই ও প্রবন্ধ রচনা।

গ. গ্রাহক সমাবেশ।

---

159. Islamic Finance, Philipe moore, Euromoney Publications, PLC Nestor House, Playhouse Yard, London EC4V 5EX, 1997. Page-29-30.

www.pathagar.com

## ১২. ফত্ওয়া/শারী'আহ্ বিষয়ক সিদ্ধান্ত প্রদান

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের অন্যতম প্রধান কাজ হলো সংশ্লিষ্ট বিষয়ে ফত্ওয়া বা সিদ্ধান্ত প্রদান করা।

*الفتوي و ذلك في صورة القرارات التي تصدرها الهيئة و المتعلقة بمشروعية صيغ العقود والمنتجات المالية الجديدة والاتفاقيات التي يدخل البنك فيها مع مؤسسات أو أفراد والإجراءات التي تعتمدها المؤسسة لتقديم المنتجات المجازة من الناحية الشرعية.*"[160]

অর্থাৎ "শারী'আহ্ বোর্ডের অন্যতম দায়িত্ব হলো ফত্ওয়া প্রদান। ব্যাংক কর্তৃক সম্পাদিত চুক্তিসমূহের ভাষ্য, নতুন অর্থনৈতিক প্রোডাক্টসমূহ, অন্যান্য প্রতিষ্ঠান ও ব্যক্তিগণের সহিত ব্যাংক যে চুক্তিসমূহ সম্পাদন করে এবং শারী'আহ্সম্মত প্রোডাক্টসমূহ প্রচলনের জন্য ব্যাংক যে কার্যপ্রণালী গ্রহণ করে এতদসংক্রান্ত বিষয়ে শারী'আহ্ বোর্ড তার সিদ্ধান্ত প্রদান করবে।

ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে বিভিন্ন সময় বিভিন্ন বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের শারী'আহ্ মতামত জানার প্রয়োজন হয়। তখন তারা বিষয়টি সম্পর্কে জানতে শারী'আহ্ বোর্ডের শরণাপন্ন হন। শারী'আহ্ বোর্ড কুরআন-সুন্নাহ ও শারী'আহর মূলনীতির আলোকে বিষয়টি অধ্যয়ন করে তাদের মতামত বা সিদ্ধান্ত প্রদান করে থাকেন।

শারী'আহ্ বোর্ড জিজ্ঞাসিত না হয়েও প্রয়োজনবোধে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের বিভিন্ন বিষয় সম্পর্কে শার'ঈ মতামত প্রদান করে উক্ত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে ইসলামীকরণে যথেষ্ট ভূমিকা পালন করে থাকে।

প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে সম্পৃক্ত শারী'আহ্ বোর্ডের এ ধরনের ফত্ওয়া বা সিদ্ধান্ত বাস্তবায়ন করা প্রতিষ্ঠানের জন্য বাধ্যতামূলক।

খার্তুম বিশ্ববিদ্যালয়ের প্রফেসর বিশিষ্ট শারী'আহ্ বিশেষজ্ঞ ড. محمد الصديق الأمين الضرير। শারী'আহ্ বোর্ডের কার্যাবলী উল্লেখ করতে গিয়ে বলেন ঃ

160. ড. মোহাম্মদ আলী আল ক্বারী, AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত الإختصاص القانوني والحمائة الجنائية للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা- ৩।

www.pathagar.com

إبداء الرأي الشرعي وتقديم المشورة وإصدار الفتاوي فيما يعرض

عليها أو يحال إليها من إدارة البنك من مسائل تتصل بالعمل.[١٦١]

অর্থাৎ "ব্যাংকের কাজের সাথে সংশ্লিষ্ট যেসব বিষয় ম্যানেজমেন্টের পক্ষ থেকে শারী'আহ্ বোর্ডে উপস্থাপন করা হয় সেগুলো সম্পর্কে ফত্ওয়া, পরামর্শ এবং মতামত প্রদান করা।"

## ১৩. পরামর্শ/সুপারিশ প্রদান

শারী'আহ্ বোর্ড অনেক সময় প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যক্রমে শারী'আহর আলোকে পরামর্শ প্রদান করে থাকে। এ ধরনের পরামর্শ বা সুপারিশের প্রতি পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ থেকে সম্মান প্রদর্শন করা একান্ত আবশ্যক।

## ১৪. তদারকি (SUPERVISION)

শারী'আহ্ বোর্ডের আরেকটি অন্যতম দায়িত্ব হলো প্রতিষ্ঠানের যাবতীয় কার্যাবলী ইসলামী শারী'আহ্ মোতাবেক পরিচালিত হচ্ছে কি না তা তত্ত্বাবধান করা। একটি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে পুরোপুরি ইসলামী শারী'আহ্ অনুযায়ী পরিচালনা করার ক্ষেত্রে শারী'আহ্ বোর্ডের সার্বক্ষণিক তত্ত্বাবধানের বিকল্প নেই।

যে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ডের তত্ত্বাবধান কম সে প্রতিষ্ঠানে শারী'আহ্ পরিপালনও সে অনুপাতে কম দেখা যায়। অতএব কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে যথাযথভাবে শারী'আহ্ অনুযায়ী পরিচালনা করতে হলে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সার্বক্ষণিক তত্ত্বাবধান খুবই জরুরি।

## ১৫. নীতিনির্ধারণী ফোরামে প্রতিনিধিত্ব

ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সকল কর্মকাণ্ডে ইসলামী শারী'আহর পূর্ণ বাস্তবায়ন সহজ করার জন্য প্রতিষ্ঠানের সকল নীতিনির্ধারণী ফোরামে শারী'আহ্ বোর্ডের প্রতিনিধিত্ব থাকা আবশ্যক। ইসলামী ব্যাংক বা আর্থিক

---

161. محمد عبد الحليم عمر, প্রফেসর ও প্রধান مركز صالح كامل للإقتصاد الإسلامي আল আযহার বিশ্ববিদ্যালয়, মিশর, AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত أعمال الهيئات الشرعية بين الإستشارة الفردية والمهنية المؤسسة শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-১৪।

www.pathagar.com

প্রতিষ্ঠান বিভিন্ন সময় হিসাব চূড়ান্তকরণ, লাভ-লোকসান বণ্টন, লভ্যাংশ ঘোষণা, কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, পদোন্নতি ইত্যাদি সম্পাদনের জন্য বিভিন্ন কমিটি, উপ-কমিটি গঠন করে থাকে। ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ, নির্বাহী কমিটি ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নীতিনির্ধারণের উদ্দেশ্যে গঠিত এসব কমিটি/সাব-কমিটিতে শারী'আহ্ বোর্ডের প্রতিনিধিত্ব থাকলে নীতিনির্ধারণী পর্যায়ে শারী'আহ্পরিপন্থী কাজ ও সিদ্ধান্ত থেকে বেঁচে থাকা সহজ হয়।

## ১৬. ACR মার্ক

যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণ শারী'আহ্ পরিপালনে যতটা বেশি যত্নবান হবেন প্রতিষ্ঠানের শারী'আহ্ বাস্তবায়ন তত বেশি কার্যকর হবে। এ কারণে শারী'আহ্ পালনের জন্য পুরস্কার ও শারী'আহ্ পালনে ব্যর্থতা কিংবা অবহেলার জন্য শাস্তির ব্যবস্থা থাকা জরুরি। অতএব কর্মকর্তাদের ACR (বার্ষিক গোপনীয় রিপোর্ট)-এ শারী'আহ্ পরিপালনের জন্য পৃথক নম্বর থাকা বাঞ্ছনীয়। যা শারী'আহ্ বোর্ড কর্তৃক মনোনীত সদস্য বা সদস্য সচিব প্রদান করবেন। বার্ষিক গোপনীয় রিপোর্টে প্রদত্ত নম্বর ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতির জন্য খুবই গুরুত্বপূর্ণ বিধায় এ ব্যবস্থা শারী'আহ্ পালনে সংশ্লিষ্ট কর্মকর্তাকে যথেষ্ট যত্নবান হতে সাহায্য করবে।

বর্তমানে ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড শাখাপ্রধান, দ্বিতীয় কর্মকর্তা ও বিনিয়োগ কর্মকর্তা এ তিন জনের ACR মার্ক শরীয়াহ্ কাউন্সিলের সদস্য সচিব কর্তৃক রিভিউ করার বিধান চালু করেছে। ফলে উক্ত ব্যাংকের কর্মকর্তাগণের মধ্যে শারী'আহ্ পরিপালনে যথেষ্ট সচেতনতা পরিলক্ষিত হচ্ছে। বিষয়টির খুঁটিনাটি আরো পরীক্ষা করে এ পদ্ধতি অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে চালু করা যেতে পারে।

## ১৭. শারী'আহ্ গবেষণা

শারী'আহ্ বোর্ডের আরেকটি কাজ হলো প্রতিষ্ঠানের কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্ট বিষয়ে শারী'আহ্ বিষয়ক গবেষণা পরিচালনা। আধুনিককালের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে দিন দিন সহজতর উপায় ও পন্থা উদ্ভাবিত হচ্ছে। দ্রুততম সময়ে গ্রাহকদের সেবা প্রদানের জন্য লেনদেন ও ব্যবসা-বাণিজ্যে প্রতিনিয়ত নতুন নতুন পদ্ধতি চালু হচ্ছে। বলা যায় এ যুগ সহজী করণের যুগ। এ যুগে জটিল কোন পদ্ধতি বাজারমূলক প্রতিযোগিতায়

www.pathagar.com

বেশি দিন টিকে থাকতে পারে না। একসময় তা উপযোগিতা হারাতে বাধ্য। এ কারণে ইসলামী ব্যাংকগুলোর সামনে অন্যতম প্রধান চ্যালেঞ্জ হলো ইসলামী ব্যাংকিং-এর পদ্ধতিগত জটিলতা নিরসন করে সময়ের দাবি অনুযায়ী শারী'আহ্সম্মত সহজ ও নতুন নতুন পদ্ধতি উদ্ভাবন করা।

বিখ্যাত অর্থনীতিবিদ মিঃ R. Wilson-এর মতে–

> *"The challenge for those involved in the industry has been to develop financial products which their Muslim clients can accept as confirming to the Shari'ah laws and which at the same time will provide a service comparable to what is offered by the conventional institutions."*

অর্থাৎ "অর্থনৈতিক প্রোডাক্টসমূহ উন্নততর করার বিষয়টি আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের জন্য একটি চ্যালেঞ্জ হয়ে আছে–যেগুলো মুসলিম গ্রাহকগণকে শারী'আহ্সম্মত বলে গ্রহণ করাতে পারে এবং একই সময়ে তারা Conventional প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রচলিত সেবার সমপর্যায়ের সেবা প্রদানে সক্ষম হতে পারে।"

এ চ্যালেঞ্জ মোকাবেলায় শারী'আহ্ বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গের গবেষণা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

ইসলামী উন্নয়ন ব্যাংক ও আলেকজান্দ্রিয়া বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদের যৌথ উদ্যোগে 'Financial Industry' শিরোনামে ১৫ থেকে ১৮ সেপ্টেম্বর ২০০০ সালে অনুষ্ঠিত ৪ দিনব্যাপী এক আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে ইসলামী ব্যাংকসমূহের প্রতিনিধি, বিশ্বব্যাংক ও আই.এম.এফ-এর প্রতিনিধি, বিশিষ্ট অর্থনীতিবিদ, গবেষক ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অংশগ্রহণ করেন। সেমিনারে ১০টি গুরুত্বপূর্ণ প্রস্তাব গৃহীত হয়। তার মধ্যে একটি উল্লেখযোগ্য প্রস্তাব ছিল, অর্থনৈতিক অঙ্গনে উদ্ভূত সমস্যার সম্ভাব্য সমাধানের মধ্যে কোন্টি শারী'আহ্ অনুমোদিত সমাধান এবং কোন্টি শারী'আহ্নিষিদ্ধ 'হীলা' তা সুস্পষ্টভাবে নির্ণয় করার উন্নততর মানদণ্ড প্রবর্তন করা।

দেশের শীর্ষস্থানীয় আলিমগণের সমন্বয়ে গঠিত শারী'আহ্ বোর্ডের সরাসরি তত্ত্বাবধানে এরূপ গবেষণা কার্যক্রম পরিচালিত হলে তা কাঙ্ক্ষিত ফলাফল এবং সর্বমহলের আস্থা অর্জনে সক্ষম হবে।

www.pathagar.com

## ১৮. অননুমোদিত পন্থায় অর্জিত আয় জনকল্যাণে ব্যয় নিশ্চিত করা

ইসলামী ব্যাংকিং ব্যবস্থায় শারী'আহ্বহির্ভূত পন্থায় অর্জিত কোন আয় কখনোই গ্রহণযোগ্য নয়। তবে আন্তর্জাতিক লেনদেন, অনৈসলামিক ব্যাংকের সাথে লেনদেন বা সেন্ট্রাল ব্যাংকের ডিপোজিট গ্রহণ বা অন্যকোন লেনদেন ইত্যাদি কর্মকাণ্ডে বাধ্য হয়ে জড়িত হলে সেক্ষেত্রে অননুমোদিত আয় হতে পারে। এ জাতীয় আয়ের ক্ষেত্রে প্রাপ্ত অর্থ কী করতে হবে এ বিষয়ে পরামর্শ দেবে শারী'আহ্ বোর্ড।

যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের অন্যতম প্রধান দায়িত্ব হচ্ছে শারী'আহ্ কর্তৃক অনুমোদিত নয় এমন কোন পন্থায় অর্জিত অর্থ জনকল্যাণে ব্যয় নিশ্চিত করা। এ ধরনের অর্থ যেন কোনক্রমেই ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের আয়ের সাথে যুক্ত হতে না পারে সে বিষয়টি অবশ্যই শারী'আহ্ বোর্ডকে নিশ্চিত করতে হবে।

বাহরাইন ইসলামী ব্যাংক এবং ABC Islamic Bank (E.C.)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে ঃ

*التأكد من تجنيب المكاسب التي تحققت من مصادر أو بطرق تتعارض مع أحكام ومبادئ الشريعة الإسلامية وصرفها في وجوه الخير العامة.*[١٦٢]

অর্থাৎ "ইসলামী শারী'আহ্র মূলনীতি ও বিধানাবলীর পরিপন্থী পন্থা ও প্রক্রিয়ায় অর্জিত অর্থ 'আয়' হিসেবে গণ্য না হওয়া এবং উক্ত অর্থ জনকল্যাণের জন্য ব্যয়িত হওয়ার বিষয়টি নিশ্চিত করা।"

## ১৯. লাভ-লোকসান হিসাব অনুমোদন

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের আরেকটি দায়িত্ব হচ্ছে, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের যে লাভ বা লোকসানের হিসাব দেখানো হয়েছে তা শারী'আহ্ নীতিমালা অনুযায়ী হয়েছে কি না তা নিশ্চিত করা।

---

[162] اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা-৯, পৃষ্ঠা-৬ এবং اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা-৮।

www.pathagar.com

বাহরাইন ইসলামী ব্যাংক এবং ABC Islamic Bank (E.C.)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনায় এ ব্যাপারে বলা হয়েছে ঃ

التأكد من توزيع الأرباح وتحميل الخسائر طبقا للأحكام الشرعية.[163]

অর্থাৎ "লাভ-লোকসান শারী'আহ্ নীতিমালা অনুযায়ী নির্ণীত হয়েছে–এ বিষয়টি নিশ্চিত করা।"

## ২০. সংবিধান, নীতিমালা ও সংস্থার অবকাঠামো অনুমোদন

যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের গঠনতন্ত্র ও নীতিমালায় শারী'আহ্পরিপন্থী কোন বিষয় অন্তর্ভুক্ত না হওয়ার বিষয়টি নিশ্চিত করার মহান দায়িত্ব শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের।

বাহরাইন ইসলামী ব্যাংক ও ABC Islamic Bank (E.C.)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত এতদ-সংক্রান্ত আলোচনায় বলা হয়েছে ঃ

اعتماد الجوانب الشرعية في عقد التأسيس والنظام الأساسي
واللوائح والنماذج والسياسات المتبعة في عمل البنك.[164]

অর্থাৎ "ব্যাংকের কার্যক্রমে অনুসৃত নীতিমালা, গৃহীত প্রকল্প, গঠনতন্ত্র ও মূলনীতিতে শারী'আহ্র দিকসমূহ নিশ্চিত করা।"

## ২১. লেনদেন ছাড়া অন্যান্য বিষয় দেখাশোনা করা

কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের লেনদেন সংক্রান্ত বিষয় ছাড়াও অন্যান্য বিষয়ে শারী'আহ্ নীতিমালা পরিপালন হচ্ছে কি না তা তত্ত্বাবধান করার এখতিয়ার শারী'আহ্ বোর্ডের রয়েছে।

---

163. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা–১০, পৃষ্ঠা–৬ এবং اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা–৯।

164. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা–১, পৃষ্ঠা–৫ এবং اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك المؤسسة العربية المصرفية الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা–১।

www.pathagar.com

'দারুল মাল আল ইসলামী ট্রাস্ট'-এর 'Founders' Covenant and Call to Ummat Al Islam'-এ শারী'আহ্ বোর্ড কর্তৃক ট্রাস্ট এবং অন্যান্য অঙ্গসংগঠনের দৈনন্দিন কার্যাবলী এবং বিনিয়োগ কার্যক্রম দেখাশোনার দায়িত্ব পালনের কথা উল্লেখ রয়েছে। তাতে বলা হয়েছে ঃ

*"The DMI Trust's Religious Board would have in the day to day operations of the DMI Trust and its various subsidiaries and investment activities."*[165]

অর্থাৎ "দারুল মাল আল ইসলামী ট্রাস্ট এবং এর সহযোগী প্রতিষ্ঠান-সমূহের দৈনন্দিন কার্যাবলী এবং বিনিয়োগ কার্যক্রম দেখাশোনার দায়িত্ব দারুল মাল আল ইসলামী ট্রাস্টের রিলিজিয়াস বোর্ডের উপর।"

বাংলাদেশস্থ আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে বলা হয়েছে ঃ

*"শরীয়াহ্ কাউন্সিল ব্যাংকিং কার্যক্রমে শারী'আহ্ সংক্রান্ত বিষয়ে এবং ইসলামী মূল্যবোধ ও ইনসাফ প্রতিষ্ঠার জন্য ব্যাংকের অন্যান্য বিষয়ে পরিচালক পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক মতামত প্রদানের জন্য প্রেরিত হলে পরামর্শ দিবে।"*[166]

দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিল উপবিধিতেও বিষয়টি নিম্নোক্তভাবে স্থান পেয়েছে ঃ

*"ব্যাংকিং কার্যক্রমে শারী'আহ্ সংক্রান্ত বিষয়ে অথবা ইসলামী মূল্যবোধ ও ইনসাফ প্রতিষ্ঠার ক্ষেত্রে কোন বিষয়ে ব্যাংকের পরিচালক পর্ষদ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক মতামত প্রদানের জন্য প্রেরিত হলে কাউন্সিল সেক্ষেত্রে পরামর্শ দিবে।"*[167]

---

165. Dar Al-Maal Al-Islami Trust, 'Founders' Covenant and Call to Ummat Al Islam'. (Mimeographed.), Page-11, 12.

166. শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, ধারা-৪, উপধারা-ক, পৃষ্ঠা-৪।

167. শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, ধারা-৪, উপধারা-ক, পৃষ্ঠা-২।

www.pathagar.com

## ২২. ব্যাংকের গ্রাহকদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান

ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহকদের পক্ষ থেকে উত্থাপিত ব্যাংকিং সংক্রান্ত বিভিন্ন প্রশ্নের শারী'আহ্‌ভিত্তিক জবাব দান করা শারী'আহ্ বোর্ডের অন্যতম প্রধান দায়িত্ব।

এ সম্পর্কে বিশিষ্ট ইসলামী ব্যাংকিং বিশেষজ্ঞ ড. أحمد محي الدين أحمد তাঁর حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধে লিখেছেন ঃ

*الإجابة علي الأسئلة والاستفسارات والاستيضاحات والواردة للهيئة من إدارة المؤسسة أو من مختلف الإدارات الفنية الأخري، وكذلك الواردة من المتعاملين أو ممن لهم علاقة مع المؤسسة.*[168]

অর্থাৎ "এই প্রতিষ্ঠান বা অন্যকোন প্রতিষ্ঠান কিংবা গ্রাহক বা প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট কারো কাছ থেকে শারী'আহ্ বোর্ডের কাছে উত্থাপিত বিভিন্ন বিষয়ের শার'ঈ ব্যাখ্যা প্রদান ও উত্থাপিত প্রশ্নের উত্তর দেয়া।"

বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনায় এ সম্পর্কে বলা হয়েছে ঃ

*''الإجابة علي تساؤلات واستيضاحات العملاء بالنسبة لشرعية بعض الإجراءات أو المعاملات التي يظنون عدم شرعيتها أو يجهلون مستندها سواء توجهوا إلى الهيئة مباشرة بإستيضاحاتهم أم أحالهم الفنيون إليها.''*

অর্থাৎ "কিছু কিছু লেনদেন ও কার্যক্রম যেগুলোকে গ্রাহকগণ অনৈসলামিক বলে মনে করেন অথবা সেগুলোর সূত্র সম্পর্কে তারা অবহিত নন–এ

---

168. ড. আহমদ মুহিউদ্দীন আহমাদ, ৫ ও ৬ অক্টোবর ২০০৩ ঈসায়ী তারিখে রাজকীয় বাহরাইনের মানামায় অনুষ্ঠিত AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত حدود الهيئات الشرعية وإدارات المؤسسات المالية الإسلامية في التأكد من الالتزام بالأحكام الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা–৫।

www.pathagar.com

ধরনের লেনদেনে শারী'আহ্ দিকসমূহ সম্পর্কে গ্রাহকদের জিজ্ঞাসার জবাব দান করা। তারা এ ধরনের প্রশ্নাবলী সরাসরি শারী'আহ্ বোর্ডের কাছে উত্থাপন করুক অথবা বিশেষজ্ঞগণ সেগুলো শারী'আহ্ বোর্ডের কাছে উপস্থাপন করুক।"

জেদ্দাস্থ কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটির 'ইসলামী অর্থনীতি গবেষণা সেন্টার'-এর প্রফেসর জনাব ড. محمد علي القري বলেন ঃ

الإجابة عن الأسئلة والاستفسارات الخاصة بالجوانب الشرعية لعمل المؤسسة.[169]

অর্থাৎ "প্রতিষ্ঠানের কর্মকাণ্ডের শার'ঈ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নাবলীর জবাব ও ব্যাখ্যা প্রদান।"

## ২৩. ব্যাংকের জনশক্তি বা অন্যকোন প্রতিষ্ঠানের বিভিন্ন জিজ্ঞাসার জবাব প্রদান

ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রম চালাতে গিয়ে নির্বাহী, কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ব্যাংকিং কার্যক্রম সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উদ্রেক হতে পারে যেগুলির শারী'আহ্ভিত্তিক জবাব দান করা শারী'আহ্ বোর্ডের অন্যতম প্রধান দায়িত্ব।

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে কাউন্সিলের কার্যাবলী সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে ঃ

*"শারী'আহ্ সংক্রান্ত বিষয় ছাড়াও অন্যকোন বিষয় যদি ব্যাংকের পরিচালক পর্ষদ বা পর্ষদের চেয়ারম্যান বা ব্যাংকের কোন নির্বাহী/অফিসার মতামতের জন্য কাউন্সিলে প্রেরণ করেন তাহলে কাউন্সিল সে বিষয়ে মতামত দিবে।"* [170]

---

169. ড. মোহাম্মদ আলী আল ক্বারী, ইসলামী অর্থনীতি গবেষণা সেন্টার, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটি, জেদ্দা, AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত الإختصاص القانوني والحماية الجنائية للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৫।

170. শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, ধারা-৪, উপধারা-গ, পৃষ্ঠা-৪।

www.pathagar.com

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনার 'ঙ' নং ধারায় বলা হয়েছে ঃ

> *"অন্যকোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/সাধারণ প্রতিষ্ঠান, ব্যাংকিং বা অর্থনৈতিক কোন বিষয়ে ইসলামী দৃষ্টিভঙ্গি জানতে চাইলে শরীয়াহ্ কাউন্সিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে তা অবহিত করবে।"*[171]

## ২৪. সালিশীর দায়িত্ব পালন

শারী'আহ্ বোর্ড অতীব মর্যাদাসম্পন্ন স্বাধীন ও নিরপেক্ষ সংস্থা বিধায় অনেক সময় ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সালিশীর দায়িত্ব এ সংস্থার প্রতি অর্পণ করে থাকেন। এ ধরনের পরিস্থিতিতে সততা, আমানতদারী ও বিশ্বস্তার সাথে অর্পিত এ মহান দায়িত্ব যথাযথভাবে আঞ্জাম দেয়া শারী'আহ্ বোর্ডের অন্যতম একটি কাজ।

জেদ্দাস্থ কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটির 'ইসলামী অর্থনীতি গবেষণা সেন্টার'-এর প্রফেসর জনাব ড. محمد علي القري বলেন ঃ

> *التحكيم إذ تقوم الهيئة أو بعض أعضائها بالتحكيم في المنازعات التي تنشأ بين البنك وعملائه وقد ينص علي ذلك أحيانا في صيغة العقد الذي نشأت حوله تلك المنازعات.*[172]

অর্থাৎ "শারী'আহ্ বোর্ড বা বোর্ডের কিছু সদস্য ব্যাংক ও ব্যাংকের গ্রাহকদের মধ্যে সৃষ্ট মতপার্থক্য নিরোসনে সালিশীর দায়িত্ব পালন করবে। কখনো কখনো তা মতপার্থক্যপূর্ণ চুক্তির ভাষ্যতেও উল্লেখিত থাকে।"

---

171. প্রাগুক্ত, ধারা-৪, উপধারা-ঙ, পৃষ্ঠা-৪।

172. ড. মোহাম্মদ আলী আল ক্বারী, ইসলামী অর্থনীতি গবেষণা সেন্টার, কিং আব্দুল আজিজ ইউনিভার্সিটি, জেদ্দা, AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে উপস্থাপিত الإختصاص القانوني والحماية الجنائية للهيئات الشرعية শীর্ষক প্রবন্ধ, পৃষ্ঠা-৪।

www.pathagar.com

আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে কাউন্সিলের কার্যাবলী সম্পর্কিত আলোচনায় বলা হয়েছে ঃ

> *"কাউন্সিলের প্রতি সালিশীর দায়িত্ব অর্পিত হলে কাউন্সিল এ ভূমিকা পালন করবে।"*[173]

এ সম্পর্কে দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেডের শরীয়াহ্ কাউন্সিলের উপবিধিতে বলা হয়েছে ঃ

> *"পরিচালনা পর্ষদ কর্তৃক কাউন্সিলের প্রতি সালিশীর দায়িত্ব অর্পিত হলে কাউন্সিল এ ভূমিকা পালন করবে।"*[174]

## ২৫. বার্ষিক প্রতিবেদন প্রদান

কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের একটি বিশেষ দায়িত্ব হচ্ছে প্রতিষ্ঠানের জন্য বার্ষিক শারী'আহ্ প্রতিবেদন প্রদান করা। প্রত্যেক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান প্রতি বছর তাদের পূর্ববর্তী আর্থিক বছরের বিভিন্ন কর্মকাণ্ড ও অগ্রগতি-উন্নতির বিবরণ তুলে ধরে 'বার্ষিক প্রতিবেদন' প্রণয়ন করে থাকে। যা সাধারণত প্রতিষ্ঠানের বার্ষিক সাধারণসভায় (এজিএম) শেয়ারহোল্ডারগণ কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হয়।

উক্ত বার্ষিক প্রতিবেদনে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড-এর মতামতসহ একটি প্রতিবেদন অন্তর্ভুক্ত করা হলে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ সহজেই অনুধাবন করতে সক্ষম হন যে বর্ণিত বছর প্রতিষ্ঠানটির শারী'আহ্ পরিপালনের মান কেমন ছিল।

বার্ষিক প্রতিবেদন প্রণয়নের ব্যাপারে বাহরাইন ইসলামী ব্যাংকের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে বোর্ডের কার্যাবলী সংক্রান্ত আলোচনায় বলা হয়েছে ঃ

> *تقديم تقرير سنوي يعرض في اجتماع الجمعية العمومية للبنك تبدي فيه الهيئة رأيها في المعاملات التي أجراها*

---

173. শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, ধারা-৪, উপধারা-চ, পৃষ্ঠা-৪।

174. শরীয়াহ্ কাউন্সিল উপবিধি, দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, ধারা-৪, উপধারা-ঋ, পৃষ্ঠা-২।

www.pathagar.com

*البنك ومدى التزام الإدارة بالفتاوى والقرارات والإرشادات التي صدرت عنها.*[১৭৫]

অর্থাৎ "ব্যাংকের বার্ষিক সাধারণসভায় উপস্থাপনের জন্য প্রতিবেদন তৈরি করা। যে প্রতিবেদনে শারী'আহ্ বোর্ড ব্যাংক কর্তৃক চালুকৃত লেনদেন সম্পর্কে এবং শারী'আহ্ বোর্ড থেকে প্রকাশিত ফত্ওয়া, সিদ্ধান্ত ও নির্দেশাবলী ব্যাংক ম্যানেজমেন্ট কর্তৃক পরিপালিত হওয়ার বিষয় সম্পর্কে তার মতামত প্রকাশ করবে।"

ABC Islamic Bank (E.C.)-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের উপবিধিতে শারী'আহ্ বোর্ডের কার্যাবলী সম্পর্কিত আলোচনার ৪র্থ অধ্যায়ে বলা হয়েছে ঃ

*تقديم تقرير سنوي يعرض في اجتماع الجمعية العامة للبنك تبلي فيه الهيئة رأيها في المعاملات التي أجراها البنك ومدى التزام الإدارة بالفتاوى والقرارات و الإرشادات التى صدرت عنها.*

অর্থাৎ "ব্যাংকের বার্ষিক সাধারণসভায় উপস্থাপনের জন্য প্রতিবেদন তৈরি করা। যে প্রতিবেদনে শারী'আহ্ বোর্ড ব্যাংক কর্তৃক চালুকৃত লেনদেন সম্পর্কে এবং শারী'আহ্ বোর্ড থেকে প্রকাশিত ফত্ওয়া, সিদ্ধান্ত ও নির্দেশাবলী ব্যাংক ম্যানেজমেন্ট কর্তৃক পরিপালিত হওয়ার বিষয় সম্পর্কে তার মতামত প্রকাশ করবে।"

---

175. اللائحة الداخلية لهيئة الرقابة الشرعية لبنك البحرين الإسلامي চতুর্থ অধ্যায়, ধারা-১২, পৃষ্ঠা-৬।

www.pathagar.com

# শারী'আহ্ বোর্ডের প্রতিবেদনের মৌলিক উপাদান

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনে যে সকল মৌলিক উপাদান অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন তা নিম্নরূপ ঃ

## ১. শিরোনাম

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনের একটি যথাযথ শিরোনাম থাকতে হবে।

## ২. সম্বোধন

স্থানীয় আইন-কানুন ও বিধি-বিধান এবং নিয়োগ সংশ্লিষ্ট বিষয়াদির চাহিদানুযায়ী শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনে যথাযথ সম্বোধন থাকতে হবে।

## ৩. প্রারম্ভিক অনুচ্ছেদ

প্রতিবেদনের প্রারম্ভিক অনুচ্ছেদে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের নিয়োগের উদ্দেশ্য বর্ণিত হবে।

প্রারম্ভিক অনুচ্ছেদের একটি উদাহরণমূলক বর্ণনা নিম্নে প্রদত্ত হলো ঃ

"In compliance with the letter of appointment, we are required to submit the following report."[176]

অর্থাৎ "নিয়োগপত্রের শর্ত পরিপালনের লক্ষ্যে আমাদের জন্য নিম্নোক্ত প্রতিবেদন পেশ করা আবশ্যক।"

## ৪. কাজের ধরন ও প্রকৃতির বর্ণনা সংক্রান্ত অনুচ্ছেদ

এ অনুচ্ছেদে সম্পাদিত কাজের ধরন ও প্রকৃতির বর্ণনা থাকবে।

এ অনুচ্ছেদের একটি উদাহরণমূলক বর্ণনা নিম্নে প্রদত্ত হলো ঃ

*"We have reviewed the principles and the contracts relating to the transactions and applications introduced by the*

---

176. Governance Standard for Islamic Financial Institutions No. 1, Shari'ah Supervisory Board; Appointment, Composition and Report, Accounting and auditing Organization for Islamic Financial Institution. পৃষ্ঠা-৬।

www.pathagar.com

*Example Islamic Financial Institution during the period ended. We have also conducted our review to form an opinion as to whether the Example Islamic Financial Institution has complied with Shari'ah Rules and Principles and also with the* specific fatwas, rulings and guidelines *issued by us."* [177]

"আমরা সমাপ্ত অর্থবছরে আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠান (প্রতিষ্ঠানের নাম) কর্তৃক প্রবর্তিত কার্যাবলী এবং তার প্রয়োগের সাথে সংশ্লিষ্ট চুক্তি ও মূলনীতিসমূহ পর্যালোচনা করেছি। উক্ত ইসলামী আর্থিক প্রতিষ্ঠান শারী'আহ্‌র বিধিবিধান ও নীতিমালা তথা আমাদের প্রদত্ত দিকনির্দেশনা, সিদ্ধান্ত এবং সুনির্দিষ্ট ফত্‌ওয়াসমূহ বাস্তবায়ন করেছে কি না সে সম্পর্কে মতামত প্রকাশের জন্যও আমরা পর্যালোচনায় মিলিত হয়েছি।"

**৫. ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দায়-দায়িত্ব সংক্রান্ত বক্তব্য**

এ মর্মে একটি স্পষ্ট বক্তব্য থাকতে হবে যে, ইসলামী শারী'আহ্‌র নীতিমালা ও বিধি-বিধান যথাযথভাবে পরিপালনের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উপর বর্তায়।

এ সংক্রান্ত একটি উদাহরণমূলক বর্ণনা নিম্নে প্রদত্ত হল ঃ

*"The Example Islamic Financial Institution's management is responsible for ensuring that the financial institution conducts its business in accordance with Islamic Shari'h Rules and Principles. It is our responsibility to form an independent opinion, based on our review of the operations of the Example Islamic Financial Institution, and to report to you."* [178]

অর্থাৎ "আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠান তার ব্যবসা ইসলামী শারী'আহ্‌র নীতিমালা ও বিধি-বিধান মোতাবেক পরিচালিত করেছে—এ বিষয়টি নিশ্চিত করার দায়িত্ব সংশ্লিষ্ট ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের। আমাদের দায়িত্ব হলো, আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের কার্যাবলী পর্যালোচনাপূর্বক তার ভিত্তিতে একটি স্বাধীন মতামত প্রস্তুত করা এবং তা আপনাদের কাছে উপস্থাপন করা।"

---

177. প্রাগুক্ত, পৃষ্ঠা–৬।

178. প্রাগুক্ত, পৃষ্ঠা–৭।

www.pathagar.com

## ৬. কার্যক্ষেত্রের পরিধি অনুচ্ছেদ (SCOPE PARAGRAPH)

এ অনুচ্ছেদে শারী'আহ্ বোর্ড কর্তৃক সম্পাদিত কাজের পরিধি বর্ণিত হবে। এ অনুচ্ছেদে শারী'আহ্ বোর্ডের পক্ষ থেকে এ মর্মে নিশ্চয়তা প্রদান করতে হবে যে, 'শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড' যথাযথ নিরীক্ষা ও পরিদর্শন পরিচালনা, কার্যক্রম বিশ্লেষণ এবং যথাযথভাবে পর্যালোচনা সম্পন্ন করেছে।

সংশ্লিষ্ট ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের লেনদেন ও কার্যাবলী ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান অনুযায়ী পরিচালিত হচ্ছে-এ কথার প্রমাণ বা সাক্ষ্য হিসেবে প্রযোজ্য ক্ষেত্রে পরীক্ষামূলকভাবে প্রত্যেক ধরনের লেনদেন ও কার্যাবলী যাচাই-বাছাই করা হয়েছে মর্মেও নিশ্চয়তা বিধান করতে হবে।

পর্যালোচনা পদ্ধতি বোঝানোর জন্য উদাহরণমূলক বর্ণনা নিম্নে প্রদত্ত হলো ঃ

*"We conducted our review which included examining, on a test basis of each type of transaction, the relevant documentation and procedures adopted by the Example Islamic Financial Institution.*

*We planned and performed our review so as to obtain all the information and explanations which we considered necessary in order to provide us with sufficient evidence to give reasonable assurance that the Example Islamic Financial institution has not violated Islamic Shari'ah Rules and Principles."* [179]

"আমরা আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অনুসৃত কার্যপ্রণালী, সংশ্লিষ্ট নথিপত্র এবং প্রত্যেক প্রকারের লেনদেন পরীক্ষামূলকভাবে যাচাই-বাছাই ও পর্যালোচনা করেছি।

আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠান ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান লঙ্ঘন করেনি-এ বিষয়টি সম্পর্কে ন্যায়সঙ্গত ও যুক্তিসঙ্গত নিশ্চয়তা প্রদানের নিমিত্তে আমাদের প্রয়োজনীয় পর্যাপ্ত সাক্ষ্য-প্রমাণ সংগ্রহের লক্ষ্যে আমাদের প্রয়োজনবোধে সকল তত্ত্ব, তথ্য ও ব্যাখ্যা/ বিশ্লেষণ সংগ্রহে পরিকল্পনা মাফিক পর্যালোচনাকর্ম পরিচালনা করেছি।"

---

179. প্রাগুক্ত, পৃষ্ঠা-৭।

www.pathagar.com

## ৭. মতামত অনুচ্ছেদ

ক. এ অনুচ্ছেদে ইসলামী আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক শারী'আহ্ নীতিমালা ও বিধি-বিধান পরিপালনের উপর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের মতামত সন্নিবেশিত থাকবে।

খ. শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনে এ বিষয়টিও উল্লেখ থাকতে হবে যে, সংশ্লিষ্ট ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের চুক্তিপত্র ও দলিলাদি ইসলামী শারী'আহ্ নীতিমালা ও বিধি-বিধান পরিপালনপূর্বক প্রণয়ন করা হয়েছে।

গ. প্রযোজ্য ক্ষেত্রে, শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনে এ বিষয়ে সুস্পষ্ট বিবৃতি উল্লেখ থাকতে হবে যে, ইনভেস্টমেন্ট একাউন্টহোল্ডার এবং ইকুয়িটিহোল্ডারগণের মধ্যে শারী'আহ্ নীতিমালার ভিত্তিতে প্রফিট বণ্টনের যথার্থতা নিরূপণের জন্য প্রতিষ্ঠানের আর্থিক প্রতিবেদনসমূহ পরীক্ষা করা হয়েছে।

ঘ. প্রযোজ্য ক্ষেত্রে, শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনে এ বিষয়ক সুস্পষ্ট বিবৃতি অন্তর্ভুক্ত থাকবে যে, ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধানে নিষিদ্ধ উৎস/উপায় ও প্রক্রিয়ায় অর্জিত সকল আয় সেবামূলক উদ্দেশ্যে উৎসর্গ করা হয়েছে।

ঙ. ইসলামী আর্থিক প্রতিষ্ঠান যাকাত এবং জনকল্যাণমূলক ফান্ড (চ্যারিটি ফান্ড)-এর উৎস ও ব্যবহার সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন করলে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনে উল্লেখ থাকতে হবে যে, ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান পরিপালনপূর্বক যাকাতের হিসাব করা হয়েছে।

মতামত অনুচ্ছেদে এ বিষয়গুলোর উদাহরণমূলক বর্ণনা নিম্নরূপ ঃ

"in our Opinion :

a. The contracts, transactions and dealings entered into by the Example Islamic Financial Institution during the year ended ... that we have reviewed are in compliance with the Islamic Shari'ah Rules and Principles;

b. The allocation of profit and charging of losses relating to investment accounts conform to the basis that had been approved by us in accordance with Islamic Shari'ah Rules and Principles;

www.pathagar.com

(Where appropriate, the opinion paragraph shall also include the following matters :)

c. All earnings that have been realized from sources or by means prohibited by Islamic Shari'ah Rules and principles have been disposed of to charitable causes; and

d. The calculation of Zakah is in compliance with Islamic Shari'ah Rules and Principles."

অর্থাৎ "আমাদের মতে–

ক. বিগত অর্থবছরে আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অনুসৃত ও পরিচালিত কার্যাবলী, লেনদেন এবং চুক্তিসমূহ–যা আমরা পর্যালোচনা করেছি তা ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান অনুযায়ী সম্পন্ন করা হয়েছে।

খ. আমাদের অনুমোদিত নির্দেশনার ভিত্তিতে ইনভেস্টমেন্ট একাউন্টে যে লাভ বণ্টন এবং লোকসান নিরূপণ করা হয়েছে তা ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান অনুযায়ী করা হয়েছে।"

(প্রযোজ্য ক্ষেত্রে মতামত অনুচ্ছেদে নিম্নবর্ণিত বিষয়ও অন্তর্ভুক্ত হতে পারে ঃ)

গ. ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান কর্তৃক নিষিদ্ধ উপায়ে বা পন্থায় অর্জিত সকল আয় জনকল্যাণমূলক খাতে উৎসর্গ করা হয়েছে।

ঘ. যাকাতের হিসাব ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান অনুযায়ী করা হয়েছে।

যদি শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড এ মর্মে নিশ্চিত হয় যে, ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান অথবা শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড কর্তৃক প্রদত্ত দিকনির্দেশনা, সিদ্ধান্ত বা ফত্ওয়া লঙ্ঘন/অমান্য করেছে তাহলে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডকে তার প্রতিবেদনের মতামত অনুচ্ছেদে উক্ত লঙ্ঘিত বিষয়সমূহও উল্লেখ করতে হবে।

## ৮. প্রতিবেদনের তারিখ

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড তার প্রতিবেদনের অন্তর্ভুক্ত সময়কাল উল্লেখ করবে এবং পর্যালোচনা সম্পন্ন করার তারিখ প্রতিবেদনে উল্লেখ করবে।

www.pathagar.com

আর্থিক প্রতিবেদনটি যে তারিখে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বা স্বাক্ষরিত হয়েছে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড তার পূর্বের কোন তারিখে প্রতিবেদনটি স্বাক্ষর/অনুমোদন করবে না।

## ৯. শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের স্বাক্ষর

শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনটি সকল সদস্য কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।

বাংলাদেশের ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বার্ষিক প্রতিবেদনে শুধু শরীয়াহ্ কাউন্সিল/বোর্ডের চেয়ারম্যান বা শুধু সদস্য সচিব অথবা উভয়ের স্বাক্ষর পরিলক্ষিত হয়। তবে শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনে সকল সদস্যের স্বাক্ষর থাকা বাঞ্ছনীয়।

## ১০. শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদন প্রকাশ

প্রত্যেক ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদন (Annual Report)-এ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের একটি প্রতিবেদন থাকা আবশ্যক। যা ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের বার্ষিক প্রতিবেদনে প্রকাশিত হবে।[180]

180. ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদন সম্পর্কে Accounting and Auditing Organization for Islamic Financial Institutions (AAOIFI) কর্তৃক প্রণীত Governance Standard for Islamic Financial Institutions No-1-এ আলোচনা করা হয়েছে। বিস্তারিত জানার জন্য তা দেখা যেতে পারে।

www.pathagar.com

# AAOIFI কর্তৃক প্রণীত

## Example Report of Shari'a Supervisory Board

In the name of Allah, The beneficent, The Merciful

To the Shareholders of the Example Islamic Financial Institution,

Assalamu Alaikum Wa Rahmatullahi Wa Barakatuh.

In compliance with the letter of appointment, we are required to submit the following report :

We have reviewed the principles and the contracts relating to the transactions and applications introduced by the Example Islamic Financial Institution during the period ended We have also conducted our review to form an opinion as to whether the Example Islamic Financial Institution has complied with Shari'ah Rules and Principles and also with the specific fatwas, rulings and guidelines issued by us.

The Example Islamic Financial Institution's management is responsible for ensuring that the financial institution conducts its business in accordance with Islamic Shari'a Rules and Principles. It is our responsibility to form an independent opinion, based on our review of the operations of the Example Islamic Financial Institution, and to report to you.

We conducted our review which included examining, on a test basis of each type of transaction, the relevant documentation and procedures adopted by the Example Islamic Financial Institution.

We planned and performed our review so as to obtain all the information and explanations which we considered necessary in order to provide us with sufficient evidence to give reasonable assurance that the Example Islamic Financial institution has not violated Islamic Shari'ah Rules and Principles.

In our opinion :

a. The contracts, transactions and dealings entered into by the Example Islamic Financial institution during the year ended ... ... . That we have reviewed are in compliance with the Islamic Shari'ah Rules and Principles;

b. The allocation of profit and charging of losses relating to investment accounts conform to the basis that had been approved by us in accordance with Islamic Shari'ah Rules and Principles;

(where appropriate, the opinion paragraph shall also include the following matters :)

c. All earnings that have been realized from sources or by means prohibited by Islamic Shari'ah Rules and Principles have been disposed of to charitable causes; and

d. The calculation of zakah is in compliance with Islamic Shari'ah Rules and principles.

We beg Allah the Almighty to grant us all the success and straight-forwardness.

Wassalamu Alaikum Wa Rahmatullahi Wa Barakatuh.

(Name and signature of the members of the Shari'ah supervisory board)

Place and Date

www.pathagar.com

# AAOIFI কর্তৃক প্রণীত

## শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনের নমুনা (অনুবাদ)

বিসমিল্লাহির রাহমানির রাহীম।

আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আস্‌সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ্।

আমরা নিয়োগপত্রের শর্ত পরিপালনের লক্ষ্যে নিম্নোক্ত প্রতিবেদন পেশ করছি ঃ

আমরা সমাপ্ত অর্থবছরে আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠান (প্রতিষ্ঠানের নাম) কর্তৃক প্রবর্তিত কার্যাবলী এবং তার প্রয়োগের সাথে সংশ্লিষ্ট চুক্তি ও মূলনীতিসমূহ পর্যালোচনা করেছি। এ ইসলামী আর্থিক প্রতিষ্ঠান শারী'আহ্র বিধি-বিধান ও নীতিমালা তথা আমাদের প্রদত্ত দিকনির্দেশনা, সিদ্ধান্ত এবং সুনির্দিষ্ট ফত্ওয়াসমূহ বাস্তবায়ন করেছে কি না সে সম্পর্কে মতামত প্রকাশের জন্যও আমরা পর্যালোচনায় মিলিত হয়েছি।

আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠান তার ব্যবসা ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান মোতাবেক পরিচালিত করেছে–এ বিষয়টি নিশ্চিত করার দায়িত্ব সংশ্লিষ্ট ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের। আমাদের দায়িত্ব হলো আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠানের কার্যাবলী পর্যালোচনাপূর্বক তার ভিত্তিতে একটি স্বাধীন মতামত প্রস্তুত করা এবং তা আপনাদের কাছে উপস্থাপন করা।

আমরা আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অনুসৃত কার্যপ্রণালী, সংশ্লিষ্ট নথিপত্র এবং প্রত্যেক প্রকারের লেনদেন পরীক্ষামূলকভাবে যাচাই-বাছাই ও পর্যালোচনা করেছি।

আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠান ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান লঙ্ঘন করেনি–এ বিষয়টি সম্পর্কে ন্যায়সঙ্গত ও যুক্তিসঙ্গত নিশ্চয়তা প্রদানের নিমিত্তে আমাদের প্রয়োজনীয় পর্যাপ্ত সাক্ষ্য-প্রমাণ সংগ্রহের লক্ষ্যে আমরা প্রয়োজনবোধে সকল তত্ত্ব, তথ্য ও ব্যাখ্যা/বিশ্লেষণ সংগ্রহে পরিকল্পনা মাফিক পর্যালোচনা সম্পন্ন করেছি।

www.pathagar.com

আমাদের মতে–

ক. বিগত অর্থবছরে আলোচ্য ইসলামী আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অনুসৃত ও পরিচালিত কার্যাবলী, লেনদেন এবং চুক্তিসমূহ–যা আমরা পর্যালোচনা করেছি তা ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান অনুযায়ী সম্পন্ন করা হয়েছে।

খ. আমাদের অনুমোদিত নির্দেশনার ভিত্তিতে ইনভেস্টমেন্ট একাউন্টে যে লাভ বণ্টন এবং লোকসান নিরূপণ করা হয়েছে তা ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান অনুযায়ী করা হয়েছে।

(প্রযোজ্য ক্ষেত্রে মতামত অনুচ্ছেদে নিম্নবর্ণিত বিষয়ও অন্তর্ভুক্ত হতে পারে ঃ)

গ. ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান কর্তৃক নিষিদ্ধ উপায়ে বা পন্থায় অর্জিত সকল আয় জনকল্যাণমূলক খাতে উৎসর্গ করা হয়েছে।

ঘ. যাকাতের হিসাব ইসলামী শারী'আহ্র নীতিমালা ও বিধি-বিধান অনুযায়ী করা হয়েছে।

মহান আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলার কাছে আমরা সার্বিক সফলতা এবং দ্বিধাহীনচিত্তে মতামত প্রদানের তৌফিক কামনা করছি।

ওয়াস্সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ্।

(শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের সকল সদস্যের নামসহ স্বাক্ষর)

স্থান ও তারিখ

www.pathagar.com

# ফয়সাল ইসলামিক ব্যাংক মিশরের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনের একটি নমুনা

# Report of the Bank's Religious Supervisory Board

'In the name of Allah, the Beneficent, Merciful'

## Report of the Bank's Religious Supervisory Board

On the Financial Year ended at the end of Zul-Hijja, 1420 H. (April 5th, 2000)

The Religious Supervisory Board of Faisal Islamic Bank of Egypt met in the Bank on Sunday 11 Moharram 1421 H. corresponding to April 16th, 2000, at 1 : 30 p.m. and reviewed the letter of the Bank's Governor dated April 12th, 2000, enclosing copies of the Balance Sheet and Statement of Income for the financial year ended on end of Zul-Hijja 1420 H. corresponding to April 5th, 2000, requesting the Religious Supervisory Board to check them and issue the report of the Supervisory Board on the said Financial Year.

**The Religious Supervisory Board carried out the following steps :**

1. At its Meeting on the date referred to above, the Board discussed with the representative of the Bank who attended the meeting the contents of the Financial Statements, concerning the ways and means of various investments undertaken by the Bank, and the banking services during the Financial Year. The Board also discussed the balances with the Central Bank of Egypt and other banks as shown in the Financial Statements and the amounts set aside to face the contingencies concerning the investments operations as well as the amounts totally invested and those not invested, all as shown in the minutes of the Board's meeting. The Board has also reviewed the amounts included in the Financial Statements concerning the religious Zakat due.

2. The Board reviewed the files already checked as concerning the investment operations and banking services carried by the Bank and its branches during the said Fiscal Year, as well as the Fatwas, decisions and remarks made by the Board in this concern, and which have actually been complied with.

3. The board also reviewed the investment operations and commitments that have been checked throughout the fiscal year and the directions by Board in certain cases and ascertained that they have been followed.

www.pathagar.com

4. a) After having reviewed what has been checked of the investment operations and banking services throughout the Fiscal Year and the Bank's commitments to the remarks expressed by the Board and which have been acceded to by the Bank.

   b) After reviewing and discussing the Balance Sheet and the Income Statement as concerns the investment amounts and their sorts as detailed in the minutes of the meeting :

**5. The Board is of the opinion that :**

The investment activities and banking services undertaken by the Bank and its branches are within the framework of the provisions of the Islamic Shari'ah, and that they are based on the Fatwas and Judgements issued by the Board.

**May Allah guide our steps.**

**Chairman of the Religious Supervisory Board**

**His Eminence Sheikh Mohamed Khater Mohamed El Sheikh**

Former Mufti of the Arab Republic of Egypt

& Member of the Islamic Research Pool. Azhar

**April 18th, 2000** [181]

181. Faisal Islamic Bank of Egypt Annual Report 2000 A.D-1420 H. Page- 27, 28.

www.pathagar.com

# বাহরাইন ইসলামী ব্যাংকের

# শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনের একটি নমুনা (ইংরেজি)

**Bahrain Islamic Bank B.S.C**

**Religious Supervisory Board Report 2002**

In the name of Allah, The Most Beneficent, The Most Merciful and Blessings are upon His Messenger.

To the distinguished shareholders of Bahrain Islamic Bank B.S.C,

Pursuant to the powers entitled to the Religious Supervisory Board to supervise the Bank's activities and investments, we hereby submit the following report :

The Board discussed with the Bank's management all transactions and applications applied throughout the year-ending 31 December 2002, as well as the Bank's commitment to provisions of Islamic Shari'a in all its activities and investments as per the guidelines and decisions issued by the Board.

The Board believes that ensuring the conformity of the Bank's activities and investments with provisions of Islamic Shari'a is the responsibility of the Bank's management, while the Board is only responsible for expressing an independent opinion based on the information submitted by the Bank's management or requested by the Board itself.

The Board received information and clarifications that are considered neccessary to confirm that the Bank did not violate any principles and provisions of the Islamic Shari'a.

The Board attended several meetings during the year and replied on inquiries submitted by the management.

The Board believes that :

1. Contracts, operations and transactions conducted by the Bank throughout the year ending 31 December 2002 were made in accordance to the standard contracts pre-approved by the Board.
2. Distribution of profits and losses on investment accounts was in line with the basis approved by the Board in accordance with provisions of Islamic Shari'a.

www.pathagar.com

3. No gains resulted from sources or by means prohibited by provisions and principles of Islamic Shari'a.

4. Zakat was calculated according to Islamic Shari'a. The Bank disbursed Zakat on the statutory reserve, general reserve and retained earnings. The shareholder should pay his proportion of Zakat on his shares as stated in the financial report.

We pray that Allah may grant further success and prosperity to all of us.

24 Dhu Al-Qada 1423, 27 January 2003

Members of the Religious Supervisory Board

**Shaikh Yousuf Ahmed Al Siddiqi**
Chairman of Religious Supervisory Board

**Shaikh A. Hussain Khalaf Al Asfoor**
Vice Chairman of Religious Supervisory Board

**Shaikh Dr. A. Latif Al Mahmood**
Chairman of the Board's Executive committee

**Shaikh Mohammed Jaffar Al Jiffari**
Vice Chairman of the Board's Executive Committee

**Shaikh Adnan Al Qattan**
Member of Religious Supervisory Board

**Shaikh Nedham Yacoubi**
Member of Religious Supervisory Board

www.pathagar.com

## বাহরাইন ইসলামী ব্যাংকের
## শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনের একটি নমুনা (আরবী)

## تـقـريـر هـيئـة الـرقـابـة الشـرعـيـة

الحمد لله رب العالمين والصلاة والسلام على سيدنا محمد و على اله وصحبه أجمعين

إلى السادة / مساهمي بنك البحرين الإسلامي ش - م - ب المحترمين

السلام عليكم ورحمة الله وبركاته

وفقا لتكليف الهيئة بالرقابة الشرعية على أعمال البنك واستثماراته نقدم التـقريـر التالي :

ناقشت الهيئة مع المسئولين بالبنك المعاملات والتطبيقات التي قامت بها الإدارة خلال السنة المنتهية في ٣١ ديسمبر ٢٠٠٢ ومدى التزام البنك بتنفيذ استثماراته وأعماله بما لا يتعارض مع أحكام الشريعة الإسلامية وبالقرارات والإرشادات التي أصدرتها الهيئة .

وتقرر الهيئة أن مسئولية التأكد من أن البنك ينفذ استثماراته وأعماله وفقا لأحكام ومبادئ الشريعة الإسلامية يقع على الإدارة أما مسئولية الهيئة فتنحصر في إبداء رأي مستقل بناءً على ما عرض عليها أو طلبته من إدارة البنك من معلومات.

وقد حصلت على المعلومات والتفسيرات التي اعتبرتها لازمة لحصولها على تأكيد مقبول بأن البنك لم يخالف أحكام ومبادئ الشريعة الإسلامية.

كما قامت الهيئة بعقد عدة اجتماعات خلال السنة وأجابت على الاستفسارات التي وردت وأقرت عدة منتجات جديدة طرحت من قبل الإدارة.

www.pathagar.com

وترىٰ الهيئة :

١) أن العقود والعمليات و المعاملات التي أبرمتها إدارة البنك خلال السنة المنتهية ٣١ ديسمبر ٢٠٠٢ تمت وفقاً للعقود النمطية التي سبق للهيئة إقرارها.

٢) أن توزيع الأرباح وتحميل الخسارة على حسابات الاستثمار يتفق مع الأساس الذي تم اعتماده من قبلنا وفقاً لأحكام ومبادئ الشريعة الإسلامية.

٣) أنه لا توجد مكاسب تحققت من مصادر أو بطرق تحرمها أحكام ومبادئ الشريعة الإسلامية.

٤) أن احتساب الزكاة تم وفقاً لأحكام ومبادئ الشريعة الإسلامية وقد أخرج البنك زكاة الاحتياطي القانوني والاحتياطي العام والأرباح المستبقاة. وعلى المساهم إخراج الجزء الباقي من زكاة أسهمه كما ورد في التقرير المالي .

نسأل الله العلي القدير أن يحقق للجميع الرشاد والسداد والتوفيق لما يحب ويرضى

والسلام عليكم ورحمة الله وبركاته

التاريخ : ٢٤ ذو القعدة ١٤٢٣ هـ الموافق ٢٧ يناير ٢٠٠٣م

**أعضاء هيئة الرقابة الشرعية**

**الشيخ يوسف أحمد الصديقي**
رئيس هيئة الرقابة الشرعية

**الشيخ عبد الحسين خلف العصفور**
نائب رئيس هيئة الرقابة الشرعية

**الشيخ الدكتور عبد اللطيف محمود ال محمود**
رئيس اللجنة التنفيذية للهيئة

**الشيخ محمد جعفر الجفيري**
نائب رئيس اللجنة التنفيذية لهيئة

عضو الهيئة
**الشيخ عدنان عبد الله القطان**
عضو هيئة الرقابة الشرعية

عضو الهيئة
**الشيخ نظام محمد صالح يعقوبي**
عضو هيئة الرقابة الشريعة

www.pathagar.com

# ইন্দোনেশিয়ার Bank Shari'ah Mandiri-এর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের প্রতিবেদনের একটি নমুনা

## Opinion statement of the Shari'ah Supervisory Board

In the name of the Almighty Allah, we hereby state that all operational aspects and all products of PT Bank Syari'ah Mandiri which have been carried out since 1st of January, 2002 until the 31st December, 2002 has complied with the fatwa recommendations and Shari'ah stipulations issued by the Shari'ah Supervisory Board. The Advice from Shari'ah Supervisory Board and Bank Indonesia are worth taking for the betterment of Bank Shari'ah Mandiri in near future.

Jakarta, 25 April 2003

**The Shari'ah Supervisory Board**

**Prof. KH. Ali Yafie**
Chairman

**Prof. Dr. H. Said Agil Husin Almunawar, MA**
Member

**Drs. H. Mohammad Hidayat, MBA**
Member

**M. Syafi'i Antonio. MEc**
Member

www.pathagar.com

# যৌথ শারী'আহ্ বোর্ড গঠন

প্রতিটি ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে একটি স্বতন্ত্র শারী'আহ্ বোর্ড থাকার প্রয়োজনীয়তার কথা পূর্বে আলোচিত হয়েছে। তবে যেদেশে একাধিক ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান রয়েছে সেই দেশে সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব শারী'আহ্ বোর্ডের পাশাপাশি সকল ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডগুলোর সমন্বয়ে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটি যৌথ বা কেন্দ্রীয় শারী'আহ্ বোর্ডের প্রয়োজনীয়তা রয়েছে। প্রতিটি ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান এ কেন্দ্রীয় শারী'আহ্ বোর্ডের সদস্য হিসেবে বিবেচিত হবে। ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানগুলোর শারী'আহ্ বোর্ডসমূহের চেয়ারম্যান ও সদস্য সচিবগণ পদাধিকার বলে উক্ত কেন্দ্রীয় শারী'আহ্ বোর্ডের সদস্য হিসেবে গণ্য হতে পারেন।

কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ডের চেয়ারম্যান বা সদস্য সচিব নন তবে ফিকহুল মু'আমালাত বিষয়ে অভিজ্ঞতা রয়েছে এমন এক বা একাধিক ব্যক্তিকেও কেন্দ্রীয় শারী'আহ্ বোর্ডের সদস্য হিসেবে মনোনয়ন দেয়া যেতে পারে। এ মনোনয়ন কেন্দ্রীয় শারী'আহ্ বোর্ডের সদস্যদের মতামতের ভিত্তিতে সম্পন্ন হওয়া বাঞ্ছনীয়। উচ্চ ক্ষমতাসম্পন্ন এ কেন্দ্রীয় শারী'আহ্ বোর্ডের স্বাধীনভাবে মতামত প্রকাশ করা, বিভিন্ন ইসলামী ব্যাংকের কর্মকাণ্ড তদারক করা, সদস্য ব্যাংকসমূহের শারী'আহ্ অডিট পরিচালনা করা এবং বিভিন্ন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ডসমূহের মতামত ও সিদ্ধান্তাবলীর মধ্যে সমন্বয় সাধন করার অধিকার থাকতে হবে। যৌথভাবে গঠিত এ কেন্দ্রীয় শারী'আহ্ বোর্ডের যাবতীয় খরচ ব্যাংকসমূহ যৌথভাবে বহন করবে।

ওআইসি'র 'ইসলামিক ফিক্বহ্ একাডেমী' তার ৮ম অধিবেশনে এ সম্পর্কে নিম্নোক্ত সুপারিশ পেশ করে ঃ

"دعوة البنوك الإسلامية الى تنسيق نشاط هيئات الرقابة الشرعية

لديها، سواء بتجديد عمل الهيئة العليا للرقابة الشرعية للبنوك

www.pathagar.com

الإسلامية أم عن طريق إيجاد هيئة جديلة بما يكفل الوصول إلى معايير موحلة لعمل الهيئات الشرعية في البنوك الإسلامية.'' ١٨٢

*"Islamic Bank should be invited to coordinate the actions of their bureaux or bodies controlling the implementation of Shari'ah under the Islamic Banks. This may be done either throuth the reactivating of the Islamic Banks Supreme Shari'ah Control Authority or through the initiation or a new body, in such a way as to ensure standardisation of critaria for the Shari'ah bodies (bureaux) in islamic banks."* [183]

অর্থাৎ "ইসলামী ব্যাংকগুলোর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডসমূহের কর্মকাণ্ডের মধ্যে সমন্বয় সাধনের জন্য ইসলামী ব্যাংকসমূহকে আহ্বান জানানো। এ কাজটি ইসলামী ব্যাংকসমূহের উচ্চতর শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডের কার্যক্রম পুনরুজ্জীবিত করা অথবা এমন এক নতুন সংস্থা গঠনের মাধ্যমে বাস্তবায়িত হতে পারে যে সংস্থা ইসলামী ব্যাংকসমূহের শারী'আহ্ বোর্ডগুলোর কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে একটি একক মানদণ্ড তৈরিতে সক্ষম।"

## সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ

বাংলাদেশে প্রথম ইসলামী ব্যাংকিং কার্যক্রম শুরু হয় ১৯৮৩ সালে 'ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড' প্রতিষ্ঠার মাধ্যমে। এ ব্যাংকের অভাবনীয় সাফল্যের প্রেক্ষিতে কেন্দ্রীয় ব্যাংকের অনুমোদন ও সহযোগিতায় এরপর থেকে বাংলাদেশে নতুন নতুন শারী'আহ্ভিত্তিক ব্যাংক প্রতিষ্ঠিত হতে থাকে। এছাড়াও দেশে প্রতিষ্ঠিত কয়েকটি কনভেনশনাল ব্যাংক তাদের 'ইসলামী ব্যাংকিং শাখা' চালুর মাধ্যমে ইসলামী ব্যাংকিং-এর অগ্রযাত্রায় সামিল হয়।

---

182. Resolutions and Recommendations No : 76 (7/8) from the 8th conference of the OIC Islamic Fiqh Academy held in Bandar Seri Begawan (Brunei Darussalam) on 1st-7th Muharram, 1414 H; Corresponding to 21st 27th June, 1993 (আরবী সংস্করণ)।

183. প্রাগুক্ত। (ইংরেজি সংস্করণ)।

www.pathagar.com

ইসলামী ব্যাংকের সংখ্যা বৃদ্ধির সাথে সাথে ইসলামী ব্যাংকিং কর্মকাণ্ডের পরিসরও দ্রুত বিস্তার লাভ করতে থাকে। ফলে বাংলাদেশে কর্মরত ইসলামী ব্যাংকসমূহ ও ইসলামী ব্যাংকিং শাখাসমূহের মধ্যে পারস্পরিক সৌহার্দ্য ও সম্প্রীতি গড়ে তোলা এবং ইসলামী ব্যাংকিং-এর সঠিক ও পরিপূর্ণ বাস্তবায়নের নিমিত্তে সম্মিলিতভাবে যৌথ ও একক সিদ্ধান্ত প্রণয়ন করা সময়ের অপরিহার্য দাবিতে পরিণত হয়। এর ফলশ্রুতিতে ১৯৯৭ ঈসায়ী সালে বাংলাদেশ ব্যাংক ইসলামী ব্যাংকসমূহের প্রধান নির্বাহীবৃন্দকে ইসলামী ব্যাংকিং-এর গতিশীলতা বৃদ্ধিকরণের লক্ষ্যে কয়েকটি সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করে।

ইসলামী ব্যাংকিং নিয়মাচার নিশ্চিতকরণের পাশাপাশি বিভিন্ন শারী'আহ্ ইস্যুতে সম্মিলিতভাবে একক ও সামঞ্জস্যপূর্ণ নীতি-সিদ্ধান্ত (ফত্ওয়া) গ্রহণ ও বাস্তবায়ন করার জন্য ইসলামী ব্যাংকসমূহের শরীয়াহ্ বোর্ড বা কাউন্সিলসমূহের সমন্বয়ে একটি যৌথ শরীয়াহ্ বোর্ড গঠনের ব্যাপারে বাংলাদেশ ব্যাংক উক্ত নির্দেশনাপত্রে ইসলামী ব্যাংকসমূহের দৃষ্টি আকর্ষণ করে। নির্দেশনাপত্রে প্রদত্ত বাংলাদেশ ব্যাংকের বক্তব্য নিম্নরূপ ঃ

> *"ইসলামী ব্যাংকসমূহের প্রত্যেকের নিজস্ব শরীয়াহ্ বোর্ড বা কাউন্সিল স্ব স্ব ক্ষেত্রে ইসলামী ব্যাংকিং নিয়মাচার নিশ্চিতকরণের পাশাপাশি বিভিন্ন শারী'আহ্ ইস্যুতে সম্মিলিতভাবে একক ও সামঞ্জস্যপূর্ণ নীতি-সিদ্ধান্ত (ফত্ওয়া) গ্রহণ ও বাস্তবায়ন করা একান্ত প্রয়োজন। এজন্য ইসলামী ব্যাংকসমূহের শরীয়াহ্ বোর্ড বা কাউন্সিলসমূহের সমন্বয়ে একটি যৌথ শর'য়াহ্ বোর্ড (Common Shari'ah Board) গঠন করা যায় কি না সে ব্যাপারে বিচার-বিবেচনা করা যেতে পারে।"*[184]

বাংলাদেশ ব্যাংক থেকে উক্ত নির্দেশনা প্রাপ্তির পর থেকেই একটি যৌথ শরীয়াহ্ বোর্ড বা সম্মিলিত শরীয়াহ্ বোর্ড গঠনের জন্য ইসলামী ব্যাংকসমূহ বিভিন্নভাবে উদ্যোগ-প্রচেষ্টা অব্যাহত রাখে। অতঃপর ২০০১ ঈসায়ী সালের ১৬ আগস্ট তারিখে 'ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড' এবং 'ইসলামিক ব্যাংকস্ কনসালটেটিভ ফোরাম' (আইবিসিএফ)-এর সম্মানিত চেয়ারম্যান জনাব শাহ্ আব্দুল হান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় ইসলামী ব্যাংকসমূহ একটি যৌথ শরীয়াহ্ বোর্ড গঠনে একমত হয়।

---

184. বাংলাদেশ ব্যাংকের জারিকৃত পত্র নং-গবি(পিআইইডি) ইঅসে-১/৯৭/২০-২৫, তারিখ ৫ই মার্চ, ১৯৯৭ ইং।

www.pathagar.com

ঐতিহাসিক উক্ত সভার যুগান্তকারী এক সিদ্ধান্তে সেদিন-ই প্রতিষ্ঠিত হয় 'বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহের কেন্দ্রীয় শরীয়াহ্ বোর্ড' বা 'সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ'।[185]

বাংলাদেশে ইসলামী ব্যাংকিং সেবা প্রদানকারী ব্যাংকসমূহের শরীয়াহ্ কাউন্সিল/বোর্ডের চেয়ারম্যান ও সদস্য সচিববৃন্দ এবং উক্ত ব্যাংকসমূহের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী সভাপতিগণ পদাধিকারবলে 'সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ'-এর সদস্য।

## সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড-এর কার্যাবলী

বাংলাদেশে ইসলামী ব্যাংকিং পরিচালনায় শারী'আহ্ নীতিমালার একই পদ্ধতি ও সর্বসম্মত কর্মপন্থা অনুসরণে সদস্য ব্যাংকসমূহকে সহযোগিতা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান, ইসলামী ব্যাংকিং বিষয়ক বই-পুস্তক-জার্নাল সংগ্রহ, সংরক্ষণ, প্রকাশ ও অনুবাদ, শারী'আহ্ বিষয়ক প্রশিক্ষণ ও গবেষণাকর্ম পরিচালনা, সদস্য ব্যাংকসমূহের কর্মকাণ্ডে শারী'আহ্ নীতিমালার বাস্তবায়ন তত্ত্বাবধান করা, শারী'আহ্ বিষয়ক সেমিনার-সিম্পোজিয়াম ও মতবিনিময় সভার আয়োজন করা ইত্যাদি 'সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ'-এর কার্যক্রমের অন্তর্ভুক্ত।

সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশের উপবিধিতে প্রদত্ত বর্ণনার আলোকে এ বোর্ডের কার্যক্রম নিম্নরূপ ঃ

*ক. ব্যাংকিং কার্যক্রমে শারী'আহ্ সংক্রান্ত বিষয়ে এবং প্রয়োজনে অন্যান্য বিষয়ক শারী'আহ্ দৃষ্টিভঙ্গি সম্পর্কে সদস্য ব্যাংকসমূহকে পরামর্শ প্রদান করা।*

*খ. সদস্য ব্যাংকসমূহের যাবতীয় কার্যক্রম শারী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা পরীক্ষা-নিরীক্ষা করার জন্য সদস্য ব্যাংকের প্রধান কার্যালয় বা শাখা পরিদর্শন করা।*

*গ. শারী'আহ্ সংক্রান্ত বিষয় ছাড়াও অন্যকোন বিষয়ে সদস্যভুক্ত কোন ব্যাংকের শরীয়াহ্ কাউন্সিল, বোর্ড অব ডিরেক্টরস্ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মতামতের জন্য প্রেরণ করলে সে বিষয়ে মতামত ব্যক্ত করা।*

---

185. কার্যবিবরণী, ১ম সভা, সেন্ট্রাল শরীয়াহ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ।

www.pathagar.com

ঘ. *কোন বিষয়ে সালিশীর দায়িত্ব অর্পিত হলে তা পালন করা।*

ঙ. *সদস্যভুক্ত ব্যাংকসমূহে কর্মরত জনশক্তিকে প্রশিক্ষণের মাধ্যমে শারী'আহ্ বিষয়ে পারদর্শী করে তুলতে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করা।*

চ. *অন্যকোন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/সাধারণ প্রতিষ্ঠান ব্যাংকিং বা অর্থনৈতিক কোন বিষয়ে ইসলামী দৃষ্টিভঙ্গি জানতে চাইলে সেই বিষয়ে মতামত প্রদান করা।*[186]

'সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ'-এর অর্গানোগ্রামে প্রদত্ত বর্ণনার আলোকে এ বোর্ডের আরও উল্লেখযোগ্য কয়েকটি কার্যক্রম হলো ঃ

ছ. *সদস্য ব্যাংকসমূহের নির্দেশিত শাখা পরিদর্শন ও নিরীক্ষা করা, পরিদর্শন প্রতিবেদন সুপারিশসহ তৈরি করে যথানিয়মে বোর্ডে প্রেরণ করা, ফলোআপ ও সংশোধনের অগ্রগতি পর্যালোচনা করে তা বোর্ডকে অবহিত করা এবং সদস্য ব্যাংকসমূহের শারী'আহ্ পরিপালন (কমপ্লায়েন্স) নিশ্চিত করা।*

জ. *সদস্য ব্যাংকের জনশক্তিকে শারী'আহ্ ব্যাংকিং বিষয়ে প্রশিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন করা, বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কোর্স ডিজাইন করা এবং প্রশিক্ষণ কোর্সসমূহ আয়োজন ও ব্যবস্থাপনায় সার্বিক দায়িত্ব পালন করা।*

ঝ. *ব্যাংকিং বিষয়ক সেমিনার-সিম্পোজিয়াম আয়োজন করা।*

ঞ. *রেফারেন্স বুক স্টাডি করে সদস্য ব্যাংকের উপস্থাপিত সমস্যা সমাধানের চেষ্টা করা।*

ত. *সদস্য ব্যাংকের শারী'আহ্ পরিপালনে বর্তমান অবস্থান ও সমস্যা চিহ্নিত করা এবং সুপারিশ পেশ করা।*

---

186. উপবিধি, সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ, ধারা-৪।

www.pathagar.com

*থ. বিদেশী ভাষায় প্রকাশিত ব্যাংকিং বিষয়ক পুস্তক, লিফলেট, বুকলেট অনুবাদ ও সম্পাদনা করা।*

*দ. ইসলামী ব্যাংকিং সংক্রান্ত ডাটা সংগ্রহ, এন্ট্রি, প্রসেস ও স্টোরেজ করা, প্রয়োজনে সরবরাহ করা।*

*ধ. ব্যাংকিং বিষয়ে প্রকাশিত তথ্য ও পুস্তক সংগ্রহ করা এবং সচিবালয় প্রণীত/সম্পাদিত/অনূদিত পুস্তক, জার্নাল, ম্যানুয়েল, লিফলেট প্রকাশ, বিতরণ ও সংরক্ষণ করা।"* [187]

## বাংলাদেশের শারী'আহ্ কাউন্সিল/বোর্ডসমূহের অবস্থান

বাংলাদেশে প্রচলিত ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের মধ্যে মাত্র কয়েকটি প্রতিষ্ঠানে শারী'আহ্ নিরীক্ষা (Audit) হয়ে থাকে। বাকিগুলোতে এ গুরুত্বপূর্ণ কাজ এখনও শুরুই হয়নি।

শারী'আহ্ বোর্ডের এ গুরুত্বপূর্ণ কাজটি বাস্তবায়ন করে থাকে শরীয়াহ্ কাউন্সিলে কর্মরত মুরাক্বিবগণ। এ কাজ তদারকি করে থাকে শরীয়াহ্ কাউন্সিল সচিবালয়। বাংলাদেশে প্রচলিত ইসলামী ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের অধিকাংশের কোন মুরাক্বিব নেই বা থাকলেও চাহিদার তুলনায় তা অপ্রতুল।

শরী'আহ্ কাউন্সিল সচিবালয়ের কর্মকাণ্ড সমন্বয়ের জন্য এবং কাউন্সিল সচিবালয়ের গুরুত্বপূর্ণ কার্যাবলী আঞ্জাম দেয়ার জন্য প্রয়োজন পর্যাপ্ত আনুষঙ্গিক সাপোর্ট। অথচ অনেক প্রতিষ্ঠানে শরীয়াহ্ কাউন্সিলের জন্য আলাদা কোন অফিস পর্যন্ত নেই। নেই কোন আলাদা জনশক্তি, যারা কাউন্সিলের সিদ্ধান্তাবলী রেকর্ড ও সংরক্ষণ করবেন এবং বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন।

আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিধানমতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের 'শারী'আহ্ কাউন্সিল বা বোর্ড' ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণের বাইরের ফিকহুল মু'আমালাত বিষয়ে বিশেষজ্ঞ ফক্বীহগণের সমন্বয়ে গঠিত একটি স্বতন্ত্র ও স্বাধীন সংস্থা হলেও বাংলাদেশের বেশ কয়েকটি ব্যাংকের শারী'আহ্ কাউন্সিলের সদস্য সচিবের দায়িত্ব পালন করছেন নন-ফক্বীহ ও ফিকহুল মু'আমালাত বিষয়ে অজ্ঞ ব্যক্তিবর্গ।

---

187. অনুমোদিত অর্গানোগ্রাম, ৫ম সভার কার্যবিবরণী, সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ।

www.pathagar.com

শারী'আহ্ কাউন্সিলের উপর ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিয়ন্ত্রণ পাকাপোক্ত করার জন্য কয়েকটি ব্যাংকে প্রধান নির্বাহী কর্মকর্তা বা এমডি সাহেবকেও সদস্য সচিব করতে দেখা গেছে। কোন কোন ব্যাংকের শারী'আহ্ বোর্ড উক্ত ব্যাংকের পরিচালকগণের অনেককেই সদস্য হিসেবে দেখা যায়। যেখানে আন্তর্জাতিকভাবে স্বীকৃত স্টান্ডার্ডে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন পরিচালক বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কারো শারী'আহ্ বোর্ডের সদস্য হওয়ার ব্যাপারে সুস্পষ্ট নিষেধাজ্ঞা রয়েছে সেক্ষেত্রে কোন পরিচালক বা ব্যবস্থাপনা পরিচালকের উক্ত বোর্ডের সদস্য হওয়া বা সদস্য সচিব হওয়া শুধু অযৌক্তিক বিষয়ই নয় বরং অনেকটা হাস্যকরও বটে।

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জনশক্তিকে শারী'আহ্ভিত্তিক ব্যাংকিং সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদেরকে ইসলামী ব্যাংকার হিসেবে গড়ে তোলার যে মহান দায়িত্ব শারী'আহ্ বোর্ডের উপর রয়েছে সে দায়িত্ব পালনেও বাংলাদেশের বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ডগুলো সফল হতে পারেনি। একটিমাত্র ব্যাংকের শারী'আহ্ বোর্ড সেই ব্যাংকের জনশক্তিকে প্রশিক্ষিত করে গড়ে তোলার জন্য কিছু প্রশিক্ষণ প্রোগ্রামের ব্যবস্থা করলেও অন্যকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ড এ ধরনের কোন দায়িত্ব পালন করছে বলে কোন তথ্য আমাদের জানা নেই।

ব্যাংক গ্রাহকদের সাথে যেসব চুক্তিতে আবদ্ধ হয় সেসব চুক্তি শারী'আহ্র দৃষ্টিকোণ থেকে খুবই গুরুত্বপূর্ণ। এগুলো শুদ্ধ না হলে লেনদেনের শুদ্ধতাই সন্দেহপূর্ণ রয়ে যায়। এজন্য এ চুক্তিপত্র ও আনুসঙ্গিক কাগজপত্র ফিক্হুল মু'আমালাতের আলোকে যাচাই-বাছাই করে তা অনুমোদনের দায়িত্ব সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ডের। অথচ বাংলাদেশে প্রচলিত ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানসমূহের কোন একটির চুক্তিপত্রও সেই প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ড কর্তৃক অনুমোদিত নয়।

যুগের পরিবর্তনের সাথে সাথে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রমের রূপ ও ধরনের পরিবর্তন হয়। শারী'আহ্ বোর্ডের একটি অন্যতম প্রধান দায়িত্ব হলো প্রতিযোগিতামূলক বিশ্বে পরিবর্তিত প্রেক্ষাপটে যুগের চাহিদা পূরণের লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য শারী'আহ্ভিত্তিক নতুন নতুন প্রোডাক্ট উদ্ভাবন করা। এক্ষেত্রেও বাংলাদেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের শারী'আহ্ বোর্ডগুলোর ভূমিকা ততটা সন্তোষজনক নয়।

www.pathagar.com

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে নতুন কোন প্রোডাক্ট চালু করতে হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ড থেকে তা অনুমোদন করিয়ে নেয়ার বিধান থাকা সত্ত্বেও অনেক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে নতুন প্রোডাক্ট চালুর সময়ে সে সম্পর্কে প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ড কোন ধরনের ধারণা লাভই করতে পারে না।

ইসলামী ব্যাংকিং বিষয়ে গণসচেতনতা সৃষ্টিতে শারী'আহ্ বোর্ডসমূহের ভূমিকা উল্লেখযোগ্য। বলা যায় ধর্মপ্রাণ মুসলিম অধ্যুষিত এদেশে জনসচেতনতা বা জনপ্রিয়তা অর্জনে শারী'আহ্ বোর্ড যথেষ্ট ভূমিকা পালন করছে বা সংশ্লিষ্ট কোম্পানী তাদের ব্যবসার ইসলামী পরিচিতিদানের মাধ্যম হিসেবে এ শারী'আহ্ বোর্ডকে ব্যবহার করছে।

বাংলাদেশে আইনগতভাবে শারী'আহ্ বোর্ডগুলোর কোন অবস্থান নেই বললেই চলে। আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ও সোস্যাল ইনভেস্টমেন্ট ব্যাংক লিমিটেড ব্যতীত অন্যকোন ব্যাংকের Memorandum and Article of Association-এ শারী'আহ্ কাউন্সিল বা বোর্ড সম্পর্কে কোন বক্তব্য নেই। এ তিনটি ব্যাংকের Memorandum and Article of Association-এ শারী'আহ্ বোর্ড বা কাউন্সিল সম্পর্কে যৎসামান্য কথা থাকলেও তা ইসলামী ব্যাংকিং কনসেপ্টে আন্তর্জাতিকভাবে স্বীকৃত শারী'আহ্ বোর্ডের অবস্থান ও মর্যাদার সাথে সঙ্গতিপূর্ণ নয়। 'ব্যাংক কোম্পানী আইন' বা অন্যকোন আইনে শারী'আহ্ বোর্ড সম্পর্কে কোন বক্তব্য না থাকায় এ বোর্ডের সিদ্ধান্ত মানা বা না মানা সম্পর্কে কোম্পানীগুলোর আইনগত কোন বাধ্যবাধকতা নেই।

ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানসমূহের শারী'আহ্ বোর্ডগুলো পরিচালিত হয় কোম্পানী কর্তৃক রচিত 'বাইলজ' বা 'উপবিধি' অনুসারে। ফলে শারী'আহ্ অনুযায়ী ব্যবসা পরিচালনার ক্ষেত্রে কোম্পানীসমূহের যথাযথ জবাবদিহিতা ও বাধ্যবাধকতা থাকে না। এরূপ প্রেক্ষিতে কোন প্রতিষ্ঠান যদি শারী'আহ্ পরিপালনে আন্তরিক না হয়, শারী'আহ্ নীতিমালা অনুযায়ী কার্যক্রম না চালায় তাহলে সাধারণ গ্রাহকদের ধর্মের নামে প্রতারিত হওয়ার আশংকা থেকে যায়।

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে পুরোপুরি শারী'আহ্ অনুযায়ী পরিচালিত করতে হলে সেই প্রতিষ্ঠানের নীতিনির্ধারণী ফোরামে শারী'আহ্ বিশেষজ্ঞ থাকা বাঞ্ছনীয়। বাংলাদেশের ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের নীতিনির্ধারণী ফোরামে শারী'আহ্ বিশেষজ্ঞ নেই বললেই চলে।

www.pathagar.com

বর্তমানকালের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে প্রচলিত বিভিন্ন প্রোডাক্ট ও মেকানিজম যাচাই-বাছাই ও নতুন প্রোডাক্ট উদ্ভাবনে বাংলাদেশের কোন শারী'আহ্ বোর্ড আদৌ কোন গবেষণাকর্ম পরিচালনা করেছে বলে আমাদের জানা নেই।

আন্তর্জাতিকভাবে স্বীকৃত স্ট্যান্ডার্ডে যেকোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের 'লাভ-লোকসান হিসাব' তথা 'ব্যালেন্স শীট' সেই প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ড কর্তৃক অনুমোদন করিয়ে নেয়ার বিধান থাকলেও বাংলাদেশে গুটিকয়েক প্রতিষ্ঠান এ কাজটি করে থাকে।

বাংলাদেশে 'ফিকহুল মু'আমালাত' বিষয়ে পড়াশোনা, গবেষণা ও অধ্যয়নের সুযোগ কম থাকায় আধুনিক ব্যবসা-বাণিজ্য ও ব্যাংকিং কার্যক্রম সম্পর্কে ওয়াকিফহাল এবং এ অঙ্গনে বিরাজমান বিভিন্ন পন্থা-প্রক্রিয়া সম্পর্কে শার'ঈ মতামত প্রদানের যোগ্যতাসম্পন্ন ফক্বীহ্‌র দারুণ অভাব। এদেশের শিক্ষাব্যবস্থার কোন পর্যায়েই 'আধুনিক ফিকহুল মু'আমালাত' বিষয়ে পড়াশোনার পর্যাপ্ত সুযোগ নেই। আমার জানামতে বাংলাদেশের দু'একটি সরকারী বিশ্ববিদ্যালয় এবং কয়েকটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ে উক্ত বিষয়ে পড়াশোনার সামান্য সুযোগ থাকলেও চাহিদা ও প্রয়োজনের তুলনায় তা যথেষ্ট নয়।

আলীয়া ও কাওমী মাদ্‌রাসাগুলোর সিলেবাসে রয়েছে ফিক্বহের প্রাচীন কিতাবাদি। আধুনিক ফিক্বহের কিতাবসমূহ উক্ত দু'ধরনের মাদরাসা শিক্ষাব্যবস্থার কোনটির সিলেবাসেই নেই। কাওমী মাদরাসা শিক্ষা-পদ্ধতিতে পরিচালিত ইসলামিক রিসার্চ সেন্টার, বসুন্ধরায় অতি সম্প্রতি ফিকহুল মু'আমালাত বিষয়ে বিশেষ কোর্স চালু করা হয়েছে। তবে অন্যান্য কাওমী মাদ্‌রাসাগুলোতে এ বিষয়টি আজও উপেক্ষিত রয়ে গেছে। ফলে এদেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ যথাযথ যোগ্যতাসম্পন্ন ফক্বীহ্‌গণের খেদমত গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে।

www.pathagar.com

# প্রস্তাবনা

বাংলাদেশের ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে পূর্ণাঙ্গভাবে শারী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালিত করতে হলে সংশ্লিষ্ট শারী'আহ্ বোর্ডকে আরও সক্রিয় ও কার্যকর ভূমিকা পালন করতে হবে। সার্বিকভাবে বর্তমান অবস্থার উন্নয়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাবসমূহ উপস্থাপন করছি ঃ

১. একটি পৃথক 'ইসলামী ব্যাংক কোম্পানী আইন' প্রণয়ন করা এবং তাতে Accounting and Auditing Organization for Islamic Financial Institutions (AAOIFI) কর্তৃক প্রণীত এবং Islamic Development Bank (IDB) কর্তৃক সমর্থিত স্ট্যান্ডার্ড অনুযায়ী 'শারী'আহ্ বোর্ড' গঠনের বাধ্যবাধকতা সম্পর্কিত ধারা সংযোজন করা।

২. বাংলাদেশের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম শারী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না তা সার্বক্ষণিক তত্ত্বাবধান এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকে যথাযথ যোগ্যতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক জনবলের সমন্বয়ে একটি পৃথক 'ইসলামিক ব্যাংকিং ডিপার্টমেন্ট' চালু করা।

৩. শারী'আহ্ বোর্ড হবে ব্যাংকের শারী'আহ্ বিষয়ক সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম। কার্যক্রম পরিচালনার সুবিধার্থে শারী'আহ্ বোর্ডের নিজস্ব উপবিধি প্রণয়ন করার বিধান করা।

৪. ফিকহুল মু'আমালাত বিষয়ে অভিজ্ঞ এবং আধুনিক ব্যাংকিং বিষয়ে ধারণা রাখেন এমন ফক্বীহ্ সদস্যকে শারী'আহ্ বোর্ডের সদস্য সচিব হিসেবে নিয়োগ দান এবং তাকে স্বাধীনভাবে কাজ করার সুযোগ প্রদান করা।

৫. ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের কোন সদস্য বা ব্যবস্থাপনা কর্তৃপক্ষের কাউকে শারী'আহ্ বোর্ডের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত না করা।

৬. বিভিন্ন শারী'আহ্ বোর্ডে সদস্য হিসেবে দায়িত্ব পালনরত সম্মানিত ফক্বীহ্ সদস্যগণকে 'আধুনিক ব্যাংকিং ও ফিকহুল মু'আমালাত' বিষয়ে আরও প্রশিক্ষণ গ্রহণ এবং জ্ঞান অর্জন করা।

www.pathagar.com

৭. শারী'আহ্ বোর্ডের কাজকে গতিশীল ও তাৎপর্যপূর্ণ করার জন্য প্রত্যেক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ বোর্ডের জন্য পৃথক সচিবালয়, অফিসকক্ষ, প্রয়োজনীয় সংখ্যক স্টাফ ও আনুষঙ্গিক সুযোগ-সুবিধা নিশ্চিত করা।

৮. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে শারী'আহ্ পালন নিশ্চিতকরণের জন্য প্রত্যেক প্রতিষ্ঠানে পর্যাপ্ত সংখ্যক যোগ্য ও দক্ষ মুরাক্বিব নিয়োগ এবং স্বাধীনভাবে তাদের দায়িত্ব পালনের সুযোগ প্রদান করা।

৯. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জনশক্তিকে শারী'আহ্ বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য শারী'আহ্ বোর্ডের তত্ত্বাবধানে ব্যাপকভাবে এ বিষয়ক প্রশিক্ষণ প্রোগ্রামের আয়োজন এবং কর্মরত জনশক্তির নৈতিক মান বৃদ্ধির জন্য বিভিন্ন শিক্ষামূলক প্রোগ্রাম বাস্তবায়ন করা।

১০. ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের চুক্তিপত্র ও অন্যান্য কাগজপত্র শারী'আহ্ বোর্ড থেকে ফিকহুল মু'আমালাতের আলোকে অনুমোদন করিয়ে নেয়া।

১১. প্রতিযোগিতামূলক বিশ্বে পরিবর্তিত প্রেক্ষাপটে যুগের চাহিদা পূরণার্থে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে নতুন নতুন প্রোডাক্ট উদ্ভাবন এবং তা বাস্তবায়ন করা। এ লক্ষ্যে শারী'আহ্ বোর্ডসমূহের পক্ষ থেকে ব্যাপকভাবে গবেষণাকর্ম পরিচালনা করা।

১২. দেশের শিক্ষাব্যবস্থায় 'ইসলামী ব্যাংকিং' বিষয়ক পড়াশোনার সুযোগ সৃষ্টি, 'ফিকহুল মু'আমালাত'কে শিক্ষাব্যবস্থায় অন্তর্ভুক্তিকরণ এবং 'ইসলামী অর্থনীতি ও ব্যাংকিং' বিষয়ে অনার্স ও মাস্টার্স কোর্স চালু করা।

১৩. মাদ্‌রাসা শিক্ষাব্যবস্থায় প্রচলিত ফিক্বহের প্রাচীন কিতাবগুলোকে রেফারেন্স বুক হিসেবে রেখে আধুনিক ফিক্বহের কিতাবাদি টেক্সট্‌বুক হিসেবে অন্তর্ভুক্তিকরণ এবং 'ইসলামী অর্থনীতি ও ব্যাংকিং' বিষয়ে কামিল ও দাওরা কোর্স প্রচলন করা।

www.pathagar.com

# উপসংহার

কোন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে পরিপূর্ণ শারী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে হলে তার পরিচালনা কর্তৃপক্ষের সদিচ্ছা একান্ত প্রয়োজন। বাংলাদেশে যে সকল ইসলামী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান রয়েছে সেগুলোর পরিচালনা পর্ষদ-এর সম্মানিত সদস্যবৃন্দ তাদের প্রতিষ্ঠানকে পরিপূর্ণ শারী'আহ্ নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে খুবই আন্তরিক বলে আমার দৃঢ় বিশ্বাস। কিন্তু এ সকল প্রতিষ্ঠানের শারী'আহ্ বোর্ড সম্পর্কে তাদের স্পষ্ট ধারণার অভাবে এতদিন শারী'আহ্ সুপারভাইজরী বোর্ড ও এর আনুষঙ্গিক কিছু বিষয় সকলের নজর এড়িয়ে গেছে।

অতএব, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এ সকল প্রতিষ্ঠান পরিচালনায় আন্তর্জাতিক স্ট্যান্ডার্ড অনুসরণে এগিয়ে আসবেন–এটাই আমাদের সকলের প্রত্যাশা। সাথে সাথে যোগ্য মুরাক্বিব নিয়োগ প্রদান এবং ফিকহুল মু'আমালাত বিষয়ে অভিজ্ঞ ফক্বীহ্ সদস্যবর্গের সমন্বয়ে গঠিত শারী'আহ্ সুপারভাইজরী বোর্ডকে স্বাধীনভাবে কাজ করার সুযোগদানের বিষয়টির প্রতিও যথাযথ গুরুত্ব প্রদান করবেন–এটাই আমাদের সকলের একান্ত কাম্য। ❒

www.pathagar.com

# লেখক পরিচিতি

মোঃ মুখলেছুর রহমান-এর জন্ম শেরপুর জেলার অন্তর্গত নালিতাবাড়ি থানার গোবিন্দনগর গ্রামে ১৯৭০ সালে। নিজ গ্রামের সরকারী প্রাথমিক বিদ্যালয়ে তাঁর শিক্ষাজীবন শুরু। পঞ্চম শ্রেণী পাস করে তিনি পবিত্র কুরআন হিফজ্ সম্পন্ন করেন।

অতঃপর ঢাকার জামিয়া কুরআনিয়া আরাবিয়া লালবাগ মাদ্রাসায় দু'বছর এবং ময়মনসিংহ জামিয়া ইসলামিয়া ও ঢাকাস্থ ফরিদাবাদ মাদরাসায় ১ বছর করে পড়ালেখা করেন। তিনি বাংলাদেশ কাওমী মাদ্রাসা বোর্ডের অধীনে المرحلة الابتدائية-তে পরীক্ষায় অংশ নিয়ে প্রথম স্থান লাভ করেন।

১৯৮৯ সালে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে মুক্তাগাছা আব্বাসিয়া আলিয়া মাদ্রাসা থেকে দাখিল (এসএসসি সমমান) পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়ে ভর্তি হন ঢাকার তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসায়। সেখান থেকে আলিম (এইচএসসি সমমান), ফাযিল এবং কামিল ডিগ্রি অর্জন করেন। ফাযিল ও কামিল পরীক্ষায় তিনি সম্মিলিত মেধা তালিকায় যথাক্রমে ষষ্ঠ ও পঞ্চম স্থান অধিকার করেন। এখানে অধ্যয়নকালে তিনি তা'মীরুল মিল্লাত মাদরাসা ছাত্র সংসদের সাহিত্য সম্পাদক, এজিএস ও জিএস নির্বাচিত হয়ে ছাত্রদের বিভিন্ন সমস্যা সমাধানে বলিষ্ঠ ভূমিকা পালন করেন এবং ছাত্রদের বহুমুখী প্রতিভা বিকাশে বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করেন।

১৯৯১-৯২ শিক্ষাবর্ষে তিনি ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়ায় ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগে ভর্তি হয়ে কিছুদিন ক্লাস করেন, তবে বিভিন্ন প্রতিকূলতার কারণে ফিরে এসে ভর্তি হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগে। সেখান থেকে তিনি ১৯৯৬ সালে বিএ অনার্স পরীক্ষায় প্রথম শ্রেণীতে চতুর্থ এবং ১৯৯৮ সালে মাস্টার্স পরীক্ষায় প্রথম শ্রেণীতে তৃতীয় স্থান অধিকার করেন।

পাশাপাশি তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা ইনস্টিটিউট থেকে প্রথম শ্রেণীতে প্রথম হয়ে আরবী ভাষায় ডিপ্লোমা ও হায়ার ডিপ্লোমা লাভ করেন। বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর (বিএনসিসি) রমনা রেজিমেন্টের একজন ক্যাডেট হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে জুনিয়র ও সিনিয়র সমরবিজ্ঞান পরীক্ষায়ও তিনি কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন।

১৯৯৩ সালে ইমাম সউদ ইসলামী বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ঢাকায় অনুষ্ঠিত শারী'আহ্ বিষয়ক এক গুরুত্বপূর্ণ কোর্সে অংশ নিয়ে তিনি Excellent মার্ক পেয়ে কোর্স সম্পন্ন করেন এবং পরবর্তী বছর অনুষ্ঠিত কোর্সে তিনি কোর্স পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন। তিনি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত 'আরবী ভাষা শিক্ষা কোর্স' (CALP)-এর সূচনালগ্ন থেকে টিভি প্রোগ্রামের একজন Performer এবং

www.pathagar.com

বিটিভিসহ বিভিন্ন স্যাটেলাইট টিভি চ্যানেলে ইসলামী অনুষ্ঠানে উপস্থাপক ও আলোচক হিসেবে অংশ নিয়ে আসছেন।

অনার্স ডিগ্রি লাভের পর ১৯৯৬ সালে তিনি জামিয়া দ্বীনিয়া, টঙ্গীর প্রিন্সিপাল হিসেবে কর্মজীবনে প্রবেশ করেন। পরের বছর উক্ত প্রতিষ্ঠান তা'মীরুল মিল্লাত মাদ্‌রাসার টঙ্গী শাখায় রূপান্তরিত হলে তিনি এ শাখার দায়িত্ব গ্রহণ করেন এবং এক বছর দায়িত্ব পালন করেন।

১৯৯৮ সালের ১ মার্চ তিনি আল-আরাফাহ্ ইসলামী ব্যাংকে প্রবেশনারী অফিসার হিসেবে যোগদান করেন। ব্যাংকের ভিআইপি রোড ও নবাবপুর রোড শাখাসহ প্রধান কার্যালয়ে তিনি বিভিন্ন বিভাগে দায়িত্ব পালন করেন। তিনি 'আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লাইব্রেরি' ও 'ইংলিশ মিডিয়াম মাদ্‌রাসা' প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এবং 'লাইব্রেরির ইনচার্জ' ও 'মাদ্‌রাসার প্রিন্সিপাল' হিসেবে দায়িত্ব পালন করেন।

২০০০ সালে তিনি আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক শরীয়াহ্ কাউন্সিলের 'সদস্য সচিব' হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। পরবর্তী বছর বাংলাদেশের ইসলামী ব্যাংকসমূহের সমন্বয়ে 'সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড ফর ইসলামিক ব্যাংকস্ অব বাংলাদেশ' গঠিত হলে তিনি এর 'ডেপুটি সেক্রেটারি জেনারেল' নিযুক্ত হন। এ সময়কালে তিনি বাংলাদেশের ইসলামী ব্যাংকিং-এর সাথে জড়িত নির্বাহী কর্মকর্তা ও কর্মচারীদেরকে ইসলামী ব্যাংকিং বিষয়ে পারদর্শী করে গড়ে তুলতে অনেক প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা করেন এবং সেসব কোর্সের কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন। সেইসাথে বাংলাদেশের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পাঠদানরত ইসলামিক স্টাডিজ বিষয়ের শিক্ষক এবং বিভিন্ন মসজিদের খতিব ও ইমাম সাহেবদের জন্য পৃথক পৃথকভাবে ইসলামী ব্যাংকিং বিষয়ক প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা গ্রহণ করেন।

জনাব মুখলেছুর রহমান পাকিস্তান সুপ্রিম কোর্টের শারী'আহ্ অ্যাপিলেট ডিভিশনের সাবেক বিচারপতি আল্লামা তাক্বী উসমানীর আমন্ত্রণে ২০০২ সালে দারুল উলূম করাচীতে অনুষ্ঠিত ইসলামিক ইন্স্যুরেন্স বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্সে এবং ২০০৩ ঈসায়ী সালের অক্টোবরে বাহরাইনের মানামায় AAOIFI কর্তৃক আয়োজিত ৩য় আন্তর্জাতিক শারী'আহ্ বোর্ড কনফারেন্সে অংশগ্রহণ করেন।

তিনি 'ইসলামিক ব্যাংকস্ সেন্ট্রাল শরীয়াহ্ বোর্ড জার্নাল'-এর সম্পাদক। এছাড়া তিনি দীর্ঘদিন ধরে তা'লীমুল উম্মাহ ফাউন্ডেশন, ঢাকা, শরীয়াহ্ ফাউন্ডেশন, ঢাকা ও দি পাইওনিয়ার, ঢাকা-এর সেক্রেটারি জেনারেলের দায়িত্ব পালন করে আসছেন। ❑

*গ্রন্থনা ঃ মুহম্মদ মুনীরুল হক*

www.pathagar.com

# Shari'ah Board in Islamic Banks and Financial Institutions

*Md. Mukhlesur Rahman*

## الهيئة الشرعية في البنوك والمؤسسات المالية الإسلامية

محمد مخلص الرحمن

***Publised by***

Central Shariah Board for Islamic Banks of Bangladesh

(880 2) 7161693 (880 2) 7161761 csbib@bdcom.com www.centralshariahboard.org

ISBN 984-32-1549-4